TAPATI DUTTA
Assistant Professor
Dept of Bengali

Chapter in Edited Book

1. Entitled “Paribartita Mulyabodher Poriprekshite Bangla Upanyaser Nari: Ekti Sanskshipta Parjalochana” in a book namely ‘Bodhak’ A Multilingual book of research, published by R.G. Baruah College, 2024, ISBN-978-93-95606-87-5

2. Published a research article entitled “Sukumar Rayer ‘Abul Tabul’: Ekti Bishlesanatmak Alocana” in a book namely ‘Shishusahityer Satkahan’, published by Pari publication in 25th December, 2024. ISBN- 978-81-978525-6-5 ; pp: 72-87

3. Entitled “Nabanita Debsener Rupkatha Samagra: Naritwer Ek Vinna Swar” in a book namely ‘Reframing womanhood: Discourses, Identities & Resistance), edited by Kabita Bhuyan & Jini Rani Boro, published by Global Publishing House, 20226. ISBN- 978-93-47586-30-9; pp: 266-279

Article in Research Journal

1. Published a research article entitled “Joya Goyalar Chotagalpa: Shramjibi Manuser Jibangatha” in ‘Paitha’, a Socio-Cultural and Literary Peer-Reviewed Research Journal), Fifteenth year, November, 2025, ISSN No- 2277-8942

2. Translate a Assamese story written by Rabin Sharma, entitled “Noibedya” in ‘Nainth Kalam’(19) (Asamiya Galpa), a Journal of Objective Thoughts, vol-XXIII, ISSUE-XIX, in January-2024, ISSN No-2229-6778

3. Published a research article entitled “Sonar Sirir Upakatha: Lokakathar Khanda Chitra” in 'Aruan’, a double-blinded Peer-Reviewed Research Journal of Humanities), Volume-XXII, November, July-2024, ISSN No- 2278-8026

Paper presented in International & National Seminar

1.Presented a paper entitled \" Khasi Lokabiswas Aru Sanskar: Anjali Lahirir Upanyasar Prekshapatat\" in the two days National Seminar in “Oral Tradition & Indigenous Narratives of Northeast India: Praserving a Litterary Heritage” held on 16th & 17th October, 2025 at RG Baruah College. Organized by the Assamese Department, RG Baruah College in collaboration with Publication Board Assam & IQAC, RG Baruah College., 2025

2.Presented a paper entitled “Narir Kshamatayan O Joya Goyalar Chotagalpa: Ekti Bishlesanatmak Alocana.” in the two days National Seminar in “Bridge Gaps: Human Rights & Gender Empowerment in North East India” held on 27th & 28th March, 2025 at RG Baruah College. Organized by IQAC, RG Baruah College in collaboration with Saarathi, 2025

Short Term Programme

Completed NEP Orientation & Sensitization Programme under MMTTP of UGC organised by MMTTC of Gauhati University from 19-28/2/2024, 2024

The term '*Bodhak*', rooted in Sanskrit, signifies "one who awakens or enlightens." This concept is at the heart of the volume's purpose: to foster intellectual enlightenment through cross-disciplinary engagement. The collection of research articles from diverse fields aims to break down the silos that often separate academic inquiry, creating space for a more holistic and interconnected understanding. In the modern world, where the complexities of global challenges often demand insights from multiple domains, the multidisciplinary approach of Bodhak is both timely and essential. By embracing a multidisciplinary perspective, the volume encourages readers to think critically about how knowledge in one field can enrich our understanding of others. This book will be of immense help to the prospective students, policy makers, scholars and researchers.



Dr. Pranjit Kumar Nath (M. Com, M.A., L.L.B., Ph.D, PGDCA)
Principal, R. G. Baruah College, Fatasil Ambari, Guwahati, Assam



Dr. Malabika Sarma (M.A., PhD)
Associate professor & Head, Dept. of Hindi



Dr. Joyanta Deka (M.A., B.Ed., PhD)
Assistant professor, Dept. of Assamese
R. G. Baruah College, Fatasil Ambari, Guwahati, Assam
R. G. Baruah College, Fatasil Ambari, Guwahati, Assam



Dr. Ashifuddin Ahmed Saikia (M. Com, PhD, JAIIB)
Assistant professor, Dept. of Accountancy
R. G. Baruah College, Fatasil Ambari, Guwahati, Assam

GLOBAL PUBLISHING HOUSE (INDIA)
• Bhubaneswar • Guwahati • Hyderabad
• New Delhi • Visakhapatnam

Price : ₹ 1395.00
ISBN: 978-93-95606-87-5

BODHAK Multidisciplinary Perspectives
A Multilingual Book of Research
Dr. Pranjit Kumar Nath
Dr. Malabika Sarma
Dr. Joyanta Deka
Dr. Ashifuddin Ahmed Saikia

BODHAK

Multidisciplinary Perspectives

A Multilingual Book of Research

Edited by
Dr. Pranjit Kumar Nath
Dr. Malabika Sarma
Dr. Joyanta Deka
Dr. Ashifuddin Ahmed Saikia

Scanned with OKEN Scanner

Bodhak: Multidisciplinary Perspectives

Editorial Board

Editors
Dr. Pranjit Kumar Nath, Dr. Malabika Sarma, Dr. Joyanta Deka and Dr. Ashifuddin Ahmed Saikia

Members
Dr. Utpal Kalita
Dr. Karabi Kakati
Archana Borah

Copyright © 2024, R.G.Baruah College, Guwahati, Assam, India

Offices
Bhubaneshwar, Guwahati, Hyderabad, New Delhi, Visakhapatnam

All rights reserved. No part of this book or parts thereof may be reproduced stored in a retrieval system or transmitted in any language or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise without the prior written permission of the copyright owners and the publishers.

The responsibility for the facts stated, opinion expressed, conclusions reached etc. is entirely that of the author. The editors and the publisher accept no responsibility for them.

ISBN: 978-93-95606-87-5

An Initiative of Research and Publication Cell, R.G.Baruah College, Guwahati, Assam, India

Published by Global Publishing House India
90, Saheed Nagar, Bhubaneswar-7,Odisha
H. No.4, Bye lane-7, New Sarania, Gandhi Basti, Guwahati-3, Assam
No. 13-1-1,Vigneshwara Enclave,Anthony Nagar, Maharanipeta, Visakhapatnam-2, AP

FOREWORD

It is with great pleasure I present this compilation of multilingual Book of Research studies entitled '*Bodhak*', showcasing the invaluable contributions of Faculty members of Radha Govinda Baruah College, Guwahati, Assam. This Book encapsulates a diverse array of Research papers that reflects Socio-Economic issues faced by various communities, particularly in the Indian context.

Undertaking Research studies in Higher Education is crucial for several reasons, as it not only advances Academic knowledge but also contributes to personal, professional and Societal development. It drives innovation by generating insights, uncovering gaps in current understanding and offers evidence-based solutions to real world problems.

Higher Education Institutions are the primary engines for producing Research studies and its output often has efficacious effect on National and Global progress, which is a corner stone of intellectual, professional and Societal growth.

I express my happiness in abundance that City-based Radha Govinda Baruah college has taken a highly appreciative initiative to publish the multilingual Research- studies compilation book undertaken by Faculty members. The Research Studies featured herein not only highlights significant local challenges but also provides insightful analyses that can initiate further broader discussions on development and inclusion amongst diverse communities in the country. I congratulate the principal of the college, Research paper contributors and Editors for successfully accomplishing the assigned task and bringing the book within time framed.

Some of the Research studies conducted by the Researchers needs attention in policies framing like, 'Multidimensional poverty and Chars: A Study in Dhubri district, Assam'. This study delves into the complex layers of poverty that effects the Char areas of

Scanned with OKEN Scanner

Bodhak expands the boundaries of academic engagement, inviting readers to view knowledge not just from a global perspective, but also through the lens of local experiences and vernacular traditions.

We are deeply grateful to the reviewers whose thoughtful insights and constructive feedback have significantly enhanced the quality of this collection of research papers.

Our gratitude also goes to the contributors whose hard work and innovative ideas form the backbone of this publication. Their commitment to advancing knowledge in their respective fields is truly inspiring, and it has been a privilege to showcase their work in this collection. It is important to note that the views, interpretations, and findings presented in these research papers are solely the responsibility of the respective authors. While every effort has been made to ensure the integrity and quality of this publication, the opinions expressed do not necessarily reflect those of the editorial team, reviewers, or publishers.

Finally, we would also like to extend our heartfelt thanks to the publishing team for their unwavering support throughout this process. Their expertise in editing, formatting, and ensuring the timely dissemination of these works has been instrumental in bringing this publication to fruition.

We hope this volume serves not only as a scholarly resource but also as an inspiration for further interdisciplinary dialogue and collaboration across fields and languages.

Editors

Contents

- অতি সাম্প্রতিক অসমীয়া কবিতাত নগৰ অভিব্যক্তি
  — ড° জয়ন্ত ডেকা 11
- বাণীকান্ত কাকতিৰ সমালোচনা সাহিত্য
  — জ্যোতিশিখা বড়ো 21
- পরিবর্তিত মূল্যবোধের পরিপ্রেক্ষিতে বাংলা উপন্যাসের নারী ঃ একটি সংক্ষিপ্ত পর্যালোচনা
  — তপতী দত্ত 27
- **Multidimensional Poverty and Chars: A Study in Dhubri district of Assam**
  — Debasmita Deka, Dr. Anjan Bhuyan 41
- **A Study on Tourism Industry to make India an Atmanirbhar Bharat**
  — Dipankar Basak 60
- **Financial Literacy: An Essential Tool for Financial Inclusion of Self-Employed Women in Small Businesses**
  — Dr. Esha Chetri 77
- **Navigating the Wave: Understanding the Global Population Explosion**
  — Gitangshu Deva Sarma 89
- **Co-creating a New Service: Insights and Implications**
  — Jinty Dutta, Dr. Chandan Goswami 105
- **Determinants of Capital Requirements of Micro Enterprises: A Study in Badarpur Town, Assam**
  — Jubyir Ahmed 117
- **Bell Metal Industry in Assam: Problems and prospects for rural development**
  — Lipi Bhuyan, Dr. Kasturi Saikia 127

Scanned with OKEN Scanner

সহায়ক গ্রন্থপঞ্জী ঃ

১। বাণীকান্ত বচনাবলী ঃ মহেশ্বব নেওগ (সম্পা.) অসম প্রকাশন পবিষদ, তৃতীয় প্রকাশ- ২০০০)

২। বাণীকান্ত কাকতি প্রসংগ ঃ ভবেন বৰুৱা

৩। অসমীয়া সাহিত্যব সমীক্ষাত্মক ইতিবৃত্ত ঃ সত্যেন্দ্রনাথ শর্মা

৪। বাণীকান্ত চয়নিকা ঃ মহেশ্বব নেওগ (সম্পা.) সাহিত্য অকাডেমী, সপ্তম মুদ্রণ, ১৯৯৮

৫। কলিতা জাতিব ইতিবৃত্ত ঃ বাণীকান্ত কাকতি, ১৯৯৪

৬। Assamese It's Formation and Development - Banikanta Kakati, (G. Ch. Goswami, Ed. 1995)

৭। বাণীকান্ত কাকতি (জন্ম শতবার্ষিকীব শ্রদ্ধাঞ্জলি) শৈলেন ভৰালী (সম্পা.), প্রকাশন বিভাগ, গুৱাহাটী বিশ্ববিদ্যালয়

৮। স্নাতকোত্তব মহলা আলোচনী, গুৱাহাটী বিশ্ববিদ্যালয়, ৫৬ সাংখ্যক সাংখ্যা।

পরিবর্তিত মূল্যবোধের পরিপ্রেক্ষিতে বাংলা উপন্যাসের নারী ঃ একটি সংক্ষিপ্ত পর্যালোচনা

তপতী দত্ত

সারাংশ

মানবিক মূল্যবোধ হল মানবচরিত্রের ভূষণ, মানুষের ব্যক্তিত্বের মূল। পশুর সঙ্গে মানুষের প্রধান পার্থক্য হলো মানুষ সামাজিক জীব। তার মধ্যে নিহিত আছে শুভচিন্তা, সৌজন্য, শিষ্টাচার আদি বোধ সমূহ। সত্য, সততা, আনুগত্য, ভালবাসা, শান্তি আদি মানুষের অন্তর্নিহিত মৌলিক মূল্যবোধ হিসেবে বিবেচিত হয়। কারণ তারা মানুষ ও সমাজের মৌলিক মঙ্গলকে সার্থকতর করে তোলে। তবে সময়ের সঙ্গে সঙ্গে মানুষের এই মূল্যবোধগুলিরও পরিবর্তন ঘটে। আজকের থেকে ৫০০ বছর আগে যেই মূল্যবোধগুলি ছিল অতি সাধারণ পালনীয়, আজ যন্ত্রসভ্যতার অগ্রগতির ফলে জীবনের গতিও পাল্টে যাওযায় তা অর রক্ষিত হচ্ছে না। তবে বিশ্ব-সমাজকে মানুষের বসবাসের উপযুক্ত করে রাখার জন্য, মানব সভ্যতাকে বাঁচিয়ে রাখার জন্য কিন্তু কিছু কিছু মূল্যকেধকে বাঁচিয়ে রাখতেই হবে। যার মধ্যে রায়ছে শিষ্টাচার, কৃতজ্ঞতা, শুভচিন্তা, সহমর্মিতা আদি। কিন্তু এই একবিংশ শতকে দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি মানুষ শিক্ষা-দীক্ষা, সাজ-পোশাক, আহার-বিহার আদি জীবন চর্যার নানা উপপকরণে অতি সম্বৃদ্ধ হয়ে উঠলেও, মানুষের মধ্যে এই অতি প্রয়োজনীয় মানবিক মূল্যবোধগুলির অবক্ষয় ঘটতে শুরু করেছে। মানুষ আবার হয়ে উঠতে শুরু করেছে অতিমাত্রায় স্বার্থপর, ব্যক্তি কেন্দ্রিক।

এখানে এই মূল্যবোধের পরিবর্তন এবং বাঙালি তথা ভারতীয় জীবনের মূল্যবোধের সংকটের নিরিখে বাংলা উপন্যাসকে বিচার করার একটি প্রয়াস করা হয়েছে।

মূল্যবোধ কথাটি আমাদের দেশে আদৌ নতুন নয়। ভারতবর্ষের প্রাচীন শিক্ষাব্যবস্থায় মূল্যবোধের ওপর অত্যন্ত গুরুত্ব আরোপ করা হয়েছিল। ব্যক্তিজীবন ও সমাজজীবনকে সর্বাঙ্গ সুন্দর করে গড়ে তুলতে মূল্যবোধের ভূমিকা অনস্বীকার্য।

Scanned with OKEN Scanner

মূল্যবোধের মূল্য বা value শব্দটির দ্বারা মানুষের অন্তর্নিহিত নৈতিক গুণ, বিশেষত্ব, যোগ্যতা, চারিত্রিক বৈশিষ্ট্য ইত্যাদিকে বোঝায়। সামাজিকভাবে সমর্থিত যেসব আচরণ, কর্ম বা বিষয়কে গুরুত্ব ও সম্মানের সঙ্গে মানুষ আয়ত্ব করে সেই আচরণ বা কর্মগুলোকে মূল্যবোধ বলা হয়। জীবনের লক্ষ্য পূরণের স্বার্থে একজন ব্যক্তির মনে কিছু বিশ্বাস বা ধারণার জন্ম হয়। এই বিশ্বাস এবং ধারণার ওপর ভিত্তি করেই গড় ওঠে মূল্যবোধ। মূল্যবোধ কোনো জন্মগত গুণ নয়। একটি শিশু প্রথমে পরিবার এবং পরে বিদ্যালয় ও অন্যান্য সামাজিক পরিবেশ থেকে জীবনের প্রয়োজনীয় মূল্য আহরণ করে। তাই সময় ও সমাজের পরিবর্তনের সঙ্গে সঙ্গে মূল্যবোধেরও পরিবর্তন সাধন ঘটে। তবে সত্য, নিষ্ঠা, অহিংসা, মৈত্রী, করুণা, প্রেম, সেবা, ত্যাগ ইত্যাদি গুণগুলিকে সর্বজনীন তথা বিশ্বজনীন বলে গ্রহণ করা যায়।

এই মূল্যবোধগুলিকে আমরা কয়েকটি শ্রেণিতে বিভক্ত করে নিতে পারি। যেমন—

১) সামাজিক মূল্যবোধ বা Social values, ২) নৈতিক মূল্যবোধ বা Moral values, ৩) আবেগিক মূল্যবোধ বা Emotional values, ৪) আধ্যাত্মিক মূল্যবোধ বা Spiritual values, ৫) নন্দনতাত্ত্বিক মূল্যবোধ বা Aesthetic values, ৬) রাষ্ট্রীয় মূল্যবোধ।

মূল্যবোধগুলোকে পৃথক পৃথক করে নামকরণ করা হলেও, আসলে কিন্তু সবই মানবিক মূল্যবোধের পর্যায়ভুক্ত। এই মূল্যবোধ মানব সমাজের মূল্যবোধ। মানব সভ্যতার ক্রমবিকাশের সঙ্গে সঙ্গে এই মূল্যবোধগুলোরও পরিবর্তন ঘটেছে। একথা স্বীকার করেই নিতে হয় যে, সমাজের অগ্রগতির সঙ্গে সঙ্গে একমাত্র রাষ্ট্রিক মূল্যবোধের বিকাশ সাধন ঘটা ছাড়া অন্যান্য মূল্যবোধগুলির যেন কিছুটা অবনতিই ঘটেছে। তবে, মূল্যবোধ সম্পর্কে এই উন্নতি-অবনতির আলোচনাটা অত্যন্ত বিতর্কিত। কারণ আমরা আগেই উল্লেখ করেছি যে ব্যক্তি বিশেষে এই মূল্যবোধের অনুভূতিটি স্বতন্ত্র হয়ে থাকে।

আমাদের ভারতীয় তথা বাঙালির জীবণে এই যে মূল্যবোধের সংকট, এই পরিবর্তমান মূল্যবোধের পরিপ্রেক্ষিতে বাংলা উপন্যাসকে বিচার করে দেখতে হলে প্রথমেই অনুসন্ধান করতে হয়, আমাদের আধুনিক সমাজজীবনে মূল্যবোধের পরিবর্তনের সূত্রপাত মূলত কোথা থেকে। তার উৎস সন্ধান করতে গেলে আমাদের ফিরে দেখাত হয় একটু পেছনের দিকে। আধুনিক ভারত, তথা, বাংলার অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনের প্রেক্ষাপটে সর্বাপেক্ষা তাৎপর্যপূর্ণ ঘটনা হল প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং ভারতের স্বাধীনতা আন্দোলন, ভারত বিভাজন ও স্বাধীনতা লাভ। ১৯১৪ থেকে ১৯৪৭ এই সময়টা ছিল মূলত ভাঙনের কাল।

এই কালের মূল্যায়ন করেছেন ড. গোপিকানাথ রায়চৌধুরী এইভাবে ঃ

> এ এক আশ্চর্য কাল। একদিকে হতা হতাশা-অবিশ্বাস-অনিশ্চয়তা বাঙালি যুব-চিত্তকে ক্রমশ ঘিরে ধরেছে। অন্যদিকে সব কিছুকে অস্বীকার করে এক নতুন মূল্যবোধে জীবন গড়ে তোলার তীব্র পিপাসা তাকে উচ্চকিত করেছে। উনিশ শতকের সুস্থির প্রতিষ্ঠিত মূল্যবোধগুলি বিশ শতকের প্রথম দিকে একটা বড় আঘাতে তীব্রভাবে নাড়া খাবার ফলে আবার নতুন করে সেগুলি সম্পর্কে সচেতনতা এল, এলপঁতন দেশ ও কালের পরিস্থিতিতে তাদের উপযোগীতা ও তাৎপর্য পঁতন করে বিচার-বিবেচনার অবকাশ। (ডঃ গোপিকানাথ রায়চৌধুরী, ২০০০, পৃষ্ঠা-৮৭)

অর্থাৎ এক কথায় বলা যেতে পারে 'Transvaluation of values.'

প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে বাংলার সমাজজীবনে যে ভাঙন দেখা দিয়েছিল, তা বাঙালির মানবীয় সত্তায়ও বিপর্যয় ডেকে আনল। একদিকে সামাজিক বন্ধনের আগল গেল ঘুচে, অন্যদিকে হৃদয়ের সুকোমলানুভূতি, জীবনের মহৎ মূল্যবোধ, শ্রেষ্ঠতম আদর্শ থেকে স্খলন ঘটল বাঙালির ঃ

> আদর্শের উচ্চকোটি থেকে জীবনদৃষ্টির এই স্খলনই হল আধুনিক যুগের সবচেয়ে বড় অভিশাপ। (ডঃ রামেশ্বর শ', ২০০৮, পৃষ্ঠা-৭১)

ঊনবিংশ শতাব্দীর সমাপ্তি ও বিংশ শতাব্দীর প্রারম্ভে বাঙালির সমাজজীবনে যে তাৎপর্যপূর্ণ দুই পরিবর্তন সাধন ঘটল, তা হল বর্ণভেদ প্রথার এবং একান্নবর্তী পরিবারের ভাঙন। ব্রিটিশের দ্বারা প্রতিষ্ঠিত আইন-আদালত সমাজের উচ্চবর্ণের হাত থেকে বিচার ক্ষমতা কেড়ে নেওয়ায় সমাজের উচ্চবর্ণের কর্তাদের সম্পর্কে সাধারণের ভয় ও শ্রদ্ধা কমে যায়। অপরদিকে যন্ত্র সভ্যতা, শিল্প ও বাণিজ্যের বিস্তার লাভের ফলে ব্যক্তি তার জাতিগত বৃত্তি ত্যাগ করে চাকরি ও ব্যবসার মাধ্যমে নানা ক্ষেত্রে আত্মপ্রতিষ্ঠা লাভ করে। এতে জাতিগত ভিত্তিতে বৃত্তি বিভাগ অনেকটাই অন্তঃসারশূন্য প্রমাণিত হয়। বিশ শতকের দ্বিতীয়-তৃতীয় দশক থেকে নিম্নবর্ণের মানুষ চাকরি ও ব্যবসা করে ধনী হয়ে ওঠে, পুরোহিত ও ব্রাহ্মণ পণ্ডিতের পেশা লাভহীন হওয়ায় তাদের মধ্যে দারিদ্র্য দেখা দেয়। তখন স্বাভাবিক ভাবেই নিম্নবর্ণের ধনী ব্যক্তিরা প্রতিপত্তি ও সম্মান লাভ করল।

এদিকে বিদেশি প্রভাবে বাংলাদেশে একান্নবর্তী প্রথার ছোট ছোট মূল্যবোধ ও সমাজবিধিও ভাঙতে আরম্ভ করে। ইতিপূর্বে বাঙালিসমাজে পারিবারিক বৃত্তির

Scanned with OKEN Scanner

প্রচলন ছিল। এই সমস্ত বৃত্তির প্রকৃতি এমন ছিল যে, সেগুলি পরিচালনার জন্য মানুষকে একান্নবর্তী পরিবারের বহু সদস্য বিশিষ্ট এককে ঐক্যবদ্ধভাবে বসবাসের প্রয়োজন ছিল। বিশেষত তখনকার দিনে কৃষি ও কুটির শিল্পগুলির কাজে পরিবারের সকলের প্রয়োজন ও ভূমিকা ছিল নির্দিষ্ট। নতুন ব্যবস্থায় ব্যক্তি জাতি নির্দিষ্ট পেশা ছেড়ে নতুন নতুন পেশা বেছে নিল, যেখানে পরিবারের ঐক্যবদ্ধ হয়ে থাকার আর প্রযোজনীয়তা রইল না। ফলে একান্নবর্তী পরিবারগুলি ভেঙে যেতে লাগল। তবে এই একান্নবর্তী পরিবারে ভাঙন ধরার সবচেয়ে বলিষ্ঠ কারণ দুটি হল, শিল্পায়ন ও নগরমুখিনতা। পরিবারের বিভিন্ন সদস্য নানা কাজে নানা স্থানে ছড়িয়ে পড়ায় পরিবারগুলো ভাঙতে আরম্ভ করে। তা ছাড়া যেখানে কোনোক্রমে একান্নবর্তী পরিবার বজায় থাকে, সেখানেও দেখা যায়, চাকরি নির্ভর জীবনধারায় প্রত্যেক সদস্যের আয় পৃথক পৃথক হওয়ায়, একজনের আয় অন্যজনের চেয়ে বেশি হলে স্বার্থচিন্তা মাথাচাড়া দিয়ে ওঠে পারিবারিক বিবাদ বাড়িয়ে তোলে। ব্যক্তির স্বার্থচেতনা প্রখর হয়ে ওঠায়, তারা পরিবারের অবান্তর সদস্যের দায়িত্ব বহন করতে অনিচ্ছুক হয়ে ওঠে। প্রয়োজনের অতিরিক্ত সামাজিক সম্পর্কগুলো থেকে পরিবারগুলো নিজেদের বিচ্ছিন্ন করে নেয়। আগেকার দিনে একটি শিশু মূলত পরিবারে থেকে গুরুজনদের কাছ থেকে নানা বিষয়ে শিক্ষার্জন করত। ফলে পরিবারের সঙ্গে সন্তানদের যোগ থাকত। কিন্তু বর্তমানে প্রয়োজনীয় পেশাদারী শিক্ষার ক্ষেত্রে যে বিশেষ শিক্ষার দরকার, তা পরিবারে হবার নয়। তাই ছেলে-মেয়েদের এখন পরিবার থেকে দূরে গিয়ে বিশেষ বিশেষ শিক্ষাক্ষেত্রে যোগ দিতে হয়। শুধু শিক্ষাই নয়, কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে অতি শৈশব কাল থেকে এক-একটি শিশুর সর্ববিধ দায়িত্বও গ্রহণ করা হয়। সে ক্ষেত্রে মা-বাবা টাকা দিয়েই খালাস। এইভাবে বড় হওয়া শিশুরা স্বাভাবিক ভাবেই পরিবারের প্রতি কোনো আত্মিক টান অনুভব করে না। আবার অনেক ক্ষেত্রে মা-বাবারও সন্তানের প্রতি মমতাবোধ পূর্বের তুলনায় অনেক কমে এসেছে। আমাদের সমাজে সবচেয়ে সম্মানিত সম্পর্ক হল সন্তানের প্রতি পিতা-মাতার স্নেহের সম্পর্ক। বিশেষত সন্তানের প্রতি মায়ের ভালোবাসাকে আমরা 'absolute' মনে করে থাকি। কিন্তু আধুনিক যুগে এই পরম পবিত্র নিঃস্বার্থ ভালোবাসাও অর্থনৈতিক দুরবস্থার জন্য স্বার্থকেন্দ্রিক ও পক্ষপাতপূর্ণ হয়ে আসছে। তা ছাড়া এরকম ক্ষেত্রে অনেক সময়ই পিতা-মাতা সন্তানের ওপর নিয়ন্ত্রণ হারাচ্ছেন।

আধ্যাত্মিক মূল্যবোধের অবনতির ফলে পারিবারিক মূল্যবোধগুলি যে কীভাবে তার গুরুত্ব হারাচ্ছে, সে সম্পর্কে বলতে গিয়ে ড. রামেশ্বর শ' বলেছেন ঃ

> পিতা-মাতার প্রতি সন্তানের শ্রদ্ধা ও কর্তব্যবোধ, স্বামী-স্ত্রীর সম্পর্কের পবিত্রতা ও সনাতনত্ব প্রভৃতি আধ্যাত্মিক

> মূল্যবোধের ওপর প্রতিষ্ঠিত ছিল। আধুনিক যুগে ধর্ম প্রায় নিঃশেষিত হওয়ায় এইসব সামাজিক-পারিবারিক বোধগুলি অন্তঃসারশূন্য হয়ে পড়েছে। আধুনিক কালে ছেলে-মেয়েদের শিক্ষালাভ করে চাকরি পেয়ে বিবাহযোগ্য হয়ে উঠতে অনেকটা সময়ের প্রয়োজন। কিন্তু ব্যক্তির দৈহিক সত্তার বৈবাহিক যোগ্যতা ও প্রাকৃতিক দাবি ততদিন অপেক্ষা করতে পারে না। ফলে অবিবাহিতদের মধ্যে প্রণয় ও কোনো কোনো ক্ষেত্রে অবৈধ সম্পর্কও গড়ে ওঠে। এই জিনিসগুলি আমাদের সমাজ ব্যবস্থায় বিপর্যয় আনে এবং পরিবারের পবিত্রতা নষ্ট করে। একদিকে পারিবারিক প্রীতি বন্ধনের নিবিড় আলিঙ্গন ও আন্তরিকতা থেকে বঞ্চিত হওয়ায় ব্যক্তি হৃদয়ের তৃষ্ণা বেড়ে যায়; অপরদিকে নগরজীবন মেলে ধরে এই তৃষ্ণা নিবারণের সহজ উপায়, স্বেচ্ছা বিহারের অবাধ সুযোগ। ফলে এই তৃষ্ণা অবৈধ পথে বিকৃত পরিতৃপ্তি লাভ করতে চেষ্টা করে। দরিদ্র, শিক্ষিত ও অর্ধশিক্ষিত মেয়েদের মধ্যে প্রচ্ছন্ন পতিতাবৃত্তি প্রসার লাভ করে। আধুনিক যুগে অপ্রচ্ছন্ন পতিতাবৃত্তিও অতি দ্রুত বিস্তার লাভ করেছে। (ডঃ রামেশ্বর শ', ২০০৮, পৃষ্ঠা -৭৭)

স্ত্রী-শিক্ষার বিস্তার ঘটায় ও নতুন নতুন সব চাকরির সুযোগ হওয়ায় এক কালের অবগুণ্ঠিতা লজ্জাশীলা বাঙালি নারীসমাজের এক বৃহৎ অংশ আজ বাইরে কর্মক্ষেত্রে বেরিয়ে এসেছে। এতে একদিকে যেমন নারী পরনির্ভরশীলতা কাটিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়ে উঠেছে, তেমনি সমাজে নারীর স্বাধীন মেলামেশার সুযোগও বেড়েছে। ফলে তার জীবনে এখন সৃষ্টি হয়েছে নতুন সব সমস্যা। স্বামী নির্বাচনের স্বাধীন ইচ্ছা তো তাদের মধ্যে দেখা দিয়েছেই, তা ছাড়া বিবাহিত নারী অন্য পুরুষের বা একাধিক পুরুষের সংসর্গে আসায় অনেক সময় বিভিন্ন পুরুষের বিচিত্র ব্যক্তিত্ব সম্পর্কে তাদের মনে মোহ দেখা দিচ্ছে। পুরুষের ক্ষেত্রেও দেখা যাচ্ছে অনুরূপ সমস্যা। অন্যদিকে সমাজ থেকে ধর্মীয় বোধ বিদায় গ্রহণ করায় আমাদের ভারতীয় সমাজে স্বামী- স্ত্রীর সম্পর্কের মধ্যে যে পবিত্রতা ও সনাতনত্ব ছিল, তাও ক্রমশ বিনষ্টির পথে অগ্রসর হচ্ছে। ফলে নারী ও পুরুষের মূল্যবোধ ক্ষত-বিক্ষত হচ্ছে এবং তাদের চিত্তে নানা জটিলতা দেখা দিচ্ছে। দেখা যাচ্ছে মূল্যবোধের সংকট।

Scanned with OKEN Scanner

বাংলা সাহিত্যে উপন্যাস তুলনামূলকভাবে অনেক পরবর্তী কালের সংযোজন। 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫) উপন্যাসটি রচনার মাধ্যমে যে বাংলা উপন্যাসের সূচনা হয়েছিল, সেই বাংলা উপন্যাস যেন তার জন্মলগ্ন থেকেই সমসাময়িক সময়ের থেকে অনেকটা এগিয়ে। আমরা ইতিপূর্বে আলোচনা প্রসঙ্গে দেখিয়েছি যে, প্রথম বিশ্বযুদ্ধের পর থেকে কীভাবে বাঙালি জাতির প্রাচীন মূল্যবোধের পরিবর্তন ঘটেছে। কিন্তু বাংলা উপন্যাসে আমরা দেখি, প্রথম যুগ থেকেই, সেই প্রাচীন মূল্যবোধগুলি থেকে যে ব্যক্তি-বিশেষ বাইরে বেরিয়ে আসতে আরম্ভ করেছিল, সেই পরিবর্তনের সূত্রধরগণই বাংলা কথাসাহিত্যের নায়ক-নায়িকার আসনে অধিষ্ঠিত হয়েছে। উদাহরণ স্বরূপে বলা যায়, বাংলা কাব্য-কবিতায় অবগুণ্ঠিতা-লজ্জাশীলা-গৃহকর্মনিপুণা-সতীনারীর যত উদাহরণই থাকুক না কেন, বাংলা উপন্যাসের জগতে কিন্তু তেমনটি প্রায় নেই বললেই চলে। এর বিপরীতে বাংলা উপন্যাসের প্রথম যুগেই আমরা নায়ক-নায়িকা হিসেবে পাই কুন্দনন্দিনী ও নগেন্দ্রনাথ (বিষবৃক্ষ, ১৮৭৩), রোহিণী ও গোবিন্দলালের (কৃষ্ণকান্তের উইল, ১৮৭৮) মতো দ্বান্দ্বিক চরিত্রকে। স্ত্রীর প্রতি স্বামীর একনিষ্ঠতা হীনতা ও বৈধব্য জীবনের পবিত্রতা নষ্ট হওয়ার চিত্র আমরা এখানে দেখতে পাই। অবশ্য বহুবিবাহের প্রচলন থাকা এবং বালবিধবায় পরিপূর্ণ হয়ে ওঠা তৎকালীন সে সমাজে বৈধব্যের পবিত্রতা রক্ষা এবং স্বামীর স্ত্রীর প্রতি একনিষ্ঠতা খুঁজতে যাওয়াটাই বোধহয় অনুচিত।

তবে বঙ্কিমচন্দ্র কিন্তু এই মূল্যবোধের পরিবর্তনের মূলে যে সময়েরও একটা বিরাট বড় ভূমিকা রয়েছে, সে ইঙ্গিতই দিয়েছেন অতি সূক্ষ্মভাবে 'কৃষ্ণকান্তের উইল'-এর রোহিণী চরিত্র বর্ণনায়। রোহিণীকে উপন্যাসের শেষ স্তরে একজন অতি 'সাধারণ রক্ষিতা'র পর্যায়ে নামিয়ে আনা হলেও প্রারম্ভে কিন্তু দেখি ভিন্নরূপে। বালবিধবা রূপসী রোহিণী নিজ রূপ, গুণ ও যোগ্যতা সম্পর্কে পূর্ণ সচেতন। আর সেই সঙ্গেই ভাগ্যের বঞ্চনায় বিক্ষুব্ধ। তাকে বলতে শুনি:

> যাহারা এ জীবনের সকল সুখে সুখী- মনে কর, ঐ গোবিন্দলাল বাবুর স্ত্রী- তাহারা আমার অপেক্ষা কোনড় গুণে গুণবর্তী- কোনড় পুণ্যফলে তাহাদের কপালে এ সুখ, আমার কপাল শূন্য? (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ২০০৮, পৃষ্ঠা -৪৬৩)

এই বৈষম্যের জন্য রোহিণীর অন্তরে যে বিক্ষোভ, এর কিঞ্চিৎ প্রকাশ হত তার ঈষৎ প্রগলভ আচরণে, বৈধব্যের নীতি-নিয়মের কাছে সম্পূর্ণ আত্মসমর্পণের অনিচ্ছায়। এতটুকুই ছিল তার অসহায় বিদ্রোহ। তবে তার অন্তরে জমে ওঠা এই বিরূপতা তার গতানুগতিক বৈধব্যের জীবনে তেমন কোনো প্রভাব ফেলতে পারে

না। কিন্তু হরলাল যখন তাকে 'বিধবা বিবাহ আইনে'র (১৮৫৬) কথা বলে লোভ দেখাল, তখনই, মুহূর্তে তার মনে এক ব্যাপক পরিবর্তন ঘটে যায়। বিধবা বিবাহের কথা হরলাল যে উদ্দেশ্যেই বলুক না-কেন রোহিণীর কাছে সে-কথার আগল ঠেলে নতুন সময় ও নতুন মূল্যবোধ একটা ব্যক্তিগত রূপ নিয়ে ধরা দেয় (ক্ষেত্র গুপ্ত, ২০১৩, পৃষ্ঠা-২০৫)। এই নতুন জীবন পথের সন্ধান রোহিণীর বঞ্চিত জীবনের তৃষ্ণাকে বাড়িয়ে তোলে। অন্তরের লুকনো বাসনা নিজের কাছে সুস্পষ্টভাবে প্রকাশ পায়; সেইসঙ্গেই এই বাসনা যে মিটার নয় তা নিশ্চিত বুঝতে পেরে সে নদীর ঘাটে কান্নায় ভেঙে পড়ে। কিন্তু তারপরই গেবিন্দলালের কাছ থেকে স্নেহের সামান্য স্পর্শ পেয়েই সে আবার নতুন আশায় বুক বাঁধে। অসম্ভব জেনেও, অচরিতার্থ প্রাপ্তির জন্য যে-কোনো মূল্য দিতে প্রস্তুত হয়। ভোগ-বাসনায় পূর্ণ পৃথিবীর অধিকার পেতে যে-কোনো কিছু করতে তার আর নৈতিকতায় বাধে না। আর তখনই সে নেমে যায় স্খলনের পথে।

এই উপন্যাসেরই আরেক চরিত্র গোবিন্দলালের স্ত্রী ভ্রমরের মধ্যেও আমরা দেখতে পাই আধুনিক কালের পরিবর্তিত মূল্যবোধের রেখাপাত। হিন্দু-কুলবধূর চিরন্তন সংস্কার থেকে বাইরে বেরিয়ে এসেছে সে। সতীত্বের গর্বে গর্বিতা ভ্রমর পাতিব্রত্যকে আর ধর্ম বলে মানেনি। দুশ্চরিত্র স্বামীকে সে ঠিক অস্বীকার না-করলেও, ভক্তিও করেনি। যে বালিকাবধূ একসময় ছিল স্বামীপ্রেমে নিশ্চিন্তচিত্ত, স্বামীর ওপর অগাধ বিশ্বাসী, স্বামীর অনুপস্থিতিতে মেয়ে-মহলে প্রচারিত স্বামীর সম্পর্কে কুৎসা এবং শেষপর্যন্ত রোহিণীর আচরণ ও কলঙ্কের স্বীকৃতি ভ্রমরের স্বামীভক্তি ও স্বামীর প্রতি বিশ্বাসকে একেবারে ধুলিসাৎ করে দেয়। স্বামীর জন্য প্রতীক্ষা নয়, অভিমান নয়, সরাসরি বিদ্রোহ ঘোষণা করেছে সে। কৌশলে চলে গেছে বাপের বাড়ি। দুশ্চরিত্র স্বামীর প্রতি আর কোনো শ্রদ্ধাই তার মনে নেই। গোবিন্দলালের গৃহত্যাগের সংকল্প শুনে সে কাতর হলেও সংযম হারায়নি। ভ্রমরের মধ্যে নারী চরিত্রের এই যে বিশেষ দিক তা তো পরিবর্তিত মূল্যবোধেরই পরিচায়ক।

প্রাচীন মূল্যবোধের গণ্ডি মুছে নারীর বাইরে বেরিয়ে আসার পেছনে যে সমস্ত ইতিহাস ও তার ফলে নারী জীবনে নেমে আসে যে সমস্ত সমস্যা, তারই একটি আমরা দেখি 'ঘরে বাইরে' উপন্যাসে (১৯১৬)। এর কাহিনিকে রবীন্দ্রনাথ দেশ-কালের এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণের সঙ্গে যুক্ত করেছেন। নায়ক জমিদার নিখিলেশের পরিবার এক সামন্ততান্ত্রিক পরিবার, যেখানে কতক কায়দা-কানুন ছিল মোগলপাঠানের আর কতক মনুপরাশরের। নিখিলেশ কিন্তু একেবারে একেলে। রীতিমতো লেখাপড়া শিখে সে এম.এ. পাশ করেছে। দৈবজ্ঞের হাত দেখে করা কথার জোরেই নিখিলেশের পত্নীরূপে বিমলা এসে ঢুকেছে এই পরিবারে, নইলে

Scanned with OKEN Scanner

তার কোনো অধিকার ছিল না। বিয়ের পূর্ব থেকেই বিমলার মনে কাজ করছিল কিছু প্রাচীন মূল্যবোধ। তাকে বলতে শুনি ঃ

> সুন্দরী তো নই, কিন্তু মায়ের মতো যেন সতীত্বের যশ পাই, দেবতার কাছে একমনে এই বর চাইতুম। (রবীন্দ্রনাথ ঠাকুর, ১৪১৫, পৃষ্ঠা-৪৭৪)

স্বামীর প্রতি ছিল বিমলার অগাধ ভক্তি। নিখিলেশের চিঠিগুলোকে একসময় সে ফুলের পাপড়ি দিয়ে সুবাসিত ছোট বাক্সে সযত্নে তুলে রাখত, স্বামীকে সে যেভাবে ভালোবাসত তা পূজারই নামান্তর। ঘুম থেকে উঠে প্রতিদিন স্বামীকে প্রণাম করত, ইত্যাদি ইত্যাদি। প্রফুল্লিত দাম্পত্যের দিনে সে বারবার মনে করেছে, এমন রাজার ঘরে বিয়ে হওয়ার কোনো যোগ্যতাই তার নেই, কেবল তার মায়ের সতীত্বের যশ ও তার সুলক্ষণ ছাড়া। এই বোধ বিমলাকে সে যা পেয়েছে তার প্রতি শ্রদ্ধাশীল আর সতীত্ব ও সুলক্ষণার সত্যরূপের প্রতিমূর্তি হয়ে উঠতে প্রেরণা দিয়েছে। আসলে বিমলার এই শুভসংকল্প যতটা ছিল আবেগতাড়িত, ততটা যুক্তি দ্বারা পরিশীলিত নয়।

অপরদিকে বিশ শতকের উদার নৈতিক মানুষ নিখিলেশর আধুনিকতা কোনো 'ফ্যাশন' নয়, বুদ্ধি ও হৃদয় দিয়েই সে আধুনিক। আধুনিক মনস্কতার জন্যই সে বিমলার জীবনমূলে শিক্ষার প্রদীপ জ্বেলে দিতে চেয়ে বলেছিল:

> তুমি একবার বিশ্বের মাঝখানে এসে সমস্ত আপনি বুঝে নাও। এই ঘর-গড়া ফাঁকির মধ্যে কেবলমাত্র ঘরকরনাটুকু করে যাওয়ার জন্য তুমি হওনি, আমিও হইনি। (রবীন্দ্রনাথ ঠাকুর, ১৪১৫, পৃষ্ঠা-৪৭৮)

এই মহতী চিন্তা নিয়ে নিখিলেশ যখন বাইরের জগতে এনে বিমলাকে মুক্তি দিল, এবং নিজ বন্ধু সন্দীপের সঙ্গে পরিচয় করিয়ে দিল, তখনই বিমলার সমস্ত কিছু ওলট-পালট হয়ে গেল। আসলে শৈশবকাল থেকে বিমলের মনে যে রাজপুত্রর ছবি আঁকা ছিল সে যে নিখিলেশ নয়, তা আমরা জেনেছি প্রথমেই। তবে সতীত্বের মূল্যবোধে সে সেই মানসকুমারকে ভুলে নিখিলেশকে দেবতা জ্ঞনে তার সঙ্গেই সুখে সংসার করছিল। কিন্তু যখন সে লেখাপড়া শিখল, এখনকার কালের সঙ্গে এখনকার ভাষাতেই পরিচয় হল তার, পরিচয় হল সন্দীপের সঙ্গে, তখন তার হৃদয়ের গোপন সত্তাটি যেন আবার জেগে উঠল। নিখিলেশের নিরুত্তাপ প্রেমের বিপরীতে সে যখন দেখল সন্দীপের প্রেমোচ্ছল রূপ; স্বভাব-শান্ত, সংযতবাকড় স্বামীর কাছে প্রেমের যে প্রকাশ সে কখনো শুনেনি, সন্দীপের শব্দ-বন্যায় তারই তুমুল আলোড়ন যখন দেখল, তখন নেশাগ্রস্তের মতো হয়ে গেল বিমলা। যে-

সতীত্বের অহংকার ছিল তার মনে, সেই আজন্ম লালিত সংস্কারকে বিসর্জন দিয়ে মোহাবেগে দূরগামিনী হয়ে নেমে গেল স্খলনের পথে। যদিও শেষপর্যন্ত ঔপন্যাসিক দেখিয়েছেন বিমলার জীবনের এক নবোত্থান, যেখানে সন্দীপের প্রেমহীনতার পরিচয় পেয়ে ও স্বামীর অনন্যতা বুঝতে পেরে সে আবার ফিরে এসেছে স্বামীর কাছে।

নারী হৃদয়ের এই দোলাচল চিত্তবৃত্তির প্রেক্ষাপটেই রচিত হয়েছে 'গৃহদাহ' (১৯২০) উপন্যাসটিও। দিগ্-দর্শন যন্ত্রের কাঁটার মতো স্ত্রীর মন সবসময় স্বামীর দিকেই স্থির হয়ে থাকার উপদেশ আমরা পুরাণ কাহিনিতে যতই পাই না কেন, বাস্তব জীবনে যে এই নিষ্ঠার এতটুকুও নড়চড় হয় না, চিত্ত মুহূর্তের জন্যও সন্দেহ দোলায় দোলায়িত হয় না, তা তো আর জোর করে বলা যায় না। দুই প্রবল প্রতিদ্বন্দ্বীর আকর্ষণে অচলার মনে জেগেছিল এরূপই এক দ্বিধা-অনিশ্চয়তার ভাব। একদিকে মহিমের শান্ত-নিরুত্তাপ ব্যবহার, পাথরের মতো সংযম, বিবর্ণ ও নিষ্ক্রিয় ব্যাক্তিত্ব; অপরদিকে সুরেশের ব্যগ্র-ব্যাকুল উন্মত্ত আবেগ; এই দুই বিরুদ্ধ শক্তির মাঝে অচলার হৃদয় দ্বিধাবিভক্ত হয়েছে। এই ব্রাহ্মকন্যা যে প্রশ্ন তুলেছে, তা কোনো বিশেষ ধর্মের বিরুদ্ধে নয়, তা গোল বাঁধিয়েছে মানব-সভ্যতার গোড়ার কথা নিয়ে। আমাদের বহুসমাজে দীর্ঘদিন থেকে চলে আসছে পুরুষদের বহুবিবাহের প্রথা। কিন্তু একজন নারীর সে অধিকার নেই, সে স্বীকৃতি নেই। তবে আইনের নিয়ম দিয়ে মনকে তো আর বাঁধা যায় না। বিয়ের অধিকার নেই জেনেও নারী-মন আকর্ষিত হতে পারে একাধিক পুরুষের প্রতি। অচলার জীবনের জটিলতার মূল নিহিত রয়েছে এখানেই। সে যাকে শ্রদ্ধা করেছে, বিয়ে করেছে, তাকে সমস্ত হৃদয় দিয়ে ভালবাসতে পারেনি; আর যাকে কখনো শ্রদ্ধা করতে পারেনি, অলক্ষিতে তারই প্রতি তার মন আকৃষ্ট হয়েছে। এই দ্বৈধতাই তো হচ্ছে অচলার জীবনের Tragedy। সে যখন মহিমকে পেয়েছে, তখন সুরেশের জন্য তার হৃদয়ের অলক্ষে একটা আসন পাতা রয়েছে; আর সুরেশকে যখন তার দেহ দান করেছে তখন তার মন মহিমের জন্য তৃষিত হয়ে উঠেছে। তার জীবনের সমস্যা বিমলার থেকে অনেক বেশি জটিল।

অচলা ব্রাহ্মসমাজের ভিন্ন শিক্ষা-রুচি ও সংস্কৃতিতে লালিত। এই ব্রাহ্মসমাজে হিন্দুদের চিরাচরিত কিছু আচার-সংস্কারের, মূল্যবোধের পরিবর্তন ঘটেছে। অচলা সেই পরিবর্তিত সমাজের এক নারী প্রতিনিধি। তাই মনে হতে পারে যে, এইজন্যই সে মানবসভ্যতার গোড়ার কথা নিয়ে গোল বাঁধিয়েছে। কিন্তু পরিবর্তিত এই মূল্যবোধ যে আরো কত বেশি ক্রিয়া করেছে হিন্দু বাঙালি নারীর মনে, তারই প্রমাণ আমরা পাই 'ফিনিক্স' উপন্যাসে। নবনীতা দেবসেনের এই উপন্যাসটি যে সময়ের প্রেক্ষাপটে

Scanned with OKEN Scanner

রচিত বঙ্কিম-রবীন্দ্র-শরৎ এর থেকে তার ব্যবধান অনেক। সময়ের সঙ্গে সঙ্গে ব্যাপক পরিবর্তন ঘটেছে আমাদের সমাজ-সংস্কৃতিরও। এখনকার বাঙালি মেয়েরা শুধু ঘর নয়, দেশেরও গণ্ডি অতিক্রম করে উপস্থিত হয়েছে বিশ্বের দরবারে। সেখান থেকে নিজ ক্ষমতায় অর্জন করে নিয়েছে বিজয়মাল্য। এই সুদূর পথ পাড়ি দিতে গিয়ে সে জীবন সম্পর্কে লাভ করেছে নানা অভিজ্ঞতা। জীবনের অনেক সংজ্ঞাই এখন তার কাছে পাল্টে গেছে। পাল্টেছে পুরানো আদর্শ, বিশ্বাস ও মূল্যবোধ। পরিবর্তিত মানসিকতা সম্পন্ন এরূপই এক বিশ্ববরণ্যা নারী 'ফিনিক্স' উপন্যাসের নায়িকা বিপাশা অ্যান্ডারসন।

পঞ্চান্ন বছরের বিপাশা প্রোফেসার অফ ইংলিশ অ্যান্ড ক্রিয়েটিভ রাইটিং, তাঁর বিশেষ এরিয়া পোস্ট কোলোনিয়াল লিটারেচার। এ ছাড়া তিনি কবি। ইংরাজিতে তাঁর কবিতা বেরুচ্ছে বিদেশে বহুদিন। এই বিপাশা কিন্তু ছিলেন কলকাতার এক বড় পরিবারের মেয়ে, প্রেসিডেন্সির ভাল ছাত্রী। সে সময়কার নকশাল আন্দোলনের সঙ্গে জড়িয়ে পড়ায়, এক দুর্যোগের রাতে মেয়েকে পুলিশের হাত থেকে বাঁচাতে বিপাশার বাবা তাঁকে জোর করেই নিয়ে যান ইংলন্ডে, ভর্তি করে দেন কেম্ব্রিজের নিউনহাম কলেজে। কেম্ব্রিজে গিয়ে নিজের মতো একটা জায়গাও করে নেন মেধাবী ছাত্রী বিপাশা চৌধুরী। কেম্ব্রিজের জীবন তাঁকে নতুন করে গড়ে তুলে, জীবনের এক নতুন মানে খুঁজে পান তিনি। পৃথিবীর সঙ্গে নতুন করে আলাপ হয় তাঁর। পরিচয় হয় সেখানকার নানা কবি গোষ্ঠীর সঙ্গে এবং অচিরেই তিনি সেখানেও নিজের একটা স্থান করে নেন। নিজ কবিতার বইয়ের জন্য পুরস্কৃত হন। ইতিমধ্যে কেম্ব্রিজ থেকে ইংরাজি সাহিত্যে ভাল নম্বর রেখে সসম্মানে গ্র্যাজুয়েশনও করে নেন। কিন্তু এইসব যাই করুন না কেন, বিপাশার মন কিন্তু সবসময়ই তাঁর প্রেমিক 'সমীরময়' হয়েছিল; বিপ্লবী আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে সাত বছরের জন্য যার জেল হয়। এই সমীরের প্রতি প্রেমের আকর্ষণেই বিপদের ঝুঁকি নিয়েও সাত বছর পর তিনি একদিন ফিরে এসেছিলেন কলকাতায়। কিন্তু তখন এখানে সব পাল্টে গেছে। ঘরে ও বাইরে এসেছে পরিবর্তন। বিপাশাদের পৈত্রিক বাড়ি বিক্রি করার জন্য তাঁর বাবা-কাকারা উঠেপড়ে লেগেছেন, তাঁর বৃদ্ধ ঠাকুমা ও জেঠুর ইচ্ছের বিরুদ্ধে গিয়ে। বিপাশা দেখেন বাড়ির মানুষগুলো যেন কেমন সব পাল্টে গেছেন এই কয়েক বছরে। সব সম্পর্কগুলো যেন একটু একটু করে কয়েক ডিগ্রি সরে গেছে পরস্পরের কাছ থেকে। আর যার জন্য উন্নতির সব পথ ছেড়ে বিপাশার আবার দেশে ফেরা, সেই সমীরও পাল্টে গেছে একেবারেই। সমীর ছাড়া পেয়েছিল পাঁচ বছর পরই। এখন সে কাজ করছে এক নাম করা বাংলা খবরের কাগজে, যে কাগজকে একদিন সমীর সমাজ বিধ্বংসী বুর্জোয়া কাগজ বলে ঘটা করে রাস্তার

মোড়ে জ্বালিয়েছিল।

এতগুলো বছর সমীর থেকে হাজার হাজার মাইল দূরে বসেও সমীরময় হয়ে ছিল বিপাশা। কিন্তু এত বছর পর সমীরের সঙ্গে দেখা হবার পর সমীর রাগ-বিরাগ-বিস্ময় সব গোপন করে এমন এক অদ্ভুত শুষ্ক সৌজন্যপূর্ণ ব্যবহার করে, যা সাধারণত মানুষ অল্প পরিচিত কারো সঙ্গে করে থাকে। বিপাশা প্রথম ভেবেছিলেন, হয়তো বা অভিমান বশত সমীরের এরূপ আচরণ। কিন্তু অচিরেই তাঁর ভুল ভাঙল। বুঝলেন, প্রথম যৌবনের সে প্রেমের আর কিছু অবশিষ্ট নেই সমীরের মনে। কথায় কথায় এখন সে তাঁকে অপমান করে শান্তি পায়। আর একদিন সুযোগ বুঝে নখদন্তী প্রাণীর মতো লোলুপ দৃষ্টি ও কামুক মন নিয়ে বিপাশাকে ভোগ করতে চায় সে। বিপাশা বাধা দিলে বলে ঃ

> সব সতীত্ব শুধু আমার বেলায়? তুই কি ভাবিস, আমি জানি না কত পুরুষের সঙ্গে শুয়েছিস। (নবনীতা দেবসেন, ২০১১, পৃষ্ঠা-৮২)

তখন এতদিন থেকে সযত্নে রক্ষা করে আসা বিপাশার প্রেমমন্দির একেবারে তাসের ঘরের মতো ভেঙে পড়ে। এতদিনের স্বপ্ন ভাঙার বেদনা, এবং সেইসঙ্গে একটা ভুলের হাত থেকে মুক্তির আনন্দ মনে নিয়ে দেশ ছেড়ে আবার চলে যান বিপাশা।

এবার পরিবর্তন ঘটে বিপাশার জীবন-যাপন ও মানসিকতার মধ্যেও। এতদিন প্রেমের প্রতি একনিষ্ঠ যে বিপাশাকে আমরা জেনেছিলাম, সেখান থেকে একেবারে বিপরীত মেরুতে গিয়ে দাঁড়ান তিনি। একজন একক, ম্যাচিয়োর, ভুবনায়িত মানুষে পরিণত হন তিনি, যিনি পরিশ্রমী, উদ্যমী ও উচ্চাকাঙ্খী; যাঁর কাছে প্রেম করাও খুবই জরুরি। প্রেম বিনা বাঁচা অকল্পনীয়। কিন্তু কাজ প্রেমেরও আগে।

বিপাশা এখন সর্বদা পরিবেষ্টিত হয়ে থাকেন তাঁর অল্প-বয়েসি প্রেমিকদের দ্বারা। এমনকী, সেখানে মেয়ের বন্ধু থেকে শুরু করে নিজের ছাত্রও বাদ যায় না। এই নিয়ে সদ্য যৌবনপ্রাপ্ত মেয়ের সঙ্গে মায়ের বিবাদ বাধে। কিন্তু বিপাশা নিরুপায় ঃ

> তাঁর পুরুষ প্রয়োজন, অল্পবয়েসি পুরুষেরা তাঁর উদ্ধত যৌবনকে তৃপ্ত করে রাখত। (নবনীতা দেবসেন, ২০১১, পৃষ্ঠা-১৩)

একজন পুরুষের সঙ্গ দরকার শরীর-মনকে তাজা রাখতে। আবেগের অবকাশ নেই বিপাশা অঞ্জযান্ডরসনের জীবনে। তাঁর কাছে পুরুষের উষ্ণ মুগ্ধ সাহচর্যটুকুই জরুরি, প্রেমে কাজ নেই। হর্মনগুলোকে ঠিকঠাক সঞ্চারিত করে নিজ সুন্দর যৌবনকে ধরে রাখার ও কবিতা রচনার প্রেরণা লাভের জন্যই তাঁর এইসব প্রেমিকদের প্রয়োজন।

Scanned with OKEN Scanner

কিন্তু কোনো বন্ধনে তিনি নেই। তিনি সম্পর্ক চান, গ্রন্থি নয়। আর সেজন্যই তিন-তিনবার বিয়ে করে ঘর বাঁধার চেষ্টা করেও তিনি ব্যর্থ হয়েছেন। মাতৃত্বকেও বিপাশার কাছে বন্ধন বলেই মনে হয়। মা হতে তিনি চাননি কখনো। অবাঞ্ছিত শিশুটি যখন তাঁর দেহে চলে এসেছিল, তখন তিনি সময় পাননি ভ্রূণমুক্তির। এরই ফল রোহিণী। এর ফলে তখন তিনি জর্জ অ্যান্ডরসনকে বিয়ে করেছিলেন বাধ্য হয়ে। কিন্তু টিকতে পারেননি। এমনকী সদ্য কৈশোরে পা দেওয়ার পর মেয়েকে তিনি জানিয়েও দিয়েছিলেন যে, সে এক অবাঞ্ছিত সন্তান। জন্মের পর বিপাশা শিশুটিকে তার পিতার কাছে সমর্পণ করে হাত-ঝাড়া হতে চেয়েছিলেন। কিন্তু বিপাশার বাবার ইচ্ছেতেই যখন তা হল না, 'ইচ্ছে নেই তবু লেজুড় নিয়ে' মার্কিন দেশে যেতে হল বিপাশাকে, তখন মেয়ের প্রতি অনীহা আরো জোরালো হল। রোহিণী যত বড় হতে লাগল মা ও মেয়ের ব্যবধান তত বাড়তে লাগল। ছোটবেলা থেকেই রোহিণী দেখেছে মার কাজ ও প্রণয়ীর ভিড়ে তার জন্য কোনো সময় নেই মার কাছে। এমনকী বাড়ন্ত মেয়ে যদি নিজ জীবনের কোনো সমস্যার কথাও জানাতে চায় মাকে, তখন বিপাশার উত্তর, "রিমেম্বার ইউ আর অ্যালোন ইন দিস ওয়ারড়ল্ড, নিজের প্রবলেম নিজে সলভড় করো।" আর সেই মেয়ে যখন মায়ের কাছে নিরাপত্তার অভাব অনুভব করে চলে যায় বাবার কাছে, তখন তিনি একবারও মেয়েকে ফিরানোর চেষ্টা করেন না। এমনকী ভাবেন, ভালোই হয়েছে। এবার শান্তিতে থাকা যাবে। কারণ মায়ের কোনো প্রণয়ীই যে মেয়ের পছন্দ ছিল না ও তা নিয়ে প্রায়ই সে মায়ের বিরুদ্ধে রাগারাগি করত।

দীর্ঘদিনের ব্যবধানে রোহিণী যখন জানায় যে, সে তার পালিত শিশুকন্যাটিকে নিয়ে মায়ের সঙ্গে দেখা করতে আসছে, তখনও বিপাশাকে দেখি আনন্দিত হবার পরিবর্তে রেগে যেত। কারণ যেদিন মেয়ের আসার কথা সেদিনই একটা বিশেষ সম্মানিত পদের জন্য বিপাশা নির্বাচনে দাঁড়াচ্ছেন। জয়ী হতে পারলে এটা বিপাশার জীবনে একটা খুব বড় এচিভমেন্ট হবে। কিন্তু মেয়ে তাঁর সুবিধে-অসুবিধের কথা না জিজ্ঞেস করে সেদিনই আসার কথা জানালে বিপাশা বিরক্ত হন। অসম্মানিত বোধ করেন।

> বিপাশা টিপিক্যাল ভারতীয় মায়ের পরাকাষ্ঠা নন। তাঁর রাগ হয়। তিনি জানেন কিছুর জন্যই, কারো জন্যই নিজের কাজের অমর্যদা করা সম্ভব নয়, উচিত নয়। (নবনীতা দেবসেন, ২০১১, পৃষ্ঠা-৮২)

তবে মেয়ের আগমন সংবাদে বিপাশার এরূপ প্রতিক্রিয়ার পেছনে আরেকটা কারণও ছিল। জীবনের সর্বত্র সফল বিপাশা অ্যান্ডরসন কিন্তু মা হিসেবে ব্যর্থ

হয়েছেন। মেয়ের প্রতি তিনি যেমন নিজ কর্তব্য করেননি, তেমনি মেয়েকে নিয়ন্ত্রণও করতে পারেননি। তার সেই মেয়ে আজ মা হয়েছে। নিজ গর্ভের সন্তানকে যে আদর ও মনোযোগ বিপাশা দিতে পারেননি বা চানওনি দিতে, তার মেয়ে তাই দিচ্ছে আজ তার সন্তানকে, যে সন্তান তার জৈবিক সন্তান নয়। আর সেজন্যই বিপাশার মনে হয়, রোহিণী বোধহয় তার 'বেদরদি' মাকে শিক্ষা দেবার জন্যই আসছে। অন্য কোনো প্রতিযোগিতায় মায়ের সম্মুখে দাঁড়াতে না-পেরে মাতৃত্বে মাকে পরাস্ত করতে চাইছে। আর এইজন্যই বিপাশার মনে এতো ক্ষোভ।

এই হল বর্তমান কালের উচ্চশিক্ষিতা, সমাজে প্রতিষ্ঠিতা এক বাঙালি রমণীর পরিবর্তিত রূপ। মূল্যবোধের এই পরিবর্তন সমাজের সর্বত্র। এই মূল্যবোধের পরিবর্তনের জন্যই সন্দীপন চট্টোপাধ্যায়ের 'স্বর্গের নির্জন উপকূলে' (২০০৩) উপন্যাসে এক অন্তঃস্বত্ত্বা মেয়ে নিজ প্রেমিকের সঙ্গে মিলে ছক কষে নির্জন দ্বীপে মনোরোগী পিতাকে হত্যা করে পিতার অর্থে নিজেদের ভবিষ্যৎ জীবনটাকে সুন্দর করে তোলার, মানব চক্রবর্তীর 'প্রীতি কথন, নিম ডাইরি' উপন্যাসে প্রীতি সোপার্জিত দীর্ঘকালীন আদর্শ থেকে বিচ্যুত হয়ে গিয়ে, কিছুটা পরিস্থিতিরও প্রভাবে পড়ে নিজের পাগল ভাইর সঙ্গে দৈহিক সম্পর্ক গড়ে তোলে, কালকূটের 'অমৃত বিষের পাত্রে' উপন্যাসে দেখি রড়িতার মা চায় নিজ মেয়েকে দিল্লির সেরা কলগার্ল হিসাবে গড়ে তুলতে, 'হাসুবানু'তে মীরাকে দেখি হিরণের সঙ্গে বিবাহ অস্বীকার করে কাজের সন্ধানে পথে নামতে, 'চেনা মহল' ও 'আগুন পাখি'তে যৌথ পরিবারের ভাঙন, 'হাঁসুলি বাঁকের উপকথায়', জাতিগত বৃত্তি ও বিশ্বাসকে অস্বীকার; এমন আরো অসংখ্য উদাহরণ আমরা উল্লেখ করতে পারি আমাদের বাংলা উপন্যাস থেকে। ক্রমবিবর্তিত এই সমাজে বিবর্তন ঘটেছে, আমাদের মানবিক সম্পর্ক ও অনুভূতিগুলিরও বিবর্তন ঘটেছে। সতীত্ব, মাতৃত্ব, পবিত্রতা, সততা, দায়িত্ব, কর্তব্য সমস্ত কিছুর অর্থ এখন পাল্টে গেছ। বিপাশার বোন যাকে বিদ্রূপ করে বলেছিলেন 'তাত্ত্বিক সততা'।

তবে, প্রারম্ভে যে কথা বলেছিলাম, এখানেও আবার সেই একই কথাবলতে হয় যে মূল্যবোধের এই পরিবর্তন নির্ভর করে ব্যক্তি বিশেষের উপর। আমার কাছে যা উচিত বা অনুচিত, অপরের কাছে ঠিক তেমনটি না-ও হতে পারে। আসলে আমাদের প্রত্যেকের "প্রায়োরিটির / সেন্সগুলো ডিফারেন্ট দ্যাটস অল" (নবনীতা দেবসেন, ২০১১, পৃষ্ঠা-৯৬)। আর তাই তো দেখি 'ফিনিক্স' উপন্যাসে বিপাশের বোন বিদিশা ও তার স্বামী তাদের ভ্রাতুষ্পুত্রের মাতৃভাষার প্রতি অনীহা দেখে চিন্তিত হয়; বিপাশার মতো মায়ের কাছে সমস্ত শৈশব ও বাল্যকাল কাটানোর পরও রোহিণী নিজের সম্পর্কে বলে "মায়ের তুলনায় আমি অনেক রক্ষণশীল।"

Scanned with OKEN Scanner

সত্যিই অনেক মার্জিত সে। প্রেম তার কাছে অনেক গভীর তাৎপর্যপূর্ণ। পোষ্য কন্যাকে নিয়েই মা হওয়ার আনন্দে সে আহ্লাদিত, তার প্রতি মায়ের সর্বপ্রকার কর্তব্য পালনে দৃঢ় প্রতিজ্ঞ, এমনকী প্রয়োজনে নিজের কাজ ছেড়ে দিতেও প্রস্তুত।

সহায়ক গ্রন্থ

১) ক্ষেত্র গুপ্ত, বাংলা উপন্যাসের ইতিহাস, ১ম খণ্ড, গ্রন্থ নিলয়, চতুর্থ সংস্করণ, ২০.৩

২) ড. গোপিকানাথ রায় চৌধুরী, 'দুই বিশ্বযুদ্ধের মধ্যকালীন বাঙলা কথাসাহিত্য', দে'জ পাবলিশিং, দ্বিতীয় সংস্করণ, ২০০০

৩) ড. রামেশ্বর শ', আধুনিক বাংলা উপন্যাসের পটভূমি ও বিবিধ প্রসঙ্গ, পুস্তক বিপনি, দ্বিতীয় সংস্করণ, ২০০৮

৪) নবনীতা দেবসেন, ফিনিক্স, দে'জ পাবলিশিং, প্রথম প্রকাশ, ২০..

৫) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বঙ্কিম রচনাবলী, উপন্যাস সমগ্র, পুনশ্চ, সর্বাধুনিক সংস্করণ, জানুয়ারি, ২০০৮

৬) রবীন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্র রচনাবলী, ৪র্থ খণ্ড, বিশ্বভারতী, সুলভ সংস্করণ, ১৪১৫

৭০ শরৎ চন্দ্র চট্টোপাধ্যয়, শরৎ রচনাবলী, দ্বিতীয় খণ্ড, এস. বি. এস পাবলিকেশন, প্রথম প্রকাশ, ১৪১৮

Multidimensional Poverty and Chars: A Study in Dhubri district of Assam

Debasmita Deka
Dr. Anjan Bhuyan

Abstract

The pathbreaking research work of Amartya Sen has given a new direction to poverty analysis which leads to a common agreement that poverty is a multidimensional phenomenon. The adoption of SDGs by UNDP develops a clear understanding of the concept of multidimensional poverty. In today's world, eradication of poverty is necessary for the development of human resources which ultimately paves the path of development in an economy. Assam, being one of the backward states of India suffers from the perennial problem of multidimensional poverty for many years. Char areas of Assam are socio- economically backward and have the highest multidimensional poverty rate as compared to other regions of the state. The current study focuses on the issue of multidimensional poverty in the char areas of the Dhubri district of Assam by constructing a multidimensional poverty index. The article measures the multidimensional poverty index in five dimensions -education, health, standard of living, empowerment, and employment which are equally weighted. The findings reveal the gloomy picture of char areas as they are deprived in basic amenities of life. Moreover, the empowerment dimension is a significant contributor to multidimensional poverty which reflects the vulnerable conditions of the women in these areas. Therefore, a proper in-depth investigation of multidimensional poverty issue in char areas are necessary which shall help the policymakers in framing policies for the achievement of SDGs.

Scanned with OKEN Scanner

NINTH COLUMN
A Journal of Objective Thoughts
Rupees Four Hundred Fifty Only

Volume : XXIII
Issue : XIX
January, 2024

নাইন্থ কলাম-এর প্রয়াস
এখন গ্রন্থাকারে...



গাঙচিল
বিক্রয়কেন্দ্র
গাঙচিল 'বর্ণপরিচয়' কলেজ স্ট্রিট
মার্কেট দোতলা কলকাতা ৭০০ ০০৭
+৯১ ৭৯৮০৭ ৩৭৭৬৫
অনলাইন
www.readbengalibooks.com,
www.flipkart.com, www.amazon.in

NINTH COLUMN
Prasun Barman, Flat D 6, Shreemayee Sharanya,
Maligaon Over Bridge, Near Axis Bank, Guwahati 781 012, Assam
column.ninth@gmail.com
+91 88118 00610

ISSN 2229-6778

নাইন্থ কলাম ১৯



অসমিয়া গল্প

Scanned with OKEN Scanner

প্রচ্ছদ
বিপুল গুহ

প্রকাশক
বাসব রায়
তাপস পাল

প্রকাশনার স্থান
নাইন্‌থ কলাম
ডি ৬, শ্রীময়ী শরণ্য
মালিগাঁও চারিআলি ওভারব্রিজ (এক্সিস ব্যাঙ্কের পাশে)
গুয়াহাটি ৭৮১ ০১২, অসম

সম্পাদনা সমিতি, নাইন্‌থ কলাম
সৌমেন ভারতীয়া
প্রসূন বর্মন (অবৈতনিক)

বর্তমান সংখ্যার সম্পাদক
প্রসূন বর্মন

অক্ষরবিন্যাস ও মুদ্রণ
সিটি অফসেট
পাণ্ডু পোর্ট রোড, আদাবাড়ি তিনিআলি
গুয়াহাটি ৭৮১ ০১২

মূল্য
₹৪৫০.০০ টাকা

ISSN 2229-6778

যোগাযোগ
সৌমেন ভারতীয়া বরা মার্কেট, শ্রীনগর, আর জি বি রোড, গুয়াহাটি ৭৮১ ০০৫ অসম
প্রসূন বর্মন বাংলা বিভাগ কটন বিশ্ববিদ্যালয় গুয়াহাটি ৭৮১ ০০১ অসম
মোবাইল : +৯১ ৯৪৩৫০ ১০৬৩২, ৯৮৬৪০ ৭১০৬৭, ৮৮১১৮ ০০৬১০, ৯২০৭১ ৬৯৬৯৭
ই-মেল: column.ninth@gmail.com

নীলমণি ফুকন (১৯৩৩-২০২৩)

সুদক্ষিণা শর্মা (১৯৩৪-২০২৩)



... তবু অনন্ত জাগে

May 13, 2024, 17:44

Scanned with OKEN Scanner

পৌষ ১৪৩০ ॥ জানুয়ারি ২০২৪

অসমিয়া গল্প

সূচি

প্রসঙ্গ-কথা ॥ ক-জ

সৈয়দ আব্দুল মালিক ॥ শিকার ৩
বীরেন্দ্রকুমার ভট্টাচার্য ॥ কলং আজও বয়ে চলে ১৬
শীলভদ্র ॥ প্রদূষণ ৩৮
মহিম বরা ॥ কাঠনিবারি ঘাট ৪১
যোগেশ দাস ॥ কদলি-বল্কলের মৃত্যু ৫৪
সৌরভকুমার চলিহা ॥ গোলাম ৬৪
নিরুপমা বরগোহঞি ॥ ছায়াসঙ্গী ৭৪
ভবেন্দ্রনাথ শইকিয়া ॥ সান্ধ্যভ্রমণ ৮৪
লক্ষ্মীনন্দন বরা ॥ মনোভঙ্গী ৯৭
হোমেন বরগোহাঞি ॥ ইসমাইল শেখের সন্ধানে ১০২
অতুলানন্দ গোস্বামী ॥ ঢেঁকীশালের শয্যা ১১৮
প্রণবজ্যোতি ডেকা ॥ ফটিকজল ১২৪
মামনি রয়সম গোস্বামী ॥ সংস্কার ১৩৭
জেহিরুল হোসেইন ॥ ভালো মানুষের সংজ্ঞা ১৫৪
অপূর্ব শর্মা ॥ বাঘে টাপুর রাত ১৬৬
হরেকৃষ্ণ ডেকা ॥ মৃত্যুদাতা ১৮৭
দেবব্রত দাস ॥ স্বাধীনতা বিষয়ক একটি গল্প ১৯৭
মনোরমা দাস মেধি ॥ শনাক্তকরণ ২০৬
বিপুল খাটনিয়ার ॥ ঘড়িয়ালডাঙার কথা ২১৪
অরূপা পটঙ্গীয়া কলিতা ॥ মা ২২৭
জয়ন্তকুমার চক্রবর্তী ॥ পুকুরপাড়ের প্রার্থনা ২৩৭
জ্যোতিষ শিকদার ॥ হত্যা ২৪৬
শিবানন্দ কাকতি ॥ জলছবিতে শেষ সন্ধ্যা ২৫২
কুল শইকিয়া ॥ যুদ্ধ যুদ্ধ ২৫৯
রবীন শর্মা ॥ নৈবেদ্য ২৬৯
অপূর্বকুমার শইকিয়া ॥ চৈত্রের শিম ২৭৫
মনোজকুমার গোস্বামী ॥ সমীরণ বরুয়া আসছে ২৮৭
ইমরান হুসেইন ॥ হুদুমদেও ৩০০
অতনু ভট্টাচার্য ॥ কিছু ভাঙার শব্দ ৩১৪
প্রশান্তকুমার দাস ॥ কাহিনির মতো ৩২৩
রত্না ভরালি তালুকদার ॥ আপনাকে, দখনার আড়ালের একটি গল্প ৩৩১
মৌসুমী কন্দলী ॥ লামবাডা নাচের শেষে ৩৪২

প্রয়াণলেখ

শিক্ষাব্রতী বীরেন্দ্রনাথ দত্ত ॥ কিশোর ভট্টাচার্য ৩৫৭
চির প্রতিবাদী মলয় ॥ বাসব রায় ৩৫৯
রবীন্দ্র সরকার ॥ প্রসূন বর্মন ৩৬১
সংগ্রাহক-সংরক্ষক সন্দীপ দত্ত ॥ গোবর্ধন অধিকারী ৩৬৩
সাহিত্যসাধক বিজিৎকুমার ভট্টাচার্য ॥ সৌমেন ভারতীয়া ৩৬৭

লেখক-পরিচিতি ॥ ৩৬৯

May 13, 2024, 17:44

Scanned with OKEN Scanner

লোকও যে আর এখানে আসতে দেবে— আশা নেই—"

"আমাদের নিজেদেরও ভয় করতে থাকে— মরা মানুষ, ভূত-টুত হাবিজাবি সব ব্যাপার—" জুপি দীপুর আরও কাছে চলে এল।

"আমাদের সঙ্গেরই-বা কে কে—"

কথাটা বলবে বলবে ভেবেও নীলু চুপ থাকল।

হঠাৎ এসে বিজু উঁকি মারল হিউমপাইপের অন্য দিকে।

"বের হ', খেলা শেষ—"

নীলুরা তার কথায় বিশ্বাস করতে পারল না, পরিস্থিতির পরিবর্তনে তিনজনই কিছুক্ষণ স্তম্ভিত হয়ে থাকল।

"ট্রাকের হাওয়া গেল, টায়ার পাংচার— এবার বেরিয়ে আয়!"

বিজু পাশের রাস্তার দিকে দেখাল। তিনজনই এই অবিশ্বাস্য কথায় হিউমপাইপের ভেতরেই বসে রইল কিছু সময়!

মূল গল্প 'যুদ্ধ যুদ্ধ'। অনুবাদ করেছেন সুদীপা ভট্টাচার্য ॥

সুদীপা ভট্টাচার্য (১৯৮১)
অনুবাদ করেছেন গল্পের বই 'একটি না-দেখা নদীর ওপারে'।

নৈবেদ্য

রবীন শর্মা

কেন আমি কয়লার মতো কালো হয়ে জন্মেছি, নাকি আমার জন্ম অমাবস্যার রাতে— সে কথা জিজ্ঞেস করার মতো আমার পাশে এখন আর কেউ নেই। আমি এক বৃদ্ধ মহিলার আশ্রয়ে বড়ো হয়েছি। সেই বৃদ্ধা এখন যেন কেমনতর হয়ে উঠেছে, কোথায় আমার কথা শুনবে, তা নয়; সে-ই সমস্ত দিন বিড়বিড় করে মহাভারত শোনাতে থাকে। মাঝেমধ্যে সে বুকে জড়িয়ে ধরে আমার নাকে-মুখে এমনভাবে চুমু খায় যেন আমার নাকটাই ছিঁড়ে নেবে। তখন আমার মনটা আনন্দে নেচে ওঠে। মনে হয়, আমার যে মা স্বর্গে তারা হয়ে আছে— তিনিই হয়তো এই বৃদ্ধা। পর মুহূর্তেই আবার সেই বৃদ্ধা হয়ে ওঠে ভীষণ কঠোর-রুক্ষ। এই আশ্রিত জীবটিকে তখন ঘাড় ধাক্কা দিয়ে দরজার কোনায় ফেলে দেয় সে। তখন আমারও রাগ হয় বুড়ির ওপর। মরাটাকে বাঘে খাক, বলে সেই মুহূর্তেই বুড়ির সঙ্গ ত্যাগ করতে ইচ্ছে হয়। কিন্তু না— না, না, না, তাকে ছেড়ে যাওয়ার কথা ভাবতেই কেমন যেন ভারাক্রান্ত হয়ে ওঠে মনটা। আসলে আমরা দুজনই হয়তো একই বিধাতার সখা। তিনি যদি চাঁদ হয়ে থাকেন, তবে আমি তার নয়নের মণি...

এক

'ওরে আমার গোঁসাইয়ের ফুলটি'— স্নেহে গদগদ হয়ে বৃদ্ধা আমাকে কোলে তুলে নিয়েছিল। সে আবার চোখে দেখত না। ত্রি-সন্ধ্যায় হাতড়ে হাতড়ে একটা ভাঙা লোহার কড়াইতে একটু আগুন জ্বালিয়ে, তাতে দুটো আলু পুড়িয়ে সকালের রেখে দেওয়া ঠান্ডা ভাত দু-গ্রাস জল ঢেলে টিপে টিপে খেত; কখনো আবার খেতও না। তবে আমার সঙ্গে গল্প করতে একটুও কসুর রাখত না।

— "তা আমি দোলা বুড়ি কী করে হলাম— এই গ্রামে দোলায় চড়ে আসা

দুই

নদীটি এখানে ঘুরে গিয়ে দক্ষিণে বয়ে চলেছে। দেখো ভাই, এই হতভাগার জীবনের বাঁকটি লক্ষ করো। আমিও নদীর স্রোতে ভেসে গিয়ে উঠলাম টাউনে। এক হারামজাদা তিনদিন-তিনরাত এখানে-সেখানে ঘুরিয়ে ঘুরিয়ে অবশেষে এনে সমঝে দিল বরুয়া নামের এক ব্যক্তির কাছে। বাপ্‌রে, কী প্রকাণ্ড হাবেলি। এদিকে গালিচা, ওদিকে ফুল, দুয়ার মুখেই দুটো-তিনটে গাড়ি, মানুষগুলোর কথাবার্তাও কেমন যেন উত্তপ্ত। ভয়ে ভীত, সংকুচিত হয়ে বারান্দায় স্থির হয়ে দাঁড়িয়ে থাকার সময় দেখলাম— তিনি ফোনে কাউকে ধমকাচ্ছেন— " না-না কোনো কথাই শুনব না, যতটা লাশ পড়ে পড়ুক। সেই ক'টি গ্রাম আমার চাই-ই... এই গ্রাম ক'টি আমার কেন্দ্রের 'ডিসাইডেড ফ্যাক্টর'... হ্যাঁ হ্যাঁ টাকা যত লাগবে নিয়ে যাবে, হ্যাঁ হ্যাঁ, আমি ওসিকে বুঝিয়ে দেব... হ্যাঁ রহিম জিনিসপত্র এনে দিয়েছে। আমি পুরোহিতের সঙ্গে কথা বলে ডেটটা ঠিক করে ফেলব... হ্যাঁ আমি না-হয় দিদিকে পাঠিয়ে দেব... মোট কথা একজনও যাতে অন্যদিকে হেলতে না পারে দেখো..."

ধীরে ধীরে বাড়িটির সঙ্গে আমার পরিচয় হল। অত্যন্ত বিচিত্র এক পরিবার। বাড়ির কর্তার সঙ্গে পরিচয় হল সকালেই। তিনি দোরগোড়ায় দাঁড়িয়ে, রাস্তা দিয়ে যত ফেরিওয়ালা যাতায়াত করে তাদের ডেকে ডেকে সমস্ত জিনিসপত্রের দরদাম করেন, কিন্তু কোনো কিছুই কেনেন না। এ কথাটা বোধহয় ফেরিওয়ালারাও জানে। তাই বুড়োকে দেখলেই তারা না-দেখার ভান করে রাস্তার ওপাশ দিয়ে এগিয়ে যায়। বুড়ো যত ডাকতে থাকে, ফেরিওয়ালা ততই দ্রুত চলে যায়। সেদিন বুড়োর সঙ্গে আমার প্রথম পরিচয় হওয়ার সময় ফেরিওয়ালাটিকে ডাকতে ডাকতে বুড়ো চিৎকার করে জিজ্ঞেস করছিল, "এই, সজনে কত করে? সজনে..." ওদিক থেকে উত্তর আসে— "পঁচিশ টাকা পোয়া..." বুড়ো চমকে উঠে আমার চোখের দিকে তাকান, "এই দেখ, তুই তো গ্রামের থেকে আসা জীব, কখনো শুনেছিস কি সজনের কিলো একশো টাকা? আমাদের এই শহরের অসভ্যগুলোকে আমি তাই বলি, এই যে নানারকম বিদেশি ফুলগুলো টবে লাগিয়ে সেসবের সেবা-যত্ন করিস, তার বদলে একটা সজনে গাছের চাড়া লাগিয়ে সেটাকে যত্নআত্তি করলে তোদের কী ক্ষতি হয়? একটা বকুল ফুল লাগালে তোদের ফুলবাগানের সৌন্দর্যের কি হানি হয়? আসলে এই অসভ্যগুলো..."

প্রথম বধূ নাকি আমিই। এখন ঋতুমতী হওয়ার আগে বিয়ের নিয়ম নেই। সাত দোলায় দুলতে-দুলতে হেসে-হেসে চলছিলাম। তা দেখে দোলা কাকা ধমকেছিল, "বলি, মায়ের কথা মনে করে একটু কাঁদো। নইলে শ্বশুর দরজায় খিল দেবে..." — "তা আমি বলি কাঁদবটা কেন? আমার মা মরেছে, না বাবা। বিয়ে কাকে বলে আমি কি তার কিছু জানি..."

— এই তো বুড়ি এখন কথার পেখম মেলেছে। কোথাকার কোন কথা যে বলতে শুরু করে, ভাবটা এমন যেন বয়সকে তুলে রেখেছে বীজধানের সংরক্ষণ করার মতো। তাতে আবার গর্দভ কালুয়াকে পেয়ে বকাঝকা শুরু করেছে...

"এই রাখ তো, আমার কনের পোশাক না পরে এই গ্রামের ক'জন মেয়ে গন্ধ তেল মেখেছে? ওই যে দময়ন্তী, বিয়ের আগের দিন আমার কাপড়টি চেয়ে নিল, তারপর বিয়ের তিনদিন পর ফিরিয়ে দিল... এটাই তো ছিল গ্রামের বিয়ে। আমার শ্বশুরেরা ছিলেন বোমভোলা। কে কত মাটি নিজের নামে করে নিল, বাগানের গাছ-বাঁশ কে ক'টা কেটে নিল, তার কি কেউ খবর রাখে? এই বুড়িই তো সেই সবকিছু এতদিন ধরে রেখেছে... তা আমি তার কী পেয়েছি... আমি না-হয় ছেলেমেয়ের মুখ দেখিনি, কিন্তু আমি কি তাকে দ্বিতীয়বার বিয়ে করিয়ে দিইনি? সেই সতীনের ছেলেমেয়েকে নিজের বলে লালন-পালন করে বড়ো করিনি?... তা সে মারা যাওয়ার পর কেউ কখনো শুনেছ কি বড়ো-মা বলে একবার ডাকতে... গ্রামে না-থাকলে নেই, টাউনে থাকলেও তোরা তো মানুষ, বড়ো মাকে কি একবারও মনে পড়ে না..."

অন্যদিনের মতো আজও বৃদ্ধা ঝরঝরিয়ে চোখের জল ফেলল। আমার জন্য এটা একটা নিত্য নৈমিত্তিক দৃশ্য। প্রথম প্রথম আমার মন অনুকম্পায় ভরে উঠত। আজকাল কঠোর হয়ে গেছি। বৃদ্ধা বলতে থাকে আর আমি শোনার ভান করে আরামে ঘুমোতে থাকি। কিন্তু আশ্চর্য! আজ দেখি বুড়ির আর কোনো সাড়া শব্দ নেই। একটু সময় স্তব্ধ হয়ে থাকার পর দেখব দেখব না করে বৃদ্ধার দিকে চোখ ফেরালাম— আরে বৃদ্ধা দেখি আগুনের কাছে কুণ্ডলী পাকিয়ে পড়ে আছে। আজ এত তাড়াতাড়ি ঘুমিয়েছে? একটু ধাক্কা মারতেই বৃদ্ধা ধপ করে এপাশে গড়িয়ে পড়ল। দেখি— নিষ্পলক স্থির দৃষ্টিতে আমার দিকে তাকিয়ে রয়েছে। অর্থাৎ, অর্থাৎ, মা তুমিও স্বর্গের তারা হয়ে গেলে নাকি...

Scanned with OKEN Scanner

কাজের দিদিটি আমাকে সেখান থেকে সরিয়ে নিল এবং আস্তে আস্তে বলল, "বুড়োটা পাগল।"

"হে ঈশ্বর, আমি কোথায় গিয়ে মরি?"— কাজের দিদিটি আমাকে ওর রেখে গেল একটি ছোট্ট ছেলের সঙ্গে। এক দঙ্গল খেলনার মধ্যে ছেলেটা কিছুক্ষণ শুয়েছিল। আমাকে দেখার সঙ্গে সঙ্গে প্রথম সূর্যোদয়ের মতো একটা হাসি ফুটল হাত দুটো মেলে ডাকল। এগিয়ে গিয়ে আমি তাকে আদর করলাম। সে আমাকে সস্নেহে জাপটে ধরে বলল, "তুমি কখনো যেয়ো না, দেখো এই চাবি দেওয়া পুতুলগুলো দিয়ে খেলতে খেলতে আমি ক্লান্ত হয়ে পড়েছি। খেলতে আর ইচ্ছে করে না। আমি খুব একা, সারাদিন তো বিছানাতেই পড়ে থাকি..."।

ছেলেটির ছলছলে চোখ দুটোর দিকে আমি তাকাতে পারছিলাম না। সেনাকি জন্ম থেকেই হাঁটতে পারে না। কথাটা শুনেই আমার চোখ দিয়ে জল ঝরতে লাগল। ধন ও প্রাচুর্যের মধ্যেও জীবনের কী রহস্যময়তা। মানুষ মন্দিরে যে প্রার্থনা করে, অন্তরের চোখের জল ফেলে, তা হয়তো সেই অপার রহস্যকে বুঝতে না পারার জন্যই। আমি তাকে কথা দিলাম, "তোমায় ছেড়ে আমি যাব না, আমি কোথাও যাব না।"— এই বলে ছেলেটির সঙ্গে খেলতে শুরু করতেই একজন ভদ্রমহিলা এসে আমাকে ভীষণ বকা দিল।

— "কাঞ্চি, একে নিয়ে যা, বাবুর কাছ থেকে সরিয়ে নিয়ে যা— কোথাকার, কোন ব্যাক্টেরিয়া নিয়ে বিছানায় উঠেছে। এই যা-যা..."

কাজের মেয়েটি আমাকে ছেঁচড়ে নিয়ে গেল, ছেলেটির আর্দ্র চোখ দুটি আমার মনে গেঁথে রইল। কাজের দিদিটি আমাকে সতর্ক করে দিল, "এখানে যতদিন থাকবি থাক, কিন্তু মেমসাহেবকে দেখলেই চট করে লুকিয়ে যাবি। রাজনীতি করা মানুষ তো। খুব খামখেয়ালি স্বভাবের।"

আমার জিজ্ঞেস করতে ইচ্ছে করছিল, রাজনীতির মানেটা কী? কিন্তু জিজ্ঞেস করার আগেই সেই কাজের দিদিটি বলল, "তা তুই মূর্খ রাজনীতির কী বুঝবি? জনতা যে ভোট দেয়, দেশ চালায়, আমাদের মেমসাহেবও তাই। গতবার সাহেব হেরেছিলেন, এবার নাকি জিতবেনই। তা তুই এসেছিস যখন, তখন নিশ্চয় জিতবেন।"— দিদিটির কথা শুনে আমার হাসি পেল। আমি যেন কোথাকার কোন সাধু-সন্ন্যাসী!

তিন

"এই লড়কি ইধার আও, ইধার আও"— ভোরবেলাই বুড়ো আমাকে এই বলে ডাকতে থাকল। নিশ্চয়ই কিছু গণ্ডগোল করেছি ভেবে আমি সংকোচিত হয়ে নির্বাক হয়ে দাঁড়িয়ে থাকলাম। বুড়ো বলল, "গ্রামে তুই কী কী দেখেছিস? শস্য ফুল ফুটে থাকা খেত দেখেছিস, নদীর পাশের কাশ ফুল দেখেছিস? পাকা সুপোরির গাছ দেখেছিস? কালাজ্বরে মরা মানুষ দেখেছিস, শ্মশান দেখেছিস, বাঁশবাগানের তলায় গোলাগুলি দেখেছিস, যুবকের কাঁচা রক্ত ঝরতে দেখেছিস কখনো?" বল— এসবের কোনটা তুই দেখে এসেছিস? বোকা, এটা আধুনিক পৃথিবী। ক্ষমতা আর অর্থের প্রত্যাশা যদি নেই, এখানে তবে কীসের আশায় এসেছিস? আমি এই বাড়ির মূল স্তম্ভ। আমি এক পরম্পরার সম্পদ। বাড়ির বাকি মানুষগুলো? তারা ব্যক্তি। প্রয়োজন হলে তারা একে অপরকে মারতেও পারে। কেউ কারও মৃত্যুতে চোখের জল ফেলে না। তা নইলে, এই যে প্রতিদিন এত মানুষ রাজনীতির জন্য প্রাণ দিচ্ছে, রাস্তার পাশের জমকালো বাড়িগুলোতে কী তাদের জন্য কোনো কান্নার রোল ওঠে?

বুড়োর এসব কথার কোনো মাথা-মুণ্ডুই আমার বোধগম্য হয় না। চট করে সেখান থেকে পালিয়ে এসে উপস্থিত হই কাজের দিদির কাছে। দিদি আমাকে বকুনি দেয়। "যা, যেখানে থাকতে বলেছি সেখানে থাক গিয়ে, কেন্নোর মতো যেখানে-সেখানে ঘুরিস না। কোথাও কিছু অঘটন ঘটলে, তোর তো বেতন কাটবে না, কাটবে আমার..."

সেই দিদির কাছ থেকে চলে আসার সময় একবার বাবুর সঙ্গে দেখা করে আসার ইচ্ছে হল। ভয়ে ভয়ে বাবুর ঘরে উঁকি মেরে যখন দেখলাম সেখানে মেমসাহেবের ছায়া বা কায়া কিছুই দেখা যাচ্ছে না, তখন অত্যন্ত উল্লসিত হয়ে সেই ঘরে গিয়ে ঢুকলাম। বাবু যেন আমার জন্য অপেক্ষা করছিল। আমাকে দেখেই অত্যন্ত আনন্দিত হয়ে বলে উঠল, "এসো এসো, কোথায় মরেছিলে?" আমি তখন এক লাফে তার পাশে দাঁড়াতেই সে বলল, "আমি তো কাল যাচ্ছি। কাল একটা বড়ো হাসপাতালে আমাকে রেখে আসবে। সেখানে গেলে নাকি আমার পা ভালো হয়ে যাবে। তখন তোমার সঙ্গে আমি খেলতে পারব। সমস্ত পৃথিবীটা দৌড়ে বেড়ানোর আমার ইচ্ছে। তুমি পারবে তো আমার সঙ্গে দৌড়তে, পারবে তো?"

Scanned with OKEN Scanner

বাবুর কথা শুনে বহুদিন পর আমার মনটা কেমন শ্বেতদ্রোণ ফুলের মতো ফুল্ল উঠল। লোকে আমায় গোঁসাই বলে ডাকে, যদি আমি তেমনই একজন কিছু হয়ে থাকি— তাই ভেবে বাবুর জন্য প্রার্থনা করলাম। তার বুকের কাছে মাথাটা নামিয়ে জানালাম শুভাশিস।

আবার সেই কাজের দিদি হঠাৎ করে সেখানে উপস্থিত হয়ে চিৎকার করে উঠল, "মেমসাহেব তোকে এখানে আসতে বারণ করেছেন না। যা, চলে যা কচ্ছি এখান থেকে।"

আমি সজল চোখে বাবুর কাছ থেকে চলে এলাম।

চার

সেদিন রাতেই আমার আরেকটা নতুন যাত্রা আরম্ভ হল। বরুয়া এবং আরও কয়েকজন ভদ্রলোক আমাকে একটি সুন্দর গাড়িতে বসিয়ে কোথাও যেন নিয়ে এল। অচেনা এ যাত্রা। কোথায় যাব, কেন যাব— কিছুই জানি না। বাবুর চাবি দেওয়া পুতুলগুলোর মতো আমিও যেন যন্ত্রীর ইচ্ছাতেই ঘুরি। আমার অনুভূতি, আমার ইচ্ছা-আকাঙ্ক্ষা, আমার ভালো লাগা, আমার বেদনা ইত্যাদি যেন থাকতে পারে না।

কারণ আমি একটি ছাগলের বাচ্চা।

কালো।

দেবীর কাছে উৎসর্গীকৃত এক প্রাণ। বরুয়ারা আমাকে নিয়ে এসেছে, অনুগ্রহ করে বাবুকে এ কথা বলবেন না। আমার কাটা মাথাটা তাকে দেখাবেন না... রেঃ।

মূল গল্প 'নৈবেদ্য'। অনুবাদ করেছেন তপতী দত্ত ॥

তপতী দত্ত (১৯৮৪)
গবেষক। শিক্ষক।

চৈত্রের শিম

অপূর্বকুমার শইকিয়া

'বারীর পিছফালে কজলা উরহী পাতে তিরেবিরে করে' মোহনবুড়ো যখনই গাইতে শুরু করল, তা আমপাতার আড়াল থেকে প্রিয়তমার প্রতি কোকিলের দরদী স্বরের মতো মনে হল। সেই মুহূর্তে উত্তর হিসাবে আমিও গাইলাম— 'আরু তাকে দেখি মোরো দেখোন বাঁতি আহোঁ আহোঁ করে।'[১]

আমার গান গাওয়াটা সার্থক হল। যেমনটি আশা করেছিলাম ঠিক তেমনভাবেই বুড়োর মাথায় ঘিলুগুলো টগবগ করে ফুটতে লাগল, চোখে যেন জ্বলন্ত শিমুল-গুঁড়ির লেলিহান শিখা। বর্ষণোন্মুখ বৈশাখী মেঘের ভারী গর্জনের মতো বুড়ো এবার গাঁকগাঁক করে উঠল— অ্যাই হতচ্ছাড়া! গেলি এখান থেকে!

মোহনবুড়োর উঠোনে ঘাসের ওপর বস্তা বিছিয়ে তাতে আধশোয়া হয়েছিলাম, বুড়ো সেখান থেকেও আমাকে তাড়াতে চাইছে। আমি তেমন একটা আশঙ্কা করছিলামই— মোহন 'দাদু'র অত্যধিক আদর আমাকে দুর্বল করে, জগতের ওপর মায়া বাড়ায় আর আমি যে এক দুর্বার বেগে এই পৃথিবী থেকে পালানোর অহরহ চেষ্টা করছি, তাতে বাধা দেয়। একাকী, শতায়ু মোহনদাদুর মায়াজাল কেটে বেরিয়ে আসার জন্য আমার কাছে এটা এক সুবর্ণ সুযোগ। চট করে উঠে দেউড়ির দিকে এগোতেই মোহনবুড়ো আমার বাহুমূলে খপ করে ধরল— "আছোলা কঞ্চি দিয়ে চাবকে তোর পিঠে-পাছায় চাকাচাকা নকশা তুলে বিছুটি লাগাব শালা। আর কিছু না হোক, দু-টুকরো পাকা পেঁপে খেয়ে যা।"

খেলাম না, দাঁড়ালামও না। রাগের চোটে এক ছুটে গাঁয়ের রাস্তায় গিয়ে উঠলাম। নরম হলে চলবে না, একদম নয়। লোকে লাই পেয়ে যায়।

দূর থেকে বুড়োর তর্জন-গর্জন শোনা যাচ্ছিল— "যা যা, অপদার্থ কোথাকার, বেশি ফুটানি মারিস না। ভোর না হতেই বেহায়ার মতো সুরসুর করে এখানে চলে

Scanned with OKEN Scanner

অরুণ
ARUN
Vol XXII, Issue I, July 2024
Departmental Journal
Department of Bengali, Cotton University
Guwahati 781 001

মাঘোৎসব: আচার্যের অভিভাষণ
মানবেন্দ্র মুখোপাধ্যায় ॥ ৯

বাংলা কবিতা: উত্তরপূর্বের আলোয়
সঞ্জয় চক্রবর্তী ॥ ১৫

মেয়েদের সংস্কৃতিচর্চা: অধিকার আদায়ের প্রারম্ভিক আখ্যান
জয়িতা দাস ॥ ৩৩

স্বর্ণকুমারী দেবীর দৃষ্টিতে নারী পরিসর
মধুপী পুরকায়স্থ ॥ ৪৬

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের স্মৃতিকথা: নাটমঞ্চে এক লেখকের জীবনদর্শনের বিবরণ
গোবর্ধন অধিকারী ॥ ৫৪

সত্যজিতের গোয়েন্দাকাহিনিতে অপরাধ ও অপরাধী: একটি অধ্যয়ন
রাহুল দে ॥ ৬৭

বাংলা মনস্তত্ত্বমূলক ছোটোগল্প এবং নরেন্দ্রনাথ মিত্র
দীপশিখা দাস ॥ ৮২

পুরাণ কাহিনির পুনর্নির্মাণ: বাণী বসুর অষ্টম গর্ভ
প্রাণজিৎ সরকার ॥ ৯৭

কথাসাহিত্যিক সন্তোষকুমার ঘোষ: বর্ণময় সাংবাদিকের জীবনালেখ্য
অশোককুমার রায় ॥ ১০৯

সোনার সিঁড়ির উপকথা : লোককথার খণ্ড চিত্র
তপতী দত্ত ॥ প্রসূন বর্মন ॥ ১১৫

লেখক-পরিচিতি ॥ ১২৪

সম্পাদক প্রসূন বর্মন

বাংলা বিভাগ
কটন বিশ্ববিদ্যালয়

ISSN 2278-8026
42000 06200

ISSN 2278-8026

অরুণ

নবপর্যায় দ্বাবিংশ বর্ষ, প্রথম সংখ্যা
শ্রাবণ ১৪৩১ ॥ জুলাই ২০২৪

বিভাগীয় পত্রিকা
বাংলা বিভাগ ॥ কটন বিশ্ববিদ্যালয়

Scanned with OKEN Scanner

অরুণ

প্রকাশক
বাংলা বিভাগ, কটন বিশ্ববিদ্যালয়, গুয়াহাটির পক্ষে ড. দেবযানী দে

প্রকাশকাল
শ্রাবণ ১৪৩১ ॥ জুলাই ২০২৪

সম্পাদক
প্রসূন বর্মন

সম্পাদনা-পরিষদ
ড. শিপ্রা গুহ নিয়োগী
ড. প্রশান্ত চক্রবর্তী
ড. দেবযানী দে
ড. মধুপী পুরকায়স্থ

নামলিপি
প্রদ্যোত চক্রবর্তী

প্রচ্ছদ
নয়নজ্যোতি শর্মা

মূল্য
₹ ২৫০.০০

অক্ষরবিন্যাস ও মুদ্রণ
সিটি অফসেট
আদাবারী তিনিআলি, গুয়াহাটি ৭৮১ ০১২

ISSN 2278-8026

উৎসর্গ

মাইকেল মধুসূদন দত্ত
(১৮২৪-৭৩)

Scanned with OKEN Scanner

ARUN

A Double-Blind Peer Reviewed Journal of Humanities

Advisory Board

Jayanta Bhushan Bhattacharjee

(Formerly Vice-Chancellor, Assam University, Silchar)

Ramkumar Mukhopadhyay

(Litterateur, Formerly Regional Secretary, Eastern Region, Sahitya Akademi)

Usharanjan Bhattacharya

(Retd. Professor, Gauhati University, Guwahati)

Manabendra Mukhopadhyay

(Professor, Visva-Bharati University, Santiniketan)

Barendu Mandal

(Professor, Jadavpur University, Kolkata)

Editorial Board: 2024-25

Editor

Prasun Barman

Members

Dr. Sipra Guha Neogi

Dr. Prasanta Chakraborty

Dr. Madhupee Purakaystha

Dr. Debjani Dey

ARUN Bibhagiya Patrika [Departmental Journal], Department of Bengali,
Cotton University, Guwahati 781 001, Assam
Volume XXII, Issue I ॥ July 2024
www.cottonuniversity.ac.in

সূচি

মাঘোৎসব: আচার্যের অভিভাষণ	মানবেন্দ্র মুখোপাধ্যায়	৯
বাংলা কবিতা: উত্তরপূর্বের আলোয়	সঞ্জয় চক্রবর্তী	১৫
মেয়েদের সংস্কৃতিচর্চা: অধিকার আদায়ের প্রারম্ভিক আখ্যান	জয়িতা দাস	৩৩
স্বর্ণকুমারী দেবীর দৃষ্টিতে নারী পরিসর	মধুপী পুরকায়স্থ	৪৬
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের স্মৃতিকথা: নাটমঞ্চে এক লেখকের জীবনদর্শনের বিবরণ	গোবর্ধন অধিকারী	৫৪
সত্যজিতের গোয়েন্দাকাহিনিতে অপরাধ ও অপরাধী: একটি অধ্যয়ন	রাহুল দে	৬৭
বাংলা মনস্তত্ত্বমূলক ছোটোগল্প এবং নরেন্দ্রনাথ মিত্র	দীপশিখা দাস	৮২
পুরাণ কাহিনির পুনর্নির্মাণ: বাণী বসুর *অষ্টম গর্ভ*	প্রাণজিৎ সরকার	৯৭
কথাসাহিত্যিক সন্তোষকুমার ঘোষ: বর্ণময় সাংবাদিকের জীবনালেখ্য	অশোককুমার রায়	১০৯
সোনার সিঁড়ির উপকথা:লোককথার খণ্ড চিত্র	তপতী দত্ত ॥ প্রসূন বর্মন	১১৫
লেখক-পরিচিতি		১২৪

Scanned with OKEN Scanner

৪. রমেনকুমার সর (সম্পা), 'সাহিত্য-পরিষৎ পত্রিকা', কলকাতা: বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ২৬ বর্ষ ৩য় সংখ্যা, ১৪২৬ ব., পৃ. ১২৮।
৫. সন্তোষকুমার ঘোষ, পূর্বোক্ত, পৃ. ৯১।
৬. তদেব, পৃ. ১০১।
৭. পার্থ চট্টোপাধ্যায়, "সন্তোষকুমার ঘোষ", 'দেশ', ২ ফেব্রুয়ারি ২০২০, পৃ. ৮৩।
৮. সন্তোষকুমার ঘোষ, পূর্বোক্ত, পৃ. ৫৬৫।
৯. তদেব, পৃ. ৬২৫।
১০. রবিশংকর বল ও কুশল রায়, "অসীম রায়: জীবন-মৃত্যু এক", কলকাতা: ঋকাল বুকস, ২০১৮, পৃ. ৭০।

সোনার সিঁড়ির উপকথা: লোককথার খণ্ড চিত্র

তপতী দত্ত ॥ প্রসূন বর্মন

সারসংক্ষেপ

অঞ্জলি লাহিড়ীর (১৯২২-২০১৩) 'সোনার সিঁড়ির উপকথা' উপন্যাসে খাসিজীবনের বৈচিত্র্যময় লোকসংস্কৃতির বৈভব ছড়িয়ে আছে। মেঘালয়ের অন্যতম প্রধান জনগোষ্ঠীর জীবনযাত্রা— তাদের খাদ্যাভ্যাস, পোশাক, লোকক্রীড়া, লোকনৃত্য, লোকসংগীত, লোকছড়া, লোকাচার, লোকউৎসব, প্রবাদ, বিশ্বাস, মন্ত্র, লোককথা, কিংবদন্তি প্রভৃতির বিস্তৃত ও নিখুঁত বর্ণনা উপন্যাসটির অন্যতম সম্পদ। লোককথা আর কিংবদন্তি কীভাবে উপন্যাসকাহিনিতে বিবৃত হয়েছে, তা বোঝার চেষ্টা করাই বর্তমান আলোচনার মূল উদ্দেশ্য। উপন্যাসটিতে মাতৃতান্ত্রিক খাসিসমাজের চিত্র-বিচিত্র কাহিনি কীভাবে অঞ্জলি চিত্রিত করেছেন, সে কথাও জানার চেষ্টা করা হয়েছে এ সন্দর্ভে। সমস্ত আলোচনাই ঔপন্যাসিকের বয়ান এবং খাসি লোককথা ও কিংবদন্তির আলোয় বোঝার চেষ্টা করা হয়েছে।

বীজশব্দ: অঞ্জলি লাহিড়ী, উত্তরপূর্ব ভারত, উপন্যাস, কিংবদন্তি, খাসি, লোককথা ॥

ভূমিকা

কোনো জনগোষ্ঠীর সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরতে লোককথা ও লোকঐতিহ্যের আশ্রয় নেন অনেকেই, পুনর্নির্মাণ করেন তার বয়ানকে। মুখে মুখে প্রচলিত সহজ-সরল গল্পকথার মধ্য দিয়ে লেখক তুলে ধরেন সেই সব কাহিনি, যা তাঁর উদ্দিষ্টকে সফল করে তোলে। এসব কাহিনির মধ্য দিয়েই ঔপন্যাসিক প্রকাশ করেন

তপতী দত্ত ॥ প্রসূন বর্মন : *সোনার সিঁড়ির উপকথা:* লোককথার খণ্ড চিত্র
অরুণ, বিভাগীয় পত্রিকা, বাংলা বিভাগ, কটন বিশ্ববিদ্যালয়, ২০২৪, দ্বাবিংশ বর্ষ, প্রথম সংখ্যা, পৃ. ১১৫-১২৩

Scanned with OKEN Scanner

জনগোষ্ঠীয় ইতিহাসকে, তার অগ্রসরের ইতিকথাকে। মহাশ্বেতা দেবী (১৯২৬-২০১৬) যেভাবে ভেবেছেন কিংবা যেভাবে চিনুয়া আচেবে (১৯৩০-২০১৩) প্রান্তীয় জীবনকে আলোকিত করেছেন, শিলং-দুহিতা অঞ্জলি লাহিড়ীও সেই শৈলীই অনুসরণ করেছেন।

অঞ্জলি লাহিড়ীর শেষ উপন্যাস 'সোনার সিঁড়ির উপকথা'। গুয়াহাটি থেকে প্রকাশিত 'সংবাদ লহরী' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হওয়ার পর ২০১১ সালের অগস্ট মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। বইটি উৎসর্গ করা হয়েছে 'নীরেন লাহিড়ীর স্মৃতিতে'। উপন্যাসের নায়ক জোয়াই দেশের 'সিল্টেং' গোষ্ঠীভুক্ত পনারভাষী রাপলাং রিম্বাই, নায়িকা লিংডো পরিবারের যুবতী থিরিশিয়া। তাদের প্রেম-ভালোবাসা আর জীবন সংগ্রামের মধ্য দিয়ে লেখক প্রকাশ করেছেন নানা সামাজিক ও রাজনৈতিক ঘটনাপ্রবাহের। এই প্রেক্ষিতেই বারবার উঠে এসেছে খাসি লোককথা ও সংস্কৃতির বৈচিত্র্যময় সম্ভারের রূপ-চিত্র।

সোনার সিঁড়ি ও লুমসাম্পার

'সোনার সিঁড়ির উপকথা' উপন্যাসটির নামকরণের মধ্যে রয়েছে একটি খাসি কিংবদন্তি। খাসি লোকবিশ্বাস অনুযায়ী ঈশ্বর এই সুন্দর পৃথিবী গড়ে তোলার পাশাপাশি ষোলো ঘর মানুষের পরিবারও গড়ে তুলেছিলেন। তারাও ঈশ্বরের সঙ্গে স্বর্গেই বসবাস করতেন। তবে লুম সোফেটে অবস্থিত সোনার সিঁড়ির সাহায্যে প্রায়ই পৃথিবীতে নেমে আসতেন তারা। কাজ শেষে আবার ফিরেও যেতেন। এই সিঁড়িই ছিল পৃথিবীর সঙ্গে স্বর্গের যোগাযোগের পথ।

একদিন তাদেরই কয়েকজন মর্ত্যে বসবাসের জন্য ঈশ্বরের অনুমতি চাইলেন। তারা এও প্রতিশ্রুতি দিলেন যে পৃথিবীর সমস্ত কিছুর দেখাশুনা করবেন এবং ন্যায়-শৃঙ্খলা বজায় রাখবেন। ঈশ্বর তখন সাতটি পরিবারকে পৃথিবীতে স্থায়ীভাবে বসবাসের অনুমতি দিলেন। তারাই খাসি, পৃথিবীর আদি বাসিন্দা। কিন্তু হঠাৎই এক কপটের চক্রান্তে তারা সোনার সিঁড়ির গাছ কাটার সিদ্ধান্ত নেয়। তারা যতই কাটে, পরদিন আবার শাখা-প্রশাখা প্রলম্বিত করে সতেজ হয়ে ওঠে গাছটি। কীভাবে রোজ কাটা গাছটি আবার ডাল-পালায় ভরে ওঠে, তা বলে দেয় ফ্রেইট পাখিটি। একটি বাঘ রাতে এসে গাছের কাটা অংশটি চেটে যায়, তাই সে আবার জেগে ওঠে। এ গোপন কথাটি জানতে পেরে তারা কৌশলে বাঘটিকে তাড়িয়ে দেয় আর গাছটিকে চিরকালের জন্য কেটে ফেলে।

উপন্যাসের চতুর্থ অধ্যায়ে নায়িকা থিরিশিয়ার জ্যাঠামশাই পাসানের মুখে এই কিংবদন্তিটির কথা বলেছেন ঔপন্যাসিক।[১] তবে উপন্যাস-কাহিনিতে প্রথম কিংবদন্তির উল্লেখ রয়েছে দ্বিতীয় অধ্যায়ে। 'লুমসাম্পার' পাহাড়কে ঘিরে এই কিংবদন্তিটি লেংখার পথে যেতে যেতে রাপলাংকে শুনিয়েছিল মাঝবয়সী বাখ্‌লিন। পুরাকালের বহু কিংবদন্তি জড়িয়ে আছে এই পাহাড়কে ঘিরে:

> পুরাকালে এই পাহাড় শুধু উড়ে বেড়াত। একদিন আকাশে গিয়ে ঠেকে তার মাথা। পশ্চিমের খাড্‌সাওফ্রা গ্রামের বিরাট শক্তিশালী পাহাড় লুমক্যেল্লান। তিনি যুদ্ধের দেবতা। লুমসাম্পারের এই ঔদ্ধত্য তার সহ্য হয় না। অসীম তাঁর শক্তি; তাঁর বুকেই জন্ম নেয় সাইক্লোন, শিলং পিক দুহিতা উমঙ্গট তাঁর প্রেয়সী। লুমসাম্পারের এই

> বেড়ে ওঠার স্পর্ধা দেখে লুমক্যেল্লান ছুড়ে মারলেন বড়ো বড়ো পাথরের গোলা লুমসাম্পারের বুক লক্ষ করে। বড়ো বড়ো ক্ষত চিহ্ন বুকে ধারণ করে লুমসাম্পার লজ্জায় মাথা নিচু করে ফেললেন।[২]

মাওবিন্না বা মনোলিথ

মনোলিথ নিয়ে প্রচলিত লোককথাটিও শুনিয়েছে পাসান। ডিসেম্বরের এক হাড়-কাঁপানো ঠাণ্ডার রাতে হাতে লাঠি, মাথায় পাগড়ি, কোটের ওপর এণ্ডির চাদর জড়িয়ে থিরিশিয়াদের বাড়িতে এসে উপস্থিত হয় পাসান। প্রচণ্ড শীতে সবাই যখন কম্বল মুড়ি দিয়ে শুয়ে থাকতে পছন্দ করে, তখন পাহাড় ডিঙিয়ে এতটা পথ হেঁটে, নিশ্বাস দিয়ে ধোঁয়া ছাড়তে ছাড়তে আর পান চিবোতে চিবোতে পাসানের আগমন। বয়স্ক, আঁটোসাঁটো গড়নের পাসান লাঠি ঠুকঠুক করে আজ এ-বস্তি, কাল ও-বস্তিতে ঘুরে বেড়ায়। তার ঝুলিতে সব পুরানো দিনের কাহিনি। এত শীতের রাতে তাকে এভাবে উপস্থিত হতে দেখে সবাই একটু অবাক হলে তিনি বলেন:

> আরে আমি হলাম গিয়ে সে-যুগের মানুষ। আমাদের সময় দেখেছি আকাশ থেকে পেঁজা তুলোর মতো বরফ ঝরে পড়ত। এখন তো হিম জমে এক পরত পাতলা বরফ। এতেই তোমরা শীতে কাবু। এমন দিনেই তো গরম চায়ের সঙ্গে আড্ডাটা জমে ভালো।[৩]

শুরু হয় তাঁর গল্প বলা, যা তিনি ছেলেবেলায় মায়ের কাছে শুনেছিলেন। মনোলিথ বা মাওবিন্নাকে নিয়ে অনেক গল্পই রয়েছে। খাসি-জয়ন্তিয়া পাহাড়ের এই পাথরের স্মৃতি স্তম্ভগুলোই এখানকার সভ্যতার অন্যতম প্রাচীন চিহ্ন। মাওবিন্না প্রসঙ্গে পাসানের উক্তি:

> আমাদের অতীতের আয়না কিন্তু এই পাথরের স্মৃতিফলকগুলোই। দেখিসনি খাসি-জয়ন্তিয়া পাহাড়ের আনাচেকানাচে, পাহাড়ের চূড়ায়, ঘন জঙ্গলে, পাহাড়ে চলার পথে পথে প্রহরীর মতো দাঁড়িয়ে আছে গ্র্যানাইট পাথরের ওই মস্ত মস্ত স্তম্ভগুলো। নির্জন পাহাড়ে বস্তিতে প্রায়ই দেখা যায় তিনটে, পাঁচটা বা সাতটা করে খাড়া পাথর (মেনহির) আর সামনে মাপে-কাটা টেবিলের মতো শোয়ানো পাথর (ডলমেন)। একবার তোদের জোয়াইয়ের নরতিয়াঙে নিয়ে যাব। ওখানকার মাওবিন্না শুনেছি হাজার বছরের পুরনো। কী বিরাট পাথর, সাতাশ ফুট উঁচু, ছয় ফুট চওড়া, প্রস্থে আড়াই ফুট। শুনেছি মহাবীর মারফালিংকি ওই পাথর খাড়া করেছিলেন।[৪]

পাসানের মুখে অঞ্জলি যে কথা শুনিয়েছেন, তা সর্বত্রই আলোচিত ও সমর্থিত।[৫] এমনই এক স্মৃতিস্তম্ভ ছিল চেরাপুঞ্জির লাইডু গ্রামে। তা নিয়েই পাসান ছেলেবেলায় মায়ের কাছে শুনেছিলেন আরেকটি গল্প। গল্পটি এরকম: রাজা স্থির করলেন মাওবিন্না অর্থাৎ বিশেষ ব্যক্তির স্মৃতিস্তম্ভ প্রতিষ্ঠা করবেন। কিন্তু সে পাথর আর নড়ে না। গ্রামসুদ্ধু লোক এসে টানাহ্যাঁচড়া করে। পাথর কিন্তু স্থির। রাজা তখন রুপোর চেন দেওয়া চুনের কৌটো ঘুরিয়ে ঘুরিয়ে মন্ত্র পড়তে লাগলেন। হঠাৎ কৌটোটি থেমে যায়, তার মাথা অর্থাৎ ঢাকনিটা পড়ে গেল গর্তের মধ্যে। কাছেই দাঁড়িয়েছিল রাজকর্মচারী। তাকে হুকুম দেওয়া হল কৌটোর ঢাকনিটা কুড়িয়ে আনতে। লোকটি যেই-না গর্তে নেমেছে, স্থির মাওবিন্না নড়ে ওঠে সেই গর্তে দাঁড়িয়ে পড়েছে। রাজকর্মচারীটি চাপা

Scanned with OKEN Scanner

পড়ে যায় মাওবিন্নার নিচে। শেষ অবধি মানুষের রক্তেই মাওবিন্না দাঁড় করানো সম্ভব হয়ে ওঠে।[৬]

ভাষা-বর্ণ, মন্দির আর পবিত্র মোরগ

খাসি জনজীবনের সূত্রপাত, তাদের গড়ে তোলা পাথরের সভ্যতা প্রভৃতির বিষয়ে একের পর এক গল্প ও কিংবদন্তি শোনাতে থাকে পাসান। খাসিদের প্রাচীন ভাষা-বর্ণ আর তাদের ইতিহাস কীভাবে বিলুপ্ত হয়েছে, সে কথাও শুনিয়েছেন ঔপন্যাসিক। বহুযুগ পূর্বে পাসান তার দাদু-দিদিমার মুখে শুনেছিলেন সে কাহিনি। কাহিনিটি: একবার প্রচণ্ড বন্যায় ভেসে গেল সমস্ত দেশ। চারদিকে জলে থইথই। খাসিদের মাতব্বরের হাতে ছিল সেই অমূল্য প্রাচীন ভাষার লিপি, যেখানে লিপিবদ্ধ ছিল তাদের পুরোনো দিনের কথা। অতীত যুগের 'ইয়াও বেই তিনরাই' ছিলেন খাসিদের আদি মাতা-গোষ্ঠী, বংশ সৃষ্টির মূল শিকড়, যার থেকে ডালপালা ছড়িয়ে তৈরি হয়েছে আজকের খাসি সমাজ। খাসি সমাজের পুরোনো সব গাথা-কাহিনি, ভাষা-লিপি, ইয়াও বেইয়ের নাম— সবই লিপিবদ্ধ ছিল সেই আদিতম গ্রন্থে। একবার প্রবল বন্যার কবলে পরে সমাজের প্রধান ভাবলেন যে দলিল যদি জলে ভেসে যায়, তাহলে সব ইতিহাস মুছে যাবে চিরকালের জন্য। তাই অনেক ভেবেচিন্তে তিনি সে দলিল মুখে ভরে নিলেন। তারপর সাঁতরে যখন ডাঙায় পৌঁছলেন, দলিল তখন হজম হয়ে গেছে। ন্যাতা হয়ে একেবারে মাতব্বরের পেটের ভিতর। বন্যার কবলে পড়েছিল সমতলের দেশও। কিন্তু তাদের প্রধান বা মাতব্বরের চুল ছিল লম্বা। তাই বুদ্ধি করে তিনি চুলের মধ্যেই বেঁধে নিয়েছিলেন তাদের আদি গ্রন্থ। তিনি যখন সাঁতরে ডাঙায় ওঠেন, তখন সে দলিল দিব্যি রয়ে যায়। এভাবেই সমতলবাসীর প্রাচীন লিখিত ঐতিহ্য রক্ষা পেয়েছে কিন্তু খাসিদের সে ইতিকথা হারিয়ে গেছে।[৭]

মিসেস র‍্যাফির লেখা 'Folk Tales of the Khases' গ্রন্থের 'The Lost Book' গল্পটিও এ কথারই সাক্ষ্য বহন করে। মিসেস র‍্যাফি সেখানে এর পরবর্তী ঘটনাক্রমের বর্ণনা দিয়েছেন এভাবে:

> When he reached his own country, he summoned together all his kindred and told them all that had happened. They were very sad when they heard that the book was lost, and bewildered because they dad no means of enlightenment. They resolved to call a Durbar of all the Khasis to consider how they could carry on their worship in a becoming way and with some uniformity, so as to secure for themselves the three great blessings of humanity— health, wealth, and families.
>
> Since that day the Khasis have depended for their knowledge of sacred worship on the traditions that have come down from one generation to the other from their ancestors who sat in the great Durbar after the sacred book was lost, while the foreigners learn how to worship from books.[৮]

কথক পাসান কামাখ্যা মন্দির নিয়েও একটা ছোট্ট কাহিনি শুনিয়েছিলেন থিরিশিয়াদের। সেটি: খাসিদের

পূর্বপুরুষেরা বহুকাল পূর্বে মেকঙের কোনো এক উপত্যকা থেকে যাত্রা শুরু করে চলতে চলতে যখন ব্রহ্মপুত্রের তীরে এসে উপস্থিত হয়, তখন সেই নদী, এর তীরবর্তী পাহাড়, বালুর চর, চারপাশের গাছ-গাছালির সৌন্দর্য মুগ্ধ হয়ে এখানেই বসবাস করার সিদ্ধান্ত গ্রহণ করেন। নদী তীরবর্তী নীলাচল পাহাড়ের বুকে গড়ে ওঠে বসতি জনবসতি। তখন বুনো হাতি, বাঘ, চিতা, অজগর, গোখরো প্রভৃতি কত যে হিংস্র জন্তু আর প্রাণী ছিল। সবার সঙ্গে লড়াই করে বেঁচে থাকা তো আর সহজ কথা নয়। তখন সবাই উপলব্ধি করলেন এবার তাদের একজন জাগ্রত ঈশ্বর দরকার— আর কতদিন এভাবে সকলের তাড়া খেয়ে বেড়াবেন। ফলে বেশ আড়ম্বরের সঙ্গে তারা তৈরি করলেন এক মন্দির। নাম রাখলেন: 'কা মেই খা'র (জন্মদাত্রী মায়ের) মন্দির। এরপর কিন্তু সেই মা খাসিদের আর রক্ষা করতে পারলেন না। এখানকার আদিবাসী বলে দাবী করা বোড়োরা তাদের মেরে তাড়িয়ে দিল।[৯] উপন্যাসে বর্ণিত এই কাহিনির সমর্থন পাওয়া যায় বাণীকান্তকাকতির (১৮৯৪-১৯৫২) রচনায়।[১০]

খাসি সমাজে মোরগকে অত্যন্ত পবিত্র জ্ঞান করা হয় এবং সেখানে মোরগের বলি দিয়ে ঈশ্বরের প্রতি তর্পণের প্রথা প্রচলিত। এর পিছনেও রয়েছে একটি কিংবদন্তি, যা পাসান শুনিয়েছিলেন। কিংবদন্তিটি: সৃষ্টির আদিতে সব জীবিত প্রাণীই একসঙ্গে মিলে নাচ-গান করত। একদিন চাঁদ আর সূর্য নেমে এলেন আকাশ থেকে একসঙ্গে নাচ-গান করবেন বলে। চাঁদ ভাই, সূর্য বোন। তারা দুজন যখন হাত ধরাধরি করে নাচতে শুরু করলেন, তখন কিছু মানুষ নিজ মনের কলুষতাবশত ভাই-বোনের একত্রে নাচ অশুভ বলে আপত্তি প্রকাশ করল। এতে সূর্য অত্যন্ত রেগে গিয়ে 'কা ক্রেম কা লাতাং' গুহায় নিজেকে লুকিয়ে ফেললেন। ফলে সারা পৃথিবী অন্ধকার হয়ে গেল। সমস্ত প্রাণী জগৎ মাথায় হাত দিল— কী করে সূর্যের অভিমান ভাঙানো যায়। অনেকেই অনেক চেষ্টা করে ব্যর্থ হল। তারপর এগিয়ে গেল ধনেশ পাখি। সে গুহায় গিয়ে ফষ্টিনষ্টি আরম্ভ করলে সূর্য প্রচণ্ড রেগে এক কাঠের চৌকি তার মাথায় ছুড়ে মারলেন। সেই থেকে তার ঠোঁটে একটা কালো দাগ হয়ে গেল। অবশেষে এল সম্পূর্ণ নিরাভরণ মোরগ। সব জীবজন্তুরা তাকে রঙিন পালকে সাজিয়ে দিয়ে বলল— যাও, এবার তুমি দেখো সূর্যের মান ভাঙাতে পারো কি না। তখন সেই মোরগ বলল— আমি সামান্য জীব। কিন্তু আমি তাঁর অনুগত। তাঁকে ফিরিয়ে আনতে যদি আমার প্রাণও দিতে হয়, সেজন্যও আমি প্রস্তুত। এই অনুগত ছোট্ট প্রাণীটির ভালোবাসা সূর্যকে আকৃষ্ট করল। গুহা থেকে বেরিয়ে এসে অন্ধকার পৃথিবীকে আলোয় ভরিয়ে দিলেন তিনি। এজন্যই খাসিসমাজ মোরগকে পবিত্র বলে মনে করে।[১১] এই লোককথার সঙ্গে মিল রয়েছে 'বেলি আরু কুকুরা' গল্পটিরও।[১২]

লা পা সিন্তিউ

এরপর এসেছে খাইরিম ও মিল্লিমের সবচেয়ে শক্তিশালী রাজবংশ প্রতিষ্ঠার কাহিনি। পাহাড়-দেবতার বড়ো মেয়ে 'লা পা সিন্তিউ' কীভাবে খাসি রমণীর মূর্তি ধরে নেমে এসে দেববংশের প্রতিষ্ঠা করলেন তার কাহিনি।[১৩] খাসি সমাজের উদ্ভব এবং মেঘালয়ে তাঁদের আগমন ও বসতি স্থাপন সম্পর্কেও এক বিস্তৃত কাহিনি শোনা যায় পাসানের মুখে। এশিয়ার পুবদিকের ইন্দোচিনের মন আন্নাম জনগোষ্ঠীর লোকেরা চলতে চলতে একদিন মেকং আর মেনাম বলে এক উপত্যকায় এসে হাজির হয়। সেখান থেকে জিশুখ্রিষ্টের জন্মের বহু বছর আগে আরও পূর্বদিকে চলে আসে। এই খাসিদের আগমন সম্পর্কে নানাজনের নানা মত রয়েছে। তবে খাসিদের এই পূর্বপুরুষেরা পাথরের এক সভ্যতা গড়ে তুলেছিল। যে পথ দিয়ে তারা এসেছিল, সেই সব পথে ছড়িয়ে রয়েছে

Scanned with OKEN Scanner

নানারকম পাথরের স্মৃতিস্তম্ভ, যা খাসিদের আদিম সভ্যতার সবচেয়ে বড়ো স্মৃতি চিহ্ন। যাই হোক, পূর্বে ছিল পাটকাই পাহাড়ের ঘন জঙ্গল, ভয়ংকর জীবজন্তু হিংস্র মানুষ। বহু সঙ্গীকে হারিয়ে নানা কষ্টে সেসব স্থান অতিক্রম করে তারা এগিয়ে গেল আরও উত্তরে। এভাবে এগোতে এগোতে একদিন তারা এসে উপস্থিত হয় লুইতের পারে। আস্তানা গড়ার ইচ্ছে থাকলেও সেখানকার ভূমিপুত্র চুতিয়া সম্প্রদায়ের সঙ্গে লড়াই বাঁধে। অনিচ্ছা সত্ত্বেও তারা সেখান থেকে আবার চলতে আরম্ভ করে। এভাবে অনেক দেশ পেরিয়ে অবশেষে একদিন এসে পৌঁছোয় ব্রহ্মপুত্রের পারে। ব্রহ্মপুত্রের পশ্চিম পারে অবস্থিত নীলাচল পাহাড়ে গড়ে তুলল বসতি। প্রতিষ্ঠা করল 'কা মেই খা'র মন্দির। কিন্তু সেখান থেকেও বোড়োদর দ্বারা বিতাড়িত হল তারা। সব কিছু পেছনে ফেলে আবার পথে নামল। এবার সেই দলটি ভাগ হয়ে গেল তিন ভাগে। একদল উত্তর থেকে দক্ষিণে, আরেক দল গারো পাহাড়ের দুর্লঙ্ঘ্য জঙ্গল আর গিরিখাদ পেরিয়ে পশ্চিমের পথে চলল। এবং তৃতীয় দল কপিলির পার ঘেঁষে রওনা দিল পুবদিকের জয়ন্তিয়া পাহাড়ে। এভাবে চলতে চলতে একদল এসে উপস্থিত হল এক নতুন দেশে— বিরাট বিরাট গিরিখাদ, উঁচু উঁচু পাহাড়, মেঘ আর রামধনু। সেখানে উপনীত হয়ে মাতব্বর ও দলের সকলের মুখ আনন্দে উজ্জ্বল হয়ে ওঠে: "রক্ত ঝরা দীর্ঘ পথ চলার পর এতদিনে বুঝি দেখা দিল পৃথিবীর বুকে এক নতুন স্বর্গরাজ্য।"[১৪]

সোনার সিঁড়ি

অতঃপর এসেছে সোনার সিঁড়ির কাহিনি। স্বর্গের ষোলো ঘরের সঙ্গে তাদের পরিচয়, তাদের ষোলো ঘরের সঙ্গে সামিল করে নেওয়ার জন্য মাতব্বরের অনুরোধ। তারপরই ষোলো ঘরের দেওয়া শর্ত মেনে নিজেদের সমস্ত অতীত ভুলে তাদের আদিমাতা 'সি'-র বিধান মেনে তারা ষোলো ঘরের সঙ্গে মিশে গেল এবং তখন থেকেই তাদের নাম হল 'খাসি'।[১৫]

থিরিশিয়ার দিদিমা 'বেই'র মুখে বর্ণিত হয়েছে উ-থ্‌লেনের গল্প। খাসি বিশ্বাসানুযায়ী, "ভগবান এক উনংবু, উনংথাও, যাঁর ইচ্ছেতে পৃথিবীর মানুষ সৃষ্টি হয়েছে।" তবে তিনি একা কোন দিক সামলাবেন। তাই হালকা কাজের জন্য তিনি বেশ কয়েকজন ছোটোছোটো দেবতা, উপদেবতা ও প্রেতাত্মার সৃষ্টি করেন। এই দেবতাদের মধ্যে চেরার উ মওলাং সিয়েমের নাম সবাই জানে। তাঁর এক মেয়ে ছিল 'কাকমা খারাই', তাকে অনেকে বিয়ে করতে চাইত। কিন্তু তার বাবা রাজি হতেন না। একবার খারাই 'উমওয়েই'য়ের দেবতার প্রেমে পড়ে। কিন্তু তাতেও তার বাবা আপত্তি জানালে খারাই তখন রেগে গিয়ে বাজে লোকের সঙ্গে ভাব করতে শুরু করে। এরপরে একদিন যখন সে বুঝতে পারে যে সে সন্তানসম্ভবা তখন সে বাবার ভয়ে লুকিয়ে পামদলুই গুহায় মামার কাছে চলে যায়। তার মামা ছিল ইয়াক জাকর (দানব) নামের এক বিরাট ড্রাগন। সেই গুহায় কাকমা খারাই এক ছেলের জন্ম দেয়। সেই ছেলে তো আসলে মানুষ নয়, এক বিরাট মানুষ খেকো সাপ। মানুষের রক্ত ছাড়া আর কিছুই সে খায় না। এই ছেলের নাম উ-থ্‌লেন। উ-থ্‌লেন তার মায়ের মতো যখন-তখন রূপ বদলাতে পারত না, কিন্তু আকার বদলাতে পারত। কখনো সুতোর মতো ছোট্ট সরু, আবার কখনো পাহাড়ের মতো বিশাল। একটা আস্ত মানুষকে সে গিলে খেতে পারত। এই উ-থ্‌লেন ও তার সাঙ্গোপাঙ্গদের হাতে যখন বহু মানুষ মারা যেতে লাগল, তখন মানুষ উত্যক্ত হয়ে উ-মাওলং রাজার কাছে গেল (সে-যুগে ভগবানের সঙ্গে মানুষের প্রায়ই দেখা সাক্ষাৎ হত)। তখন তিনি সব দেবতাদের এক দরবার ডাকলেন। উ-থ্‌লেনকে একেবারে

প্রাণে মারার নির্দেশ তিনি দিতে পারেন না। হাজার হোক, সে তো তাঁর নাতি। তাই তিনি উ-থ্‌লেনকে নির্দেশ দিলেন: সে যে ক'জন মানুষ ধরবে, তার অর্ধেক সে খাবে, বাকি অর্ধেক ছেড়ে দিতে হবে। কিন্তু অর্ধেক সংখ্যক মানুষ ছাড়া পেলেও বাকি অর্ধেক তো তার পেটে যাচ্ছে— তার সংখ্যাও তো কম নয়। এভাবে বহু মানুষের জীবন চলে যাওয়ায় বংশ রক্ষা করাই যে মানুষের জন্য মুশকিল হয়ে যাচ্ছে। তখন তারা সবাই মিলে পরামর্শ করে 'লেইট রিংগিউ' জঙ্গলের উ-সুইদন নামক জাকর (দৈত্য) এর সঙ্গে দেখা করে ও নিজেদের বিপদের কথা বলে। তারা উ-সুইদনকে অনুরোধ করে, যে করেই হোক উ-থ্‌লেনকে মারার জন্য। উ-সুইদন এসে উ-থ্‌লেনের সঙ্গে ভাব জমিয়ে দিন কয়েকের মধ্যেই বুদ্ধি প্রয়োগ করে উ-থ্‌লেনকে হত্যা করে। চারদিকে খবর রটে গেলে সবাই মিলে যায় উ-থ্‌লেনকে দেখতে, বিরাট দরবার ডাকা হয়। সমতল থেকেও লোক আসে। গুহা থেকে টেনে বের করা হয় মৃত উ-থ্‌লেনকে। ঠিক করা হয় উ-থ্‌লেনের মাংস অর্ধেক খাবে সমতলের লোকেরা, আর বাকি অর্ধেক খাসিরা। সমতলের লোকদের খাওয়া শেষ, খাসিদেরও প্রায় শেষ হয়ে এসেছিল। এমন সময় একজন স্ত্রীলোক এসে তার ছেলের জন্য, যে কর্মসূত্রে অন্যত্র থাকায় আসতে পারেনি, হাঁড়িতে কাপড় দিয়ে ঢেকে মাংসের ভাগ বাড়িতে নিয়ে যায়। ছেলে হাঁড়ি খুলতেই দেখে হাঁড়ির মধ্যে সাপের বাচ্চা কিলবিল করছে। ওই এক টুকরো উ-থ্‌লেনের মাংস থেকে জন্মেছে অসংখ্য উ-থ্‌লেন। এই উ-থ্‌লেনের বংশধরেরা এখনও ছড়িয়ে আছে চেরাপুঞ্জি, মিল্লিম, নংক্রেম রাজ্যে। তারপর একে একে তারা আশ্রয় নিয়েছে একেকটি পরিবারে। এই উ-থ্‌লেন যে পরিবারে আশ্রয় নিয়েছে, সাধ্য কী তার হাত থেকে তারা নিষ্কৃতি পায়। কিন্তু উ-থ্‌লেন যে পরিবারে ভর করে তারা টাকা-পয়সা-সম্পত্তিতে পয়মন্ত হয়ে ওঠে। তবে তার বদলে সেই পরিবারকে এনে দিতে হয় মানুষের রক্ত। আর ইচ্ছাকৃতভাবে উ-থ্‌লেন যে পরিবার ছেড়ে চলে যায়, তাদের ধনে-মানে একেবারে সর্বস্বান্ত করে দিয়ে যায়। যে পরিবারে উ-থ্‌লেন আশ্রয় নেয় আর যখন সে বাড়ির কারও কঠিন অসুখ হয় কিংবা দিন দিন কেউ শুকিয়ে যেতে থাকে অথবা অর্থহানি হতে থাকে, তখন সকলেই বুঝতে পারে উ-থ্‌লেন ক্ষুধার্ত, রক্তের পিপাসা হয়েছে। ডাক পড়ে নংসানোদের। পাঠানো হয় তাদের রক্তের খোঁজে। তারা সুযোগের সন্ধানে থাকে। আর কোনো নির্জন স্থানে কোনো মানুষকে একা পেলে তার নাকের মধ্যে ধারালো নল ঢুকিয়ে রক্ত টেনে বাঁশের চোঙায় ভরে নেয়। আর যদি রক্ত পাওয়া না-যায়, তবে কোনো ব্যক্তির চুল, নখ বা কাপড় এনে উ-থ্‌লেনের কাছে নিবেদন করা হয়। গভীর অন্ধকারে উ-থ্‌লেনের পুজোর আয়োজন করা হয়। ঘরের সমস্ত দরজা জানালা খুলে দিয়ে ঘরের মেঝেতে দামি কাপড় বিছিয়ে একটা কাঁসার থালায় মানুষের রক্ত রাখা হয়। পরিবারের সবাই এসে জমা হলে একটা ছোট্ট ড্রাম বাজিয়ে উ-থ্‌লেনের কাছে সম্পত্তি আর স্বাস্থ্যের জন্য আশীর্বাদ ভিক্ষা করা হয়। তখন ধীরে ধীরে লুকোনো জায়গা থেকে একেবেঁকে উ-থ্‌লেনের আবির্ভাব হয়। ছোটো সাপ ধীরে ধীরে বিরাট পাহাড়ের রূপ নিয়ে থালার সামনে আসে। যার রক্ত, কাপড় বা চুল থালায় রাখা হয়েছে তার আত্মা থালার ওপর এসে হাসতে থাকে। ধীরে ধীরে উ-থ্‌লেন তাকে খেয়ে ফেলে। তখন সেই অশরীরী দেহের সত্যিকারের মৃত্যু হয়। এই হচ্ছে উ-থ্‌লেনের কাহিনি।[১৬] 'Folk Tales of the Khases' গ্রন্থের অন্তর্গত ১২ সংখ্যক গল্প 'U Thlen, The snake— Vampire'-এর সঙ্গে অঞ্জলি লাহিড়ীর এই বর্ণনার মিল রয়েছে। এখানে উ-থ্‌লেনের প্রসঙ্গে বলা হয়েছে:

> U Thlen is one of the Legendary Khasi gods, whose worship is limited to a few clans and families. From participation in it all right-

Scanned with OKEN Scanner

thinking Khasis recoil with loathing and horror, inasmuch as it involves the perpetration of crimes, for this god can only be propitiated by offerings of human sacrifices, with many revolting and barbaric rites.

The clans who are reputed to be the devotees and worshippers of the Thlen are regarded with aversion and fear throughout the country, and to them are attributed many kinds of atrocities, such as the kidnapping of children, murders and attempted murders, and many are the tales of hair-breadth escapes from the clutches of these miscreants, who are known as Nongshohnohs.[১৭]

কা-সিঙ্গাই

উপন্যাসের একেবারে শেষের দিকে বেইর কাছ থেকে শোনা আরেকটি লোককথা শুনিয়েছে থিরিশিয়া। আগে নাকি পৃথিবীটা ছিল সমতল। একটা পাহাড়ও ছিল না। এখানে তখন তিন দেবী থাকতেন। একজন কা-ডিং (আগুন), অন্যজন কা-উম (জল) আর তৃতীয়জন কা-সিঙ্গাই (সূর্য)। একদিন এই তিন মেয়ের মা স্বর্গ থেকে নেমে এলেন তাদের দেখতে। কিন্তু এখানে এসেই তিনি মারা গেলেন। তখন খাসি রীতি অনুযায়ী সবচেয়ে ছোটো মেয়ে কা-সিঙ্গাইর ওপরই পড়ল মাকে সৎকার করার দায়িত্ব। তার তাপে গাছপালা, ঝোপঝাড় সব পুড়ে ছাই, নদী-ঝরনা সব শুকিয়ে গেলেও সবাই অবাক হয়ে দেখল যে মা যেমনটি ছিলেন তেমনটিই আছেন। এবার ডাক পড়ল দ্বিতীয় মেয়ে কা-উমের। তিনি এসে জল ছড়ালে বিশ্ব সংসার বন্যায় ভেসে গেল। কিন্তু তাদের মা যেভাবে ছিলেন, সেভাবেই শুয়ে থাকলেন। সবার মনে হল যে, এতে ঘোর অমঙ্গল হবে। তখন ডাকা হল সবচেয়ে বড়ো বোন কা-ডিংকে। তার আগুনের প্রচণ্ড তাপে সব কিছু জ্বলেপুড়ে খাক হয়ে যাচ্ছে। আগুন নেভার পর দেখা গেল, সেই আগুনের স্পর্শে তাদের মায়েরও সৎকার হয়ে গেছে। এবার তিন বোন স্বস্তির নিশ্বাস ফেলল। সেই আদি মাতার সৎকারের পর দেখা গেল সীমাহীন ধু-ধু একঘেয়ে প্রান্তর কোথায় মিলিয়ে গিয়ে তার পরিবর্তে একটু একটু করে জেগে উঠেছে পাহাড়, উপত্যকা, খাদ, ঝরনা, গাছপালা, সবুজ বনভূমি। এভাবেই পৃথিবী নতুন রূপ গ্রহণ করেছে।[১৮]

উপসংহার

অঞ্জলি লাহিড়ী লোককথাকে বাস্তবের সঙ্গে মিশিয়েছেন। যুগ-যুগান্তরের লোককথা আজও কতটা সজীব, আজও কতটা চিত্র-বিচিত্র, তার উজ্জ্বল নিদর্শন 'সোনার সিঁড়ির উপকথা'। আদতে এটি প্রেমোপন্যাস হলেও এর পরতে পরতে মিশে আছে মেঘালয়ের প্রাচীন ও সাম্প্রতিক আর্থ-সামাজিক-রাজনৈতিক ইতিহাস।

অঞ্জলি লাহিড়ীর জন্ম কলকাতায়, তবে তাঁর জীবনের অধিকাংশ সময় কেটেছে শিলং পাহাড়ে। তাঁর মাতৃকুলের তিন প্রজন্ম খাসি পাহাড়েই বসবাস করেছেন। তিনি আইএ এবং বিএ পড়েছিলেন শিলঙে। জেলজীবনও

কাটিয়েছেন এ শহরেই। শিলঙের সঙ্গেই গড়ে উঠেছিল তাঁর আত্মিক সম্পর্ক। বিশেষত কলেজে পড়াকালীন ছাত্ররাজনীতিতে জড়িয়ে পড়ার পর থেকে তিনি আরও গভীরভাবে মিশেছেন খাসিসমাজের সঙ্গে। জেনেছেন তাদের ইতিহাস। খাসি সমাজজীবনের গভীরে প্রবেশ করার চেষ্টা করেছেন। তাঁর এই গভীর চর্যাই তাঁকে সাহায্য করেছে খাসি সমাজজীবনকেন্দ্রিক এই উপন্যাস রচনায়।

সূত্র

১. অঞ্জলি লাহিড়ী, 'সোনার সিঁড়ির উপকথা', কলকাতা: দে'জ, ২০২২, পৃ. ৬৫-৬৭।
২. তদেব, পৃ. ২৮-২৯।
৩. তদেব, পৃ. ৫৬।
৪. তদেব, পৃ. ৫৮-৫৯।
৫. দ্রষ্টব্য, মানভি সিং, 'Nartiang Monoliths in Meghalaya are tallest in the world' https://timesofindia.indiatimes.com/city/shillong/nartiang-monoliths-in-meghalaya-are-tallest-in-the-world/articleshow/64837454.cms TNN / Updated: Jul 3, ২০.৮, ১৩:২০, ০৩ জুলাই, ২০২৩, সকাল ১১.০০।
৬. অঞ্জলি লাহিড়ী, পূর্বোক্ত, পৃ. ৫৯।
৭. তদেব, পৃ. ৬১।
৮. Mrs. Rafy, 'Folk Tales of the Khasis', London: Macmillan & Co, 1920, pp. 137-39.
৯. অঞ্জলি লাহিড়ী, পূর্বোক্ত, পৃ. ৬৪।
১০. দ্রষ্টব্য, Bani Kanta Kakati, 'The Mother Goddess Kamakhya', Gauhati: The Assam Publishing Corporation, 1948.
১১. অঞ্জলি লাহিড়ী, পূর্বোক্ত, পৃ. ৭১।
১২. বীরেন্দ্রকুমার ভট্টাচার্য (সম্পা.), 'জনজাতীয় সাধু', কলকাতা: সাহিত্য অকাদেমি, ২০১০, পৃ. ২৪-২৮।
১৩. অঞ্জলি লাহিড়ী, ২০২২, পৃ. ৭২-৭৩।
১৪. তদেব, পৃ. ৬৫।
১৫. তদেব, পৃ. ৬৮।
১৬. তদেব, পৃ. ১১৯-১২২।
১৭. Mrs. Rafy, op.cit., pp. 58-67.
১৮. অঞ্জলি লাহিড়ী, তদেব, পৃ. ৩১৯।

Scanned with OKEN Scanner

Reframing Womanhood: Discourses, Identities and Resistance is a multidisciplinary edited volume that explores women's identities, struggles, empowerment, and resistance in contemporary society. The book discusses themes such as motherhood, reproductive rights, unpaid care work, digital feminism, political participation, education, and marginalized women's experiences. Through literary, social, economic, and historical perspectives, the articles challenge patriarchal norms and highlight women's agency and resilience. Special emphasis is given to voices from Assam and Northeast India. The volume promotes gender equality, inclusive knowledge production, and feminist scholarship, making it a valuable academic resource for students, researchers, and scholars



Kabita Bhuyan, Secretary, Women's Studies Cell, is an Assistant professor in the Department of Economics, R.G.Baruah College, Guwahati, Assam.



Jini Rani Boro, Assistant Secretary, Women's Studies Cell, is an Assistant Professor in the Department of History, R.G.Baruah College, Guwahati, Assam.

GLOBAL PUBLISHING HOUSE (INDIA)
• Bhubaneswar • Guwahati • Hyderabad
• New Delhi • Visakhapatnam

Price : ₹ 1395.00
ISBN: 978-93-47586-30-9
9 789347 586309

REFRAMING WOMANHOOD
DISCOURSES, IDENTITIES AND RESISTANCE

KABITA BHUYAN
JINI RANI BORO



REFRAMING WOMANHOOD

DISCOURSES, IDENTITIES AND RESISTANCE

Edited by
KABITA BHUYAN
JINI RANI BORO

Scanned with OKEN Scanner

REFRAMING WOMANHOOD:

DISCOURSES, IDENTITIES AND RESISTANCE

(A Multilingual Volume of Research Articles)

Edited by
Kabita Bhuyan
Jini Rani Boro

GLOBAL
PUBLISHING
HOUSE INDIA

Bhubaneshwar, Guwahati, Hyderabad, N-Delhi, Visakhapatnam

Scanned with OKEN Scanner

Copyright © May, 2026, Editors

Editorial Board:

Advisors
Dr. Pranjit Kumar Nath
Kakoli Chetia
Dr. Malabika Sarma
Sarmistha Das

Editors
Kabita Bhuyan
Jini Rani Boro

Offices:
Bhubaneswar, Guwahati, Hyderabad, New Delhi, Visakhapatnam

All rights reserved. No part of this book or parts thereof may be reproduced stored in a retrieval system or transmitted in any language or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise without the prior written permission of the copyright owners and the publishers.

The facts stated and opinions expressed in this book are the sole responsibility of the authors. The editors and the publisher are not liable to any person or entity with respect to any loss or damaged caused, or alleged to have been caused by the articles included in this volume.

ISBN: 978-93-47586-30-9

Published by Global Publishing House India, Door No. 13-1-1,Vigneshwara Enclave, Anthony Nagar, Maharanipeta Visakhapatnam-2, AP, India. On behalf of Women's Studies Cell, R G Baruah College, Fatasil Ambari, Guwahati-781025

Message from the Principal

It gives me immense pleasure to present the edited volume *Reframing Womanhood: Discourses, Identities and Resistance*, published by the Women's Studies Cell, R. G. Baruah College, Guwahati. This scholarly work is a significant academic endeavour that thoughtfully engages with contemporary debates on womanhood, gendered identities, and resistance across diverse social, cultural, and political contexts.

The essays compiled in this volume offer critical insights into the evolving discourses surrounding women's experiences and agency. By interrogating dominant narratives and foregrounding marginalized voices, the book makes an important contribution to feminist scholarship and interdisciplinary research. It reflects a deep commitment to intellectual rigor, social responsibility, and inclusive academic practices.

I sincerely appreciate the efforts of the editors for conceptualizing and meticulously curating this volume, as well as the contributors whose research and perspectives enrich its academic value. I also commend the Women's Studies Cell and the Research and Publication Cell for fostering a vibrant research culture within the institution and for facilitating meaningful scholarly collaborations.

I am confident that *Reframing Womanhood: Discourses, Identities and Resistance* will serve as a valuable resource for students, researchers, and scholars, and will inspire further dialogue and inquiry in the field of women's studies and allied disciplines.

I wish the publication every success.

Dr. Pranjit Kumar Nath
Principal
R. G. Baruah College
Guwahati

Scanned with OKEN Scanner

10. Her Voice, Her World: Indigenous Knowledge and the Politics of Resistance in Karbi Women's Narratives
Dr. Kadombini Terangpi 94

11. Women's Health and Well-being: Intersectional Perspectives
Dr. Karabi Kakati 102

12. Economic Determinants of Linguistic Behaviour: A Socioeconomic Analysis of Assamese Language Evolution
Manoj Kr Das 124

13. Education, Voice, and Resistance: Negotiating Identity Beyond Tradition in Easterine Kire's A Terrible Matriarchy
Pranita Kalita 131

14. Gendered Lives and Quiet Resistance in Prajwal Parajuly's "The Cleft"
Priyanka Raya 139

15. Women at the Helm: Need of Gender-Inclusive Leadership
Rahul Das 147

16. Globalization and Women's Lives: Negotiating Work, Family, and Identity in a Global Era
Dr. Sahnaz Sultana 156

17. A Feminist Cartography of Loss: Displacement, Belonging, and Women's Memory in the Film Mati
Sarmistha Das 162

18. Women's Leadership in Higher Education: Challenges, Enablers and Emerging Opportunities
Syeda Maboda Ahmada 168

19. Participation of Women in Higher Education Institutions of Assam: A Statistical and Policy Analysis
Dr. Utpal Kalita 178

20. নির্মল প্রভা বৰদলৈৰ সাহিত্য সৃষ্টি আৰু নাৰীৰ অস্তিত্ব
ড° লীলা কলিতা 192

21. উত্তৰকালীন অসমীয়া উপন্যাস আৰু নাৰীৰ অৱস্থান
ড° লিপিকা তালুকদাৰ 199

22. मोहन राकेश के नाटक 'आधे-अधूरे' में स्त्री विमर्श
डॉ करबी तालुकदार 212

23. अमृता प्रीतम की आत्मकथाओं में नारी मुक्ति का स्वर
कसीरा जहाँ 222

24. उषा प्रियंवदा की नारी पात्रों में आत्मनिर्णय की चेतना :'पचपन खंभे लाल दीवारें' और 'रुकोगी नहीं राधिका' के संदर्भ में
डॉ मालविका शर्मा 232

25. मन्नू भंडारी के उपन्यास में स्त्री का बदलता स्वर: परंपरा से आधुनिकता तक
सुनिता स्वर्गीयारी 240

26. *খনামিহিরের ঢিপি* ঃ সভ্যতার বিবর্তনের ধারায় নারীর সামাজিক অবস্থান
অমৃতা সিকিদার, সঞ্জয় ভট্টাচার্য 250

27. নবনীতা দেবসেনের রূপকথা সমগ্র ঃ নারীত্বের এক ভিন্ন স্বর
তপতী দত্ত 266

Scanned with OKEN Scanner

নবনীতা দেবসেনের রূপকথা সমগ্র : নারীত্বের এক ভিন্ন স্বর

তপতী দত্ত*

রূপকথা শব্দটির আভিধানিক অর্থ হলো-অবাস্তব কল্পকাহিনি। লোককথার একটি অন্যতম বিভাগ হচ্ছে এই রূপকথা। জার্মানে যাকে Marchen বলে বাংলায় আমরা তাকেইবলি রূপকথা। লোকসংস্কৃতি গবেষক আশরফ সিদ্দিকির মতে ইংরাজি Fairy Tales এর ভাষান্তর হলো রূপকথা। রাজা-রানি-রাজকন্যা-রাজপুত্র-রাক্ষস-খোক্কস-দৈত্য-দানব-পরী-ভূত-পশু-পাখি আদি নিয়ে তৈরি এইরূপকথাগুলি সাধারণত মিলনাত্মক হয়। স্বর্গ-মর্ত্য-পাতাল, জল-স্থল-পাহাড়-পর্বত-নদ-নদী-সমুদ্র-অরণ্য সর্বত্রব্যাপী বিস্তার রূপকথার গল্পগুলির। রাক্ষসপুরীতে গমন, রাজপুত্র কর্তৃক অসাধ্য সাধন, রাজকন্যাকে উদ্ধার ও রাজকন্যার সঙ্গে তার বিবাহ, রাজকন্যা সহ রাজ্যলাভ, ভালোর জয় ও দুষ্টের পরাজয়-ইত্যাদি পৃথিবীর প্রায় সমস্ত রূপকথারই মূল বৈশিষ্ট্য। অলৌকিক ও অবিশ্বাস্য কাহিনি— যেমন দৈব সাহায্য, ঐন্দ্রজালিক ক্ষমতা ইত্যাদিরও অবাধ প্রয়োগ রূপকথায় অনায়াসেই লক্ষ্য করা যায়।

রূপকথার জগৎ মানেই অবাস্তব-অলীক কল্পনার জগৎ হলেও সেই জগৎটি কিন্তু ধূলো-মাটি-কান্না-হাসি মাখা বাস্তবের জগৎ থেকে একেবারে বিচ্ছিন্ন নয়। বাস্তবের কাদাজলের ওপর পা দিয়েই কল্পলোকে ছুটে চলে রূপকথার পক্ষিরাজ ঘোড়া। রূপকথার সঙ্গে বাস্তবের এই যে যোগসূত্র, সেই সূত্র ধরেই রূপকথার মধ্যে প্রবেশ করে সমসাময়িক সমাজ জীবনের বিভিন্ন ইতিহাস, বিভিন্ন সমাজচিত্র, বিভন্ন সমাজ ভাবনা।

রূপকথার কাহিনির মধ্যে বাস্তব জীবনের এই যে নানা অনুষঙ্গ, সেই অনুষঙ্গের মধ্যে একটা উল্লেখযোগ্য জায়গা নিয়ে রয়েছেনারী, এবং সমাজ জীবনে তার অবস্থান।

*সহযোগী অধ্যাপিকা, বাংলা বিভাগ, রাধাগোবিন্দ বরুয়া মহাবিদ্যালয়

এই সম্পর্কে উদাহরণ স্বরূপে সকলের পরিচিত, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার মহাশয়ের সম্পাদিত এবং ১৯০৭ সালে নীল মলাটের মোড়ে প্রকাশিত ঠাকুরমার ঝুলিকে এখানে গ্রহণ করছি।

ঠাকুমার ঝুলির অন্তর্গত ১৪ টি রূপকথা বিশ্লেষণ করলে দেখা যায়, সেই গল্পগুলিতে একটা বিশেষ জায়গা জুড়ে রয়েছে সমাজের মেয়েরা। রূপকথাগুলির কোনো রচয়িতার নাম পাওয়া না গেলেও আমাদের অনুমান করে নিতে কোন অসুবিধা হয় না যে প্রাচীন গ্রাম বাংলার মা-মাসি-পিসি-ঠাকুমা-দিদিমারাই এই রূপকথাগুলির রচয়িতা। কোনো তপ্ত নির্জন দুপুরে বা ঝড়-বাদলের ক্লান্ত সন্ধ্যায় তাঁদের হৃদয়ের ধন দুরন্ত বালক বা বালিকাটিকে বশ করে ঘরে আটকে রাখার জন্য তাঁরা মুখে মুখেই গড়ে তুলেছিলেন রূপকথার সেই মায়াজগৎ।

রূপকথার এই গল্পগুলি শিশু বা কিশোরদের জন্য রচিত হলেও এর রচয়িতারা যেহেতু ছিলেন সমাজ জীবনের নানা অভিজ্ঞতার এক-একজন সাক্ষীস্বরূপ, তাই তাঁদের রচিত রূপকথার কল্পিত রাজ্যেও তাঁদের সমাজ ভাবনার প্রবেশ ঘটেছে অতি সাধাধারণ ভাবেই। তদুপরি এই গল্প রচয়িতাদের অবচেতন মন তাঁদের অবদমিত আকাঙ্ক্ষা পূরণের প্রয়াস ঘটিয়েছে এই রূপকথার গল্পগুলিতে। পক্ষিরাজ ঘোড়ায় চড়ে উড়ে যাওয়া, দরিদ্র কন্যার রাজরানি হয়ে ওঠা, শত কষ্টের পরও স্বামী-পুত্র নিয়ে সুখে সংসার করা, দুষ্টের পরাজয় ও শিষ্টের জয় আদি তারই উদাহরণ।

রূপকথাগুলির আরেকটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল এইগুলো অধিকাংশ ক্ষেত্রেই মেয়েদের দ্বারা রচিত হলেও এগুলির মধ্যে কিন্তু নারী জাতিকে অনেকটাই হেয় ভাবে দেখানো হয়েছে। উদাহরণ স্বরূপে বলা যায়, সেখানে মেয়েরা যেমন দুর্বল প্রকৃতির তেমনি তারা খল স্বভাবের। তারা কখনো রাক্ষসী-খোক্কসী, আবার কখনো কুটিলা রমণী। এই গল্পগুলির মধ্যে, যেখানে যা কিছু খারাপ ঘটেছে তার পেছনে যেন কোনো না কোনো ভাবে নারীরাই জড়িয়ে আছে। যেমন, 'সাতভাই চম্পা'-য় সাত রাজকুমার আর এক রাজকুমারীকে জন্ম মাত্রেই মাটি চাপা দিয়েছে দুষ্ট ছয় রানি। 'কিরণমালা' গল্পে রানির নামে মিথ্যা অপবাদ প্রচার করে রানিকে দেশছাড়া করিয়েছে তারই হিংসুটে দুই দিদি। আবার 'নীলকমল লালকমল' গল্পে তো ছদ্মবেশী রাক্ষসী রানি শুধু যে নিজের সতীন ভালো রানিকে মেরে রাজাকে নিশ্চল মূর্তিতে পরিণত করে দিয়েছে তা-ই নয়। সে তার সতীনের ছেলেকে মেরে খেয়ে নিজের ছেলেকেও গিলে খেয়েছে। এই গল্পগুলো পড়তে পড়তে অনেক সময়েই এমন মনে হয় যে নারী যেন ছলনাময়ী, শঠ, মুখোশধারী, দ্বৈত সত্তার অধিকারিণী।

Scanned with OKEN Scanner

এই খারাপ নারীদের বিপরীতে অবশ্য ভালো নারীদের কথাও রয়েছে রূপকথাগুলোতে। তবে সেক্ষেত্রে তারা একেবারে ভালোর পরাকাষ্ঠা। তারা একদিকে যেমন সহনশীলতার প্রতিমূর্তি, তেমনি জনম দুঃখিনী। তাদের ওপর সতীনরা অত্যাচার করলেও তারা যেমন কিছু করতে পারে না, তেমনি সকলের দেওয়া সব অপবাদ ও অপমান মুখ বুঝে মেনে নিয়ে তার শাস্তিও মাথা পেতে নেয়। তা ছাড়া রূপকথার এই দুঃখিনীরা নিজে কখনো সক্রিয় হয়ে দুর্বিষহ জীবন থেকে উত্তরণের পথ তৈরি করে নিতে পারে না। সেখানে হয় তাদের স্বামী, নাহয় সন্তান, নাহয় ভিন দেশের কোন রাজপুত্র এসে সেই দুর্ভাগ্য থেকে তাদের কে উদ্ধার করে। এমনই দুর্বল ও অসহায় তারা।

রূপকথার গল্পে নারীদের এই যে এই দুটি টাইপ, সে শুধু ঠাকুমার ঝুলির অন্তর্গত গল্পগুলিতেই নয়, বিশ্বের সমস্ত রূপকথাতেই আমরা কম-বেশি এই দুই স্বরূপ দেখতে পাই। সে অবনীন্দ্রনাথের 'ক্ষীরের পুতুল', 'অসমিয়া গল্প 'তেজীমলা' হোক, কী 'Snow White', 'Sleeping Beauty', 'Hansel and Gretel', 'Cinderella' আদির মতো জগৎ বিখ্যাত রূপকথা। রূপকথার গল্পগুলিতে নারীদের প্রতি অবহেলার আরো কিছু উদাহরণ মনে পড়ে। যেমন, সন্তান ধারণ করতে পারার ক্ষমতার ওপরই নির্ভর করে স্ত্রীর মান-সম্মান। বংশ রক্ষার জন্য কন্যা নয়, পুত্রই কাম্য সকলের। নারীকে অপরাধী হিসেবে চিহ্নিত করে অবলীলায় তাকে বিনা বিচারে কঠিন থেকে কঠিনতম শাস্তি দিয়ে দেওয়া আদি।

রূপকথার গল্পে নারী চরিত্রের এই যে রূপায়ণ, এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে এক সমালোচক লিখেছিলেন :

> পৃথিবীর রূপকথায় রাক্ষসীর সংখ্যা নেহাত কম নয়। 'ঠাকুরমার ঝুলি'তে রাক্ষসী চরিত্ররা সমাজের মায়াবিনী, কুহকিনী, কুটিলা, হিংসাপরায়ণা রূপে উঠে এসেছে। ভালো বা মন্দ সব দায়টাই তাদের উপর বর্তায়। সংগৃহীত গল্পগুলোর নারীরা হয় ভালো না হয় মন্দ, এই দুই রূপে প্রতিষ্ঠিত। সমাজের স্রোতের সাথে প্রবহমান রমণীরা সহনশীলতার প্রতিমূর্তি, দুঃখিনী ইতিবাচক চরিত্র। আর যদি নারী ভিন্ন মতাদর্শে সোচ্চার হয়ে প্রতিবাদী হতে চায় তবে তার কপালে জোটে রাক্ষসী তকমা। গার্হস্থ্য শাসন, বশ্যতা, উপেক্ষা করলে অপমান স্বরূপ নারী রাক্ষসী রূপে চিত্রিত হয়। ... কাহিনীগুলোতে পুরুষরা হয়ে উঠেছে দয়ার পাত্র আর রাক্ষসীরা কুড়িয়েছে ঘৃণা।

> 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থে নারীকে রাক্ষসী রূপে প্রতিষ্ঠার পিছনে তৎকালীন পুরুষ তান্ত্রিক সমাজের নারী বিদ্বেষী মনোভাব অস্বীকার করার উপায় নেই। নীতিশিক্ষা এবং আনন্দবোধে শিশুকে ভুলিয়ে রাখতে গিয়ে রূপকথার মাধ্যমে নারীদের হীন, নিচু করে দেখানোর প্রচেষ্টা চলেছে ক্রমাগত। (দত্ত; ২০২৫)

তবে গড়পরতা রূপকথার এই বৈশিষ্ট্যগুলি থেকে একেবারেই আলাদা নবনীতা দেবসেনের রচিত রূপকথাগুলি। সেখানে রূপকথার অন্যান্য সব বৈশিষ্ট্যই যথাযথ আছে, শুধু নারীকে ভিলেইন বানানো ছাড়া। নারী সেখানে রাক্ষসী যেমন নয়, তেমনি নয় পরমুখাপেক্ষী। আবার রাক্ষসেরাও সেখানে অনেক সময় হয়ে যায় অবিশ্বাস্য রকমের ভালো। আর রাজা বা রাজপুত্ররাও হয় বোকা, ভিতু। পত্র ভারতী থেকে ২০১০ সালে নবনীতা দেবসেনের রূপকথা সমগ্র গ্রন্থটি প্রকাশিত হয়। নানা সময়ের নানা স্বাদের ৬১ টি রূপকথার ডালি নিয়ে সাজানো হয়েছে এই রূপকথা সমগ্র। গ্রন্থটিতে প্রবেশের পূর্বে এর ভূমিকাংশে নবনীতা দেবসেনের করা একটি মন্তব্য এখানে উল্লেখ করতে পারি। সেখানে তিনি লিখেছেন :

> আমার রূপকথায় একটু নারীশক্তির প্রকাশ আছে। রাজা, রাজপুত্তুরেরা আর নায়ক নন, ভুল ভ্রান্তিভরা সাধারণ মানুষ। রানিরা আর রাজকন্যেরা দুর্বল নন, অসহায় নন, তাঁরাই সক্ষম। বিপন্ন হলে উদ্ধারের ব্যবস্থা নিজেরাই করতে পারেন। নিঃসন্দেহে তাঁরাই নায়ক। তাঁরা নিজেরা শত্রুঞ্জয় করেন, কিন্তু বাহুবলে নয় বুদ্ধিবলে। রাজ্য উদ্ধার করেন সুবুদ্ধির বলে। (দেবসেন, ২০১৩, ভূমিকা)

গল্প-কবিতা উপন্যাস সর্বত্রই নবনীতার সৃষ্ট নারীদের সংস্কারের বেড়াজাল থেকে মুক্ত হয়ে উত্তরণের পথ খুঁজতে দেখা গেছে। নবনীতা তাঁর গবেষণা কর্মে সীতার দৃষ্টিভঙ্গী থেকে বিচার করেছেন রামকে। আবার নিজ কবিতাগুলির মধ্যেও তিনি গেয়েছেন নারী শক্তিরই জয়গান। তাঁর একটি কবিতায় তিনি লিখেছেন :

> আমাকে নেবাতে পারে এতো শক্তি রাখে না সময়।
>
> * * *
>
> অখণ্ড কালের পক্ষপাত ধন্য আমি মহাশয়,
>
> আমাকে রাঙাবে চোখ, এতো শক্তি রাখে না সময়। (দেবসেন, ১৩৯৬, ৫৯)

Scanned with OKEN Scanner

তাঁর ছোটগল্পে যেমন নারীর কণ্ঠ ধ্বনিত হতে শোনা যায়, তেমনই তাঁর রূপকথাগুলিতেও নারী নিজ মহিমায় সমুজ্জ্বল। তাঁর রচিত রূপকথাগুলির বিশ্লেষণ করলেই এই উক্তির যথাযথতা সপ্রমাণিত হয়ে যাবে।

নবনীতা দেবসেনের রচিত **রূপকথা সমগ্র** গ্রন্থের প্রথম রূপকথা 'ইচ্ছামতী'। এই গল্পের শুরুতেই দেখা যায় মহারাজ আহ্লাদে আটখানা। ছয় ছেলের পিতা বলে কথা। তিনি যেখানেই যান সঙ্গে থাকে ছেলেরা। তারা যে তাঁর প্রাণ, তাঁর বুকের নিশ্বাস, চোখের চাওয়া। কিন্তু ছয় ছেলের মা হয়েও মার প্রণ জুড়োয় না। কারণ সারাদিন ছেলেদের জন্য তিনি এটা-ওটা করলেও, এক খাওয়ার সময় ছাড়া তিনি আর তাদের কাউকে কাছে পান না। কারো সঙ্গে দুটো মনের কথা ভাগ করে নিতে পারেন না। তাই তিনি চান একটি কন্যা। যে হবে তার সর্বদার সঙ্গী। এই ভাবনায় রানি যখন নিমগ্ন তাখন তাঁর এই নিবিড় আকাঙ্ক্ষার কথা জানতে পেরে শিবঠাকুর তাঁকে কন্যা সন্তান প্রাপ্তির বর দেন। শিবের আশীর্বাদে যথাসময়ে তাঁর একটি কন্যা সন্তান হয়। মায়ের একান্ত ইচ্ছার ফলস্বরূপা বলে তার নাম রাখা হয় ইচ্ছামতী। চাঁদের আলোর মতো সুন্দর, দুধের ফেনার মতো নরম, ধবধবে তুলতুলে। গালদুটি তার খরগোশের নাকের মতো গোলাপি, চোখ দুটি কটাকটা, চুলগুলি সোণালি, রেশমের মতো নরম, চকচকে। তাকে পেয়ে রানির আহ্লাদ আর ধরে না। অবশ্য শিশুটিকে পেয়ে রাজা ও রাজপুত্ররাও ভারি খুশি। কিন্তু আস্তে আস্তে বোঝা গেল রাজকন্যা বোবা। আর তা দেখে রানি যেন আগের চাইতেও বেশি মর্মাহত হলেন। এদিকে মেয়ে দিনদিন চাঁদের কলার মতো বাড়তে লাগল। আর বড় হওয়ার সঙ্গে সঙ্গে সে যেমন হল আরো বেশি সুন্দরী, তেমনি হল কর্ম নিপুনা। মায়ের অর্ধেক কাজ সেই করে দেয় সুনিপুণ ভাবে। তা দেখে মায়ের মন যেমন মেয়ের গর্বে ভরে ওঠে, তেমনি আবার ব্যাকুল হয় মেয়ের ভবিষ্যতের কথা ভেবে। তবে সেই ব্যাকুলতার মধ্যেই কিন্তু রানির জীবন শেষ হয়ে যায় না। তিনি নানা প্রতিকূলতাকে জয় করে একাকিনী শিবতীর্থে গিয়ে শিবপুজো করে মেয়ের মুখে স্বর ফুটিয়ে তোলেন। আবার রানির কোনো সংবাদ না পেয়ে তাঁর সন্ধানে বেরিয়ে রাজা ও রাজপুত্ররা নানা বিপদে পড়লে রানি তাদেরকেও উদ্ধার করে ফিরিয়ে আনেন। তখন তাঁক বলতে শুনা যায় :

> "এসব খুন খারাবির অস্ত্র মানুষের কোনো কাজে লাগে না। ভালোবাসাই হলো আসল অস্ত্র। আর চাই সৎ সাহস।" (দেবসেন, ২০১৩, ২১)

বইয়ের এই প্রথম রূপকথাটিতেই এইভাবে নবনীতা একদিকে নারীর মাতৃত্ব, অপরদিকে তার সাহস ও দৃঢ়তার এক চিত্র অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরেছেন।

'বোকা রাজার বুদ্ধিমতী রানি' গল্পে দেখা যায়, নির্বোধ রাজা ও রাজপুত্র মিলে যতবার পার্শবর্তী রাজ্যের সঙ্গে যুদ্ধ করতে চাইতেন, রানি ততবারই অদ্ভুত সব স্বপ্নের গল্প ফেঁদে রাজাকে বিরত করে দিতেন। আবার রাজার নির্বুদ্ধিতার ফলে রাজকর্মচারীরা বিপদে পড়লে তাঁদের পরামর্শ দিয়ে রক্ষা করেন পাশের রাজ্যের রাজকন্যা, যে রাজ্যের সঙ্গে রাজা যুদ্ধের পরিকল্পনা নিচ্ছিলেন। রাজা তাকে না চিনলেও তার পরিচয় পেয়ে এবং তার সাহসিকতা ও বুদ্ধি দেখে রানিই উদ্যোগী হয়ে সেই রাজকন্যার সঙ্গেই নিজ বোকা পুত্রের বিয়ে দিয়ে দেন। ফলে সেই রাজ্য তাদের কুটুম বাড়ি হয়ে গেলে রাজা তখন অপর পাশের রাজ্যের সঙ্গে যুদ্ধ করতে যেতে উদ্যোগী হন। আর তখন বুদ্ধিমান রাজবধূ এসে বুদ্ধি করে তাঁকে দিয়ে অঙ্গীকার করিয়ে নেন যে :

> জীবনের কোনওদিন নিজে থেকে যুদ্ধ ঘোষণা করবেন না, কোনোদিন কাউকে অযথা আক্রমণ করবেন না। এ আমার প্রথম ইচ্ছা। আমরা শান্তির রাজ্য হব, যুদ্ধের নয়। (দেবসেন, ২০১৩, ৩৩১)

যুদ্ধ তো কখনো কারো কোনো মঙ্গল করতে পারে না। মাঝখান থেকে দু-দেশেরই কিছু তরতাজা প্রাণ অকালে ঝরে যায়। তাই বুদ্ধিমতী রানি ও রাজবধূ মিলে রাজা ও রাজপুত্রকে দিয়ে চিরকালের জন্য যুদ্ধের সম্ভাবনা বন্ধ করিয়ে রাজা ও প্রজা সকলের জীবনে চির শান্তির প্রতিষ্ঠা করলেন। সৈন্যরাও তখন অস্ত্রশস্ত্র ফেলে দিয়ে চাষাবাস করে দেশকে করে তুলল সুজলা-সুফলা-শস্য শ্যামল।

ঠাকুমার ঝুলির 'সোনার কাঠি রুপোর কাঠি' গল্পে দেখা গিয়েছিল এক বুড়ি রাক্ষসী সোনার কাঠি রুপোর কাঠি দিয়ে রাজকন্যকে ঘুম পাড়িয়ে রাখত। রাজপুত্র এসে সেই রাক্ষসীকে মেরে রাজকন্যাকে উদ্ধার করেছিলেন। 'পাতাল-কন্যা মণিমালা'তেও ছিল অনুরূপ একটি কাহিনি, যেখানে রাজপুত্র ও মন্ত্রীপুত্র কাল-অজগরকে মেরে পাতালপুরীর পাতাল কন্যাকে মুক্ত করেছিল।

নবনীতার 'চন্দনরাজার বউ' গল্পে দেখা যায় ঠিক এর উল্টোটা। এখানে এক পরীর জাদুতে চন্দনরাজা সারাদিন মৃত্যু কোলে ঢলে থাকেন, শুধু মধ্যরাত্রে বেঁচে ওঠেন। কয়েক ঘণ্টা পর আবার মৃত মানুষে পরিণত হন। তিনি যে বেঁচে আছেন এ কথা তার মা-বাবা সহ রাজ্যের কেউই জানে না। জানে শুধু এক বৃদ্ধ-বৃদ্ধা। পিতৃ-মাতৃহীন রাজকন্যা চন্দনী হিংসুটে বউদিদের দেওয়া নিষ্ঠুর নির্দেশ পালন করতে সেই

Scanned with OKEN Scanner

মৃতপ্রায় চন্দনরাজাকেই বিয়ে করে। অবশেষে তীক্ষ্ণ বুদ্ধি ও সাহসের বলে রাজকন্যা চন্দনী পরীকে পরাজিত করে পরীর কাছ থেকে চন্দনকুমারের জীবন স্বরূপ আয়ু লকেটটি উদ্ধার করে চন্দনরাজাকে এই ভয়ংকর অবস্থা থেকে মুক্ত করেন :

> চন্দনী এসে আস্তে আস্তে চন্দনরাজার গলায় তাঁর চন্দন হারটি পরিয়ে দিলে— আয়ুর লকেটটি ঠাকুরের নাম করে ছুঁইয়ে দিল ওঁর বুকের ওপরে। তারপর আড়ালে সরে গেল ছেলে কোলে নিয়ে। চন্দনরাজা উঠে বসলেন। চেয়ে দেখলেন চারিদিকে ঝকমক করছে দিনের আলো। ...আহা, কতকাল চন্দনরাজার দিনের বেলার সঙ্গে দেখা হয়নি। সুয্যিমামার মুখ দেখেননি। (দেবসেন, ২০১৩, ৩৩৯)

'সাত কন্যের দেশ' গল্পে দেখা যায় চিরপরিচিত রূপকথার রাজাদের মতোই এখানকার রাজারও একই কামনা। পুত্র চাই। তাই সাত কন্যার বাবা হয়েও রাজার মনে সুখ নেই। তার একটাই কথা-রাজপুত্তুর চাই-ই, নইলে আমার রাজ্য দেখবে কে? রানি যতই বলেন, "না রাজামশাই এটা তোমার ঠিক কথা হল না। মেয়ে তো কী হয়েছে? মেয়ের কি চক্ষু নেই, কর্ণ নেই, বুদ্ধি নেই, বাক্যি নেই, মগজ নেই, কলজে নেই?" (দেবসেন, ২০১৩, ২৫৯), রাজা ততোই বলেন ওরা যে মেয়ে। রাজ্য চালানো তো আর মেয়েদের কম্ম নয়। রাজার এই দুর্বলতার কথা জানতে পেরে নানা ব্যক্তি রাজকে দিয়ে নানা পূজা-অর্চনা যাগ-যজ্ঞ আদি করান। কিন্তু কিছুতেই কিছু হয় না। তারপর এক কাপালিক তাঁদেরকে যাদুবলে একেবারে উধাও করে দেয়। মন্ত্রী ও অন্যান্য সকলে মিলে সর্বত্র অনেক খোঁজাখুঁজি করলেও রাজা-রানির কোনো সন্ধান কেউ পায় না। এদিকে রাজকন্যারা ধীরে ধীরে বড় হতে শুরু করে মন্ত্রী ও ধাইমার তত্ত্বাবধানে। যুদ্ধবিদ্যা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, কাব্য, দর্শন, অঙ্ক, বিজ্ঞান, নৃত্য-গীত, রন্ধনশিল্প আদি সমস্ত বিষয়েই তারা হয়ে ওঠে পারদর্শী। মন্ত্রী তাই ঠিক করেন যথা সময়ে জ্যেষ্ঠ রাজকন্যাকেই রাজার শূন্য আসনে বসাবেন। এদিকে রাজকন্যারা ঠিক করে, একবার তাদের পিতা-মাতার অনুসন্ধান করে দেখবে। সেই অনুযায়ী রাজা-রানির সন্ধান করতে গিয়ে বাস্তু সাপের সহায়তায় রাজকন্যারা সেই কাপালিকের আশ্রমে গিয়ে উপস্থিত হয়। কাপালিক কোন এক গূঢ় পূজার অঙ্গ হিসেবে রাজা-রানিকে মন্ত্রবলে ভৃত্য বানিয়ে রেখেছিল। সেখান থেকে রাজকন্যারা শুধুমাত্র বুদ্ধিবলে তাদেরকে উদ্ধার করে আনে। রাজা তখন বুঝতে পারেন যে তাঁর এই মেয়েরাও ছেলের চাইতে কোনো অংশে কম নয়। আর এইরূপে নিজ মেয়েদের শক্তি ও বুদ্ধির পরিচয় পেয়ে এতদিনে তাঁর পুত্র কামনা শেষ হয়। সুড়ঙ্গ থেকে রাজবাড়ির বাস্তু সাপটিও জানায়, "রাজামশাই যেন ভুলো না, এই মেয়েদের নেই

তুলনা।" (দেবসেন, ২০১৩, ২৬৪)

'ঊষসী' গল্পে দেখা যায় দক্ষিণ দেশের রাজার বারোজন পুত্রসন্তান। তারা যেমন রূপবান তেমনি গুণবান। কিন্তু ঘরভর্তি বীরসন্তানে রানিমার মন ভরে না। কন্যাসন্তানের বাসনায় তাঁর মন কেমন করে, যে যুদ্ধ করবে না, ফুল সাজবে, কবিতা পড়বে, গান গাইবে, তাঁর কাছে কাছে থাকবে। এক দিন ভোরের প্রকৃতি দেখে রানিমা মনে মনে বলে বসেন :

> আমাকে যদি কেউ অমনি একটা গোলাপি রঙের মেয়ে দিত, তার লাল সূর্যের মতন ঠোঁট, আর কালো পাখিদের মতন চোখ, আর গলার সুর ওইরকম মিষ্টি, তাহলে আমার বারোটা ছেলেকেই আমি তাকে দিয়ে দিতুম! (দেবসেন, ২০১৩, ১৪০)

সেই সময় সেখান দিয়ে পরি রানি যাচ্ছিলেন। রানিমার কথা শুনে তিনি রেগে গেলেন। এত সুন্দর এক ডজন রাজপুত্তুরে কোল ভর্তি, তাতেও রানির মন ওঠে না? ঠিক যেটি নেই সেইটিই চাই। তাই তাকে শাস্তি দেবার জন্য পরিরানি বুড়ি ঠানদির ছদ্মবেশে এসে রানিকে জানিয়ে দিলেন যে, তিনি যেমন কন্যা সন্তান চেয়েছেন তেমনই পাবেন। কিন্তু রানিমার পুত্রেরা আর তাঁর কাছে থাকবে না। এ কথা শুনে রানির অত্যন্ত মন খারাপ হয়ে গেল। তিনি তো আর মন থেকে ছেলেদের দিয়ে দিতে চাননি। কিন্তু পরির বর বলে কথা। তা তো আর মিথ্যে হবার নয়। তাই রানির মনের মতো রাজকন্যা ভূমিষ্ঠ হওয়ার সঙ্গে সঙ্গে রাজপুত্ররা সব বুনোহাঁস হয়ে উড়ে গেল রানিমার ঘর শূন্য করে। রাজকুমারী ঊষসী লক্ষ্মীমন্ত, মিষ্ট স্বভাবের। সে একটু বড় হয়ে ভাইদের হারিয়ে যাওয়ার কথা শুনে রাজপ্রসাদ থেকে বেরিয়ে পড়ে ভাইদের সন্ধানে। পরি রানির কাছ থেকে ঊষসী জানতে পারে জলা-জংলার পাটবন থেকে আঁশ বের করে তা দিয়ে সূতো কেটে বারোটি গেঞ্জি বুনতে হবে। বুননের সময় কথা, হাসি, কান্না কিছু করা যাবে না। পাঁচ বছরের মধ্যে সেই গেঞ্জি বুননের কাজ শেষ করে ভাইদের পরাতে পারলেই তাদের অভিশাপ দূর হবে। ঊষসী তখন জানায় যত কঠিন ব্রতই হোক না কেন, সে ভাইদের ফিরিয়ে নিয়ে গিয়ে মা-বাবার মুখে হাসি ফোটাতে তা পালন করবে। তারপর নানা প্রতিকূল অবস্থার মধ্যে পরেও কীভাবে ঊষসী নিজ প্রতিজ্ঞানুযায়ী সে মহাব্রত পালন করে ভাইদের ঘরে ফিরিয়ে নিয়ে যায় তারই কাহিনি রয়েছে এই রূপকথায়।

এইগুলো তো গেল রাজবাড়ির মেয়েদের কথা। শত হলেও তাদের সাহস বা বুদ্ধি অন্যদের চাইতে একটু বেশি থাকাটাই স্বাভাবিক। কারণ, রাজরক্ত রয়েছে তাদের

Scanned with OKEN Scanner

শরীরে। কিন্তু নবনীতা তাঁর রূপকথার মাধ্যমে দেখিয়েছেন যে সাধারণ মধ্যবিত্ত ঘরের মেয়েরাও বিদ্যা-বুদ্ধি-শক্তি আদি কোনো দিক থেকেই কারো চাইতে কম নয়। যেমন, 'পদ্ম কদম'এ সহজ-সরল ভালোমানুষ কদমকুমার এক নিষ্ঠুর সত্যি বলে ফেললে তাকে পহ্লবী রাজা বন্দী করে রাখে। তাকে উদ্ধার করে আনতে না পেরে রাজা রানির অত্যন্ত মন খারাপ হয়। তখন কদমকুমারের বন্ধু, জেলেনির পালিতা কন্যা, অপরূপ সুন্দরী পদ্মকুঁড়ি গেল পহ্লবী দেশে কদমকুমারকে উদ্ধার করতে। সেখানে গিয়ে নিজ বিদ্যা-বুদ্ধির দ্বারা সে অনায়াসেই সেই দেশের রাজার মন জয় করে নিল। আর তখন :

> কদমকুমারকে ছেড়ে দেওয়া হলো। সহস্রবার করে মার্জনা ভিক্ষা করা হল। হাতি-ঘোড়া সমেত পদ্মকুঁড়ি কদমকুমারকে নিয়ে স্বরাজ্যে ফিরলেন জেলে-দাদার সঙ্গে। পহ্লবীরাজ পদ্মকুঁড়িকে দ্বিগুণ হাতি-ঘোড়া তিনগুন সোনাদানা দিয়ে সাজিয়ে দিলেন। বললেন, আমার মনুষ্যজীবন ধন্য যে তোমার দর্শন পেলাম। এতো গুণবতী মানুষ আমি আগে দেখিনি। (দেবসেন, ২০১৩, ৩১২)

এখানে শেষের বাক্যটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখানে শুধু নারীদের মধ্যে নয়, এক নারীর শ্রেষ্ঠত্ব ঘোষিত হয়েছে সমগ্র মানব জাতির মধ্যে। এ কত বড় এক প্রাপ্তি নারী সমাজের জন্য। তারপর দেশে ফিরে কদমকুমার হয় রাজা এবং পদ্মকুঁড়ি তার মন্ত্রী হয়ে তাকে রাজ কার্য পরিচালনায় সাহায্য করতে থাকে।

'সুসনি-কলমি'তে পিতৃমাতৃহীন দরিদ্র দুই বোন তাদের পালিত ছাগল পদ্মকলির দুধ খাইয়ে দুরারোগ্য ব্যাধি সারিয়ে রাজাকে সুস্থ করে তোলে। তারপর পুরস্কার স্বরূপ দুই রাজকুমারের সঙ্গে তাদের বিয়ে হয়। তবে এখানে গল্প যেহেতু মেয়েদের সবলীকরণের, তাই শুধু বিয়েতেই শেষ হয়ে যায় না। সেই সঙ্গে রাজা ঘোষণা করেন, "আধখানা রাজ্য হবে দু-ভায়ের— আর আধখানা রাজ্য হবে দু বোনর।" (দেবসেন, ২০১৩, ৩২৬) শুধু কল্পনার অর্ধেক আকাশ নয়, মেয়েদেরকে মাটিরও অধিকার দিতে হবে। এ যেন তারই বাস্তবায়ন।

'চাষির বউ চম্পাকলি'তে চম্পাকলির মনখোলা হাসি থেকে ছড়িয়ে পড়া চাঁপাফুলের সুগন্ধে কী যেন একটা ম্যাজিক আছে। তা দিয়ে মন্দ লোকের মন আপনাআপনি বদল হয়ে ভালো লোকের মন হয়ে যায়। সেই থেকে মন্দ জমিদারের মনমেজাজ ভালো হয়ে গেল, সে আর অত্যাচারী রইল না। উলটে উপকারী জমিদার হয়ে গেল। গরিব চাষিদের জমি বিলি করে দিয়ে তাদের দৈন্য ঘুচিয়ে, নতুন করে

জীবন শুরু করতে সাহায্য করল। আমরা এতোদিন পর্যন্ত শুনেছি যে মেয়েরা নাকি সমস্ত ধ্বংসের মূলে। মেয়েদের জন্যই রামায়ণের যুদ্ধ, মহাভারতের যুদ্ধ, ট্রয়ের যুদ্ধ। আমাদের মুনি-ঋষিরাও বলে গেছেন নারী নাকি নরকের দ্বার স্বরূপ। তাই সাধনায় সিদ্ধিলাভের জন্য কামিনী-কাঞ্চন ত্যাগের পরামর্শ দিয়েছেন। কিন্তু সেইমেয়েরা যে চাইলে তাদের গুণে এই কলুষিত জগৎ পাল্টে সুন্দর ও শান্তির পৃথিবী গড়ে তুলতে পারে নবনীতার 'চাষির বউ চম্পাকলি' রূপকথাটি যেন তারই বার্তাবাহী।

'উষসী' বা 'ইচ্ছামতী' গল্পের মতোই 'চাষি বউয়ের মেয়ে' গল্পেও দেখি তিন পুত্রের জননী চাষি বউয়ের একটি কন্যা লাভের ইচ্ছা। পাখি মায়ের বরে সে সেই কন্যা লাভ করে। চাষি মা একদিকে যেমন ঘর সামলায়, অপরদিকে তেমনি মাঠে কাজ করে। ছেলেরা বাবার সঙ্গে মাঠে যায় কাজ করতে। মা চেয়েছিল তাদেরকে ঘরের কাজও শিখাতে। কিন্তু তাতে তাদের মন নেই। তবে, মেয়ে মিষ্টি কিন্তু অচিরেই মায়ের মতো মাঠের ও ঘরের কাজে পারদর্শী হয়ে উঠে সর্বত্র মা বাবাকে সাহায্য করতে শুরু করল। তারপর একদিন এক অজগর একে একে চাষি ও তার তিন ছেলেকে তাদের বোকামির জন্য খেয়ে ফেললে, এই মিষ্টিই একা বনে গিয়ে, বনের পশু-পাখি সকলের মন জয় করে তাদের সাহায্যে নিজ বাবা ও ভাইদের অজগরের পেট থেকে মুক্ত করে আনে।

'এক চাষির তিন মেয়ে' গল্পে চাষির তিন কন্যা শশীকলা, শরৎশশী ও কিরণশশী যেমন বুদ্ধিমতী তেমনি কর্মঠ। তারা একদিকে যেমন বাবার সঙ্গে মাঠে ও মায়ের সঙ্গে ঘরে কাজ করে, তেমনি আবার গ্রামের পাঠশালাতে পড়াও সম্পন্ন করেছে। এরা যেন আজকের দশভূজাদেরই প্রতিনিধি স্বরূপ, যারা দুই হাতে একই সঙ্গে ঘর ও বাইর সবই সামলায়। এরই অনুরূপ আরেকটি গল্প 'টগরদিদির ডালিম বোন'। চাষির ডানপিটে মেয়ে টগর। মাঠেঘাটে খেলা করে ছুটে বেড়ায়, গান গায়, গাছে চড়ে, ঝপাঝপ নদীর জলে সাঁতার কাটে, কবাডি খেলে, খো-খো খেলে, জেলা পর্যায়ের সাইকেল প্রতিযোগিতাতেও অংশ নেয়। আবার ছোট বোনের সঙ্গে রোজ সকালে পেঁয়াজ দিয়ে পান্তাভাত খেয়ে, শ্লেট-পেনসিল-বর্ণপরিচয় বগলে করে বেণি দুলিয়ে স্কুলে যায়। লেখাপড়া করে। চাষির বউ নিজে পড়াশুনা না জানলেও মেয়েদের এইভাবে বিদ্যার দিগগজ হতে দেখে ভারি আনন্দিত। টগর ক্লাস এইট পর্যন্ত পড়াশুনা শেষ করে গ্রামের স্কুলে। তার বেশি পড়ার সুযোগ গ্রামে নেই। তাই সে বাড়িতে থেকে বাড়ির কাজকর্ম করা ও বাচ্চাদের পড়া দেখিয়ে দেওয়া ছাড়াও বড়ি দেয়, পাপড় তৈরি করে, ঠোঙা বানায়। তারপর বোনের সঙ্গে হাটে গিয়ে সেগুলি বেচে

Scanned with OKEN Scanner

টাকা জমায় একটি সাইকেল কেনার জন্য। সাইকেলটি হলে দূরের স্কুলে গিয়ে আরো পড়াশুনা করতে পারবে। গরিব চাষি-চাষিবউর তো সাইকেল কিনে দেওয়ার টাকা নেই। কিন্তু টগরকে যে হাইস্কুলে যেতেই হবে। কী অদম্য মনের ইচ্ছা আর সেই ইচ্ছা পূরণের প্রয়াস। কিন্তু অতো সহজেই তো আর মানুষের সব ইচ্ছা পূরণ হয় না। তাই টগরকেও কঠিন পরীক্ষার সম্মুখীন হতে হয়। একদিন তার বোনকে একটি ডাকাত দল আক্রমণ করলে সেখান থেকে পালাতে গিয়ে সে এক ইঁদাড়ায় পড়ে যায়। আর সেখানে থাকা বিশাল অজগরটি তাকে গিলে ফেলে। প্রিয় বোনের এই পরিণতির কথা জানতে পেরে টগর গিয়ে বুদ্ধি করে অজগরকে মেরে বোনকে উদ্ধার করে আনে। ওদিকে আবার বিভিন্ন গ্রামের মেয়েদের মধ্যে হওয়া সাইকেল প্রতিযোগিতায়ও প্রথম স্থানাধিকার করে টগর। পুরস্কার বিতরণী সভা হয়। আর :

> জেলাশাসিকা অগ্নিহোত্রী দিদিমণি এসে ফার্স্ট প্রাইজ দিয়ে গেলেন টগরফুলকে।
>
> নতুন গয়নার মতো চকচকে-ঝকঝকে বেনারসি শাড়ির মতো বেগনিরঙের একটা চমৎকার সাইকেল।
>
> ...তারপর ? তারপর-
>
> টগরদিদি ডালিমফুল
>
> রোজ যাচ্ছে দূরের স্কুল
>
> সাইকেল নয়, পক্ষীরাজ
>
> গপ্পো আমার সাঙ্গ আজ। (দেবসেন, ২০১৩, ২৮১)

বিভিন্ন প্রতিকূলতাকে অতিক্রম করে আজকের নারীর আকাশ ছোঁয়ার গল্পই যেন এই 'টগরদিদির ডালিম বোন' রূপকথাটি।

এইভাবে নবনীতা তাঁর রূপকথার গল্পগুলোতে নারীশক্তির জয়গান গেয়েছেন বারবার। **রূপকথা সমগ্র** বইয়ের ভূমিকায় তিনি লিখেছেন :

> নারী-পুরুষের সামাজিক অসাম্য ঘোচাতে, নারীর আত্মনির্ভরতার প্রতি সম্মান জাগাতে এই দৃষ্টিভঙ্গি জরুরি। আমরা চাইব সমাজে ছেলেমেয়েরা সমান সম্মান, সমান সুযোগ পাক। নতুন যুগের মূল্যবোধগুলি এই নতুন যুগের ভাবনায় গোড়া থেকেই বুনে দেওয়া দরকার। রূপকথার দ্বারা তা সহজেই সম্ভব। (দেবসেন, ২০১৩,

ভূমিকা)

নবনীতার সৃষ্ট নারী চরিত্রগুলির মধ্যে দেখা যায় বহুমাত্রিক রূপ। ছোট বড় সব বয়সের, ধনী গরিব সব শ্রেণির মেয়েদের নিজেদের মতো করে লড়ে জিতে যাওয়ার স্বপ্নময় ও প্রাণবন্ত গল্প সংগ্রহ এই **রূপকথা সমগ্র**। তবে নবনীতার সৃষ্ট নারীরা কেউ পুরুষের প্রতি প্রতিহিংসা-পরায়ণ নয়। পুরুষের প্রতি তাদের কোনো অনীহা বা অশ্রদ্ধা নেই। তাদের প্রতিবাদ পুরুষতন্ত্রের বিরুদ্ধে। পুরাতন বিশ্বাসের বিরুদ্ধে। যে বিশ্বাস নারীকে দুর্বল, নির্বোধ, অক্ষম ও উপেক্ষার পাত্র করে তোলে। এই গল্পগুলি যেন যে-কোনো পরিস্থিতির সঙ্গে মোকাবিলা করার জন্য মেয়েদের মনোবল কয়েকগুণ বাড়িয়ে দিতে পারে। ছোটবেলায় আমাদের পড়া **ঠাকুমার ঝুলি** আদি রূপকথা আমাদের মনে কল্পনার বিস্তার ঘটাতে পারলেও মেয়ে হিসেবে গৌরব করার মতো কোনো প্রেরণা খুঁজে পাইনি এক 'কিরণমালা'র মতো হাতে গোনা দুয়েকটি ছাড়া। যদিও নিজেদেরকে বীরপুরুষ রূপে কল্পনার বহু প্রেরণা বালকদের জন্য ছিল, রাজপুত্র, মন্ত্রীপুত্র বিষয়ক গল্পগুলিতে। মেয়েদের মনে সেই বীরাঙ্গনারূপে নিজেকে কল্পনা করার প্রেরণাই জাগিয়ে তুলতে পারে নবনীতা দেবসেনের **রূপকথা সমগ্র**র এই গল্পগুলি। ছোটছোট মেয়েদের হাতে যদি এই বইটি তুলে দেওয়া যায় বা তাদেরকে শোনানো হয় এর রূপকথাগুলি তবে তাদের মনও পক্ষীরাজের ঘোড়ায় চড়ে তেপান্তরের মাঠ পেরিয়ে দেশ জয় করতে ছুটে যেতে পারবে। আর তারপর তারই প্রেরণায় বড় হয়েও সমস্ত প্রতিকূলতাকে নিজ শক্তিতে পরাজিত করে টগর বা পদ্মকুঁড়ির মতো বিজয়মুকুট মাথায় ধারণ করতে পারবে। পারবে চম্পাকলির মতো নিজের চারপাশের সমস্ত জগতকে আলোকিত ও আনন্দিত করে তুলতে।

তথ্য সূত্র ঃ

১. দত্ত, সুকন্যা "ঠাকুরমার ঝুলি" ঃ রাক্ষসী ও নারী বিদ্বেষ, অন্য স্বর, https: //othervoice.in/article/ov-7-12-23-3, time-11.00am, 14th November, 2025

২. দেবসেন, নবনীতা, রূপকথা সমগ্র, পত্র ভারতী, কলকাতা, ২০১৩, পৃষ্ঠা- রূপ ও কথা (ভূমিকা)

৩. দেবসেন, নবনীতা, এইকাল: চিরকাল, নবনীতা দেবসেনের শ্রেষ্ঠ কবিতা, দেজ পাবলিশিং, ১৩৯৬, পৃষ্ঠা-৫৯

Scanned with OKEN Scanner

৪. দেবসেন, নবনীতা, রূপকথা সমগ্র, পত্র ভারতী, কলকাতা, ২০১৩, পৃষ্ঠা- ২১

৫. তদেব, পৃষ্ঠা- ৩৩১

৬. দেবসেন, নবনীতা, রূপকথা সমগ্র, পৃষ্ঠা- ৩৩৯

৭. তদেব, পৃষ্ঠা- ২৫৯

৮. তদেব, পৃষ্ঠা- ২৬৪

৯. তদেব, পৃষ্ঠা- ১৪০

১০. তদেব, পৃষ্ঠা- ৩১২

১১. তদেব, পৃষ্ঠা- ৩২৬

১২. তদেব, পৃষ্ঠা- ২৮১

১৩. তদেব, পৃষ্ঠা-ভূমিকা

গ্রন্থসূচি ঃ

আকর গ্রন্থ ঃ

দেবসেন, নবনীতা, রূপকথা সমগ্র, পত্র ভারতী, কলকাতা, ২০১৩

সহায়ক গ্রন্থ ঃ

আহমেদ, ওয়াকিল, লৌকিক জ্ঞানকোষ, গতিধারা, ঢাকা, ২০১১

দেবসেন, নবনীতা, নবনীতা দেবসেনের শ্রেষ্ঠ কবিতা, দেজ পাবলিশিং, ১৩৯৬

মিত্র মজুমদার, দক্ষিণারঞ্জণ (সম্পা), ঠাকুমার ঝুলি, মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ, কলকাতা, ১৪২২

সিদ্দিকী, আশরাফ, লোক সাহিত্য, মল্লিক ব্রাদার্স, ঢাকা, ২০০৮

ওয়েবপেজ ঃ

https: //en.wikipedia.org/wiki/Grimms%27_Fairy_Tales, time-10.00pm, 13th November, 2025

দত্ত, সুকন্যা "ঠাকুরমার ঝুলি" ঃ রাক্ষসী ও নারী বিদ্বেষ, অন্য স্বর, https: // othervoice.in/article/ov-7-12-23-3, time-11.00am, 14th November, 2025

নবনীতা দেবসেন, https: //www.guruchandali.com/comment.php? topic=23436, time-07.00pm, 14th November, 2025

Scanned with OKEN Scanner

Assamese Department, R. G. Baruah College in collaboration with Publication Board Assam
Organized & IQAC, R. G. Baruah College supported

অসম প্রকাশন পৰিষদ
Publication Board Assam

National Seminar

on

Oral Tradition and Indigenous Narratives of Northeast India: Preserving a Literary Heritage

16th & 17th October, 2025
R. G. Baruah College
Guwahati, Assam

Certificate

This is to certify that **Tapati Datta**, *Assistant Professor of* **R. G. Baruah college** *presented a paper entitled* **Khasi Loka Biswas Aru Sanskar :Anjali Lahirir Upanyasar Prekshapatat** *in the two-day National Seminar on* **"Oral Tradition and Indigenous Narratives of Northeast India: Preserving a Literary Heritage"** *held on 16th & 17th October, 2025 at R. G. Baruah College, Gawahati, Assam.*

(Dr. Pranjit Kumar Nath)
Principal & Chairman
Seminar Organizing Committee

(Dr. Lipika Talukdar)
Organizing Secretary
Seminar Organizing Committee

(Dr. Dipankar S. Talukdar)
Coordinator
IQAC, R. G. Baruah College

(Pramod Kalita)
Secretary
Publication Board Assam

Scanned with OKEN Scanner

IQAC, R. G. Baruah College in collaboration with Saarathi organised

SAARATHI
(A Home For The Special Children)

National Seminar

on

"Bridging Gaps: Human Rights and Gender Empowerment in North East India"

27th & 28th March, 2025
R. G. Baruah College
Guwahati, Assam

Certificate

This is to certify that **Tapati Datta**, Assistant Professor of **R. G. Baruah College** presented a paper entitled **Narir Kshamatayan o Joya Goyalar Chotogolpo: Ekti Bishleshanatmak Alochana** in the two-day National Seminar on **Bridging Gaps: Human Rights and Gender Empowerment in North East India** held on 27th & 28th March, 2025 at R. G. Baruah College, Guwahati, Assam.

(Dr. Pranjit Kumar Nath)
Principal & Chairman
Seminar Organizing Committee

(Dr. Utpal Kalita)
Organising Secretary
Seminar Organizing Committee

(Dr. Dipankar S. Talukdar)
Coordinator
IQAC, R. G. Baruah College

(Dr. Manoj Kumar Das)
Organising Secretary
Seminar Organizing Committee

Scanned with OKEN Scanner

Paitha, ISSN NO. 2277-8942, Fifteenth Year, 2025
Price,: ₹ 300/-

পঞ্চদশ বর্ষ, নভেম্বর, ২০২৫

পইঠা

(সামাজিক, সাংস্কৃতিক ও সাহিত্য বিষয়ক পিয়ার-রিভিউড গবেষণা পত্রিকা)

Paitha

পঞ্চদশ বর্ষ
নভেম্বর, ২০২৫

সম্পাদক-
জাহ্নবী দাশ ভট্টাচার্য
সঞ্জয় ভট্টাচার্য

পইঠা (Paitha), ISSN No. 2277-8942, একটি সামাজিক, সাংস্কৃতিক ও সাহিত্য বিষয়ক পিয়ার-রিভিউড গবেষণা পত্রিকা, Fifteenth Year, 2025।
ঝিলম দাশ দ্বারা প্রকাশিত ও আলফাবিটা ইম্প্রেশন, কলকাতা থেকে মুদ্রিত।

পইঠা (সামাজিক, সাংস্কৃতিক ও সাহিত্য বিষয়ক পিয়ার-রিভিউড গবেষণা পত্রিকা)

Scanned with OKEN Scanner

ISSN No. 2277-8942

(বাংলা-অসমিয়া বিশেষ দ্বিভাষিক সংখ্যা)

পইঠা

(সামাজিক, সাংস্কৃতিক ও সাহিত্য বিষয়ক পিয়ার-রিভিউড গবেষণা পত্রিকা)

Paitha

(A Socio-Cultural and Literary Peer-Reviewed Research Journal)

পঞ্চদশ বর্ষ

নভেম্বর, ২০২৫

সম্পাদক

জাহ্নবী দাশ ভট্টাচার্য

সঞ্জয় ভট্টাচার্য

Scanned with OKEN Scanner

পইঠা (PAITHA), ISSN NO. 2277-8942

(A Socio-Cultural and Literary Peer-Reviewed Research Journal)

Advisory Board :-

* Prof. Usharanjan Bhattacharyya, Rtd. Prof. Dept. of Bengali, Gauhati University
* Prof. Tapodhir Bhattacharjee, Rtd. VC, Assam University
* Prof. Sukhen Biswas, Dept. of Bengali, Kalyani University
* Prof. Binita Rani Das, Dept. of Bengali, Gauhati University
* Prof. Debasish Bhattacharya, Dept. of Bengali, Assam University
* Prof. Amitava Chakraborty, Dept. of MIL, Delhi University
* Prof. Sipra Guha Neogi, Rtd. Prof., Dept. of Bengali, Cotton University
* Prof. Sharif Atiquzzaman, Rtd. Principal, Government B.L. College, Khulna, Bangladesh
* Prof. Shyamasree Biswas Sengupta, Dept. of Bengali, Kalyani University, WB

Review Committee :-

* Prof. Durba Deb, Assam University, Assam
* Prof. Milan Kanti Biswas, Viswavarati University, WB
* Prof. Sujit Paul, Vidyasagar University, WB
* Prof. Sushmita Chakraborty, Rajsahi University, Bangladesh
* Prof. Debarati Jana, Presidency University, WB
* Prof. Barunjyoti Choudhury, Assam University, Assam
* Prof. Kantarbhusan Nandi, LOKD College, Dhekiajuli, Assam
* Prof. Shantanu Roy Chowdhury, Pandu College, Assam
* Prof. Sibasish Chattyopadhya, Halakura College, Assam
* Prof. Abul Foyes Md. Malik, Digboi Mahila Mahavidyala, Assam
* Prof. Shyamananda Choudhury, Haflong Govt. College, Assam
* Prof. Kashinath Chakraborty, Sankardev College, Shillong, Meghalaya
* Prof. Gitanjali Nath, Lumding College, Assam

Editors :-

Jahnabi Das Bhattacharjee
(Mobile : 9435363267, E-mail : dbjjahnabi@gmail.com)
Sanjay Bhattacharjee
(Mobile : 9508622280, E-mail: brjsanjay24x7@gmail.com)
Cover : Samay
Publisher : Jhilam Das, Copyright : Publisher
Printed at : **Alfabita Impressions**, Kolkata 700142

সূচি

বাংলা বিভাগ

উষারঞ্জন ভট্টাচার্যের ভ্রমণ-সাহিত্য 'কেরলের জলে-ডাঙায়': সাহিত্যমূল্য বিচার ৫
ড. বরুণ কুমার সাহা

সেলিম আল দীনের 'চাকা' নাটকের বিষয় ভাবনা ও আঙ্গিক বৈচিত্র্য ১৪
ড. রূপশ্রী দেবনাথ

মেঘালয়ের নির্বাচিত বাংলা ছোটগল্প : রূপ ও পরিচয় ২৩
মুন্সী মহম্মদ সাইফুল আহমেদ

মহাভারতের নবরূপায়ণে সুনীল গঙ্গোপাধ্যায়ের 'অর্জুন' উপন্যাস: একটি আলোচনা ৩৪
প্রিয়া দাস

জয়া গোয়ালার ছোটগল্প: শ্রমজীবী মানুষের জীবনগাঁথা ৪২
তপতী দত্ত

পুরাণের অনুরণনে গিরিশচন্দ্র ঘোষ: প্রসঙ্গ প্রহ্লাদ-চরিত্র ৫০
ড. রীতা রাণী দে

১৩৫০-এর মন্বন্তর: নির্বাচিত উপন্যাসের আলোকে ৬৫
সুজন সাহা

পটশিল্পের মাধ্যমে সামাজিক বার্তা ও প্রতিরোধ: বীরভূমের লোককলা ঐতিহ্য ৭৪
মলয় মুখার্জী

উত্তর-পূর্বাঞ্চলের প্রাক ঔপনিবেশিক পর্বের সাহিত্য হেড়ম্বরাজ্যের দণ্ডবিধির 'ক' পুথিতে মনুসংহিতার প্রভাব ৮৪
সুচরিতা দাস

উনিশ শতকের সমাজ জীবন: প্রসঙ্গ ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের 'ময়না কোথায়' ৯৪
সুনন্দা ঘোষ

সমরেশ বসুর 'শ্রীমতি কাফে' উপন্যাস: রাজনৈতিক চেতনা ও সময়ের অনুষঙ্গ ১০৪
রাজেশ কর্মকার

Scanned with OKEN Scanner

চেতনা হয় এবং সরকার প্রতিশ্রুতি দেয় আগামী একমাসের মধ্যে উদ্বাস্তু কলোনির সবার নামে জমি রেজিস্ট্রি করা হবে। অতএব অর্জুন এই কুরুক্ষেত্রের যুদ্ধে বিজয়ী হয়।

৬. উপসংহার:

ঔপন্যাসিক সুনীল গঙ্গোপাধ্যায় অসাধারণ দক্ষতায় একজন বাস্তুহারা মানুষকে শিরদাঁড়া উঁচু করে মাথা তুলে দাঁড়ানোর এবং লক্ষ্যস্থির রেখে আত্মপ্রতিষ্ঠিত হওয়ার কাহিনি উপস্থাপন করেছেন এই 'অর্জুন' উপন্যাসটিতে। মহাভারতে দেখি পার্থসারথি শ্রীকৃষ্ণ যুদ্ধবিমুখ অর্জুনকে উপদেশ দিয়ে যুদ্ধমুখী করে তুলেছিলেন কিন্তু 'অর্জুন' উপন্যাসটিতে দেখা যায়, কুড়ি শতকের এই যুদ্ধক্ষেত্রে নায়ক অর্জুনের পাশে কেউই ছিল না। বরাবর সে ছিল নিঃসঙ্গ ও লক্ষ্যভেদী। ঔপন্যাসিক নায়ক অর্জুন এবং কাহিনিকে যেভাবে উপস্থাপন করেছেন, সেখানে মহাভারতের লড়াই, সংঘাত লুকিয়ে থাকে না বরং ইশারায় তা স্পষ্ট হয়ে উঠে। আর এভাবেই ঔপন্যাসিক সুনীল গঙ্গোপাধ্যায় আধুনিক যুগে যুদ্ধের স্বরূপটি তাঁর 'অর্জুন' উপন্যাসে বিপন্ন দেশকালের পরিপ্রেক্ষিতে ফুটিয়ে তুলেছেন এবং মহাভারতের যুদ্ধকে নবরূপে রূপায়িত করেছেন।

তথ্যসূত্র:

১। সুনীল গঙ্গোপাধ্যায়, 'অর্জুন', উপন্যাস সমগ্র ৩, আনন্দ পাবলিশার্স, প্রথম সংস্করণ, এপ্রিল ২০০৩, পৃষ্ঠা- ১৯০
২। তদেব, পৃষ্ঠা- ১৯৩
৩। তদেব, পৃষ্ঠা- ১৯৩
৪। তদেব, পৃষ্ঠা- ২২০
৫। তদেব, পৃষ্ঠা- ২০০
৬। তদেব, পৃষ্ঠা- ২৩০
৭। তদেব, পৃষ্ঠা- ২৪৩-২৪৪
৮। তদেব, পৃষ্ঠা- ২৪৫
৯। তদেব, পৃষ্ঠা- ২৬৩
১০। তদেব, পৃষ্ঠা- ২৬৩
১১। তদেব, পৃষ্ঠা- ২৬৪

জয়া গোয়ালার ছোটগল্প: শ্রমজীবী মানুষের জীবনগাঁথা

তপতী দত্ত

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, আর. জি. বরুয়া কলেজ

Abstract

Jaya Gowala is an eternal fiction writer from North-East India. The life stories of the tea gardeners of Tripura are the main subject of her writings. The simple, poor, uprooted people of the tea garden are her relatives. She has narrated the story of their struggle for survival based on her own real experience. The use of folk language 'Chilomilo' has given it a unique dimension. However, the poetic description of the life of the tea garden workers is not the only subject of her works; the scope of her creation is much wider. The stories of people from different professions have come up in her works. There are stories of both the upper and lower classes of society. On the one hand, she has pierced the hated hypocrisy, greed and injustice of the so-called upper class of society with sarcasm and satire. On the other hand, she has portrayed the life and suffering of the deprived working people in her literature with immense compassion. In this research article, how Jaya has given voice to the daily hemorrhage and boundless suffering of the oppressed, humiliated, exploited, hated and outcast working people of the society is discussed through her stories. This article will attempt to explore through her stories, how Jaya Gowala has depicted the working environment, family life, social and economic conditions, physical and mental exploitation and torture, and above all, their hopes and aspirations.

Key Words : *Tripura, short stories, tea garden, deprived working people, exploitation.*

১. ভূমিকা:

যেসব মানুষের ঘামের বিনিময়ে উঠে দাঁড়ায় সভ্যতার গগনচুম্বী মিনার, যাদের রক্ত জল করা পরিশ্রমের বিনিময়ে ঘুরে কলের চাক, মাটির তল থেকে উঠে আসে মুঠো মুঠো হীরা, মাঠে ফলে সোনার ফসল—অবিরত খেটে খাওয়া সেই শ্রমিক মানুষদের কথা রবীন্দ্রনাথ থেকে

Scanned with OKEN Scanner

শুরু করে আজ পর্যন্ত বিভিন্ন সাহিত্যিকেরা বিভিন্নভাবে অঙ্কন করেছেন বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথ তাঁর 'রাশিয়ার চিঠি' গ্রন্থে লিখেছিলেন— চিরকালই মানুষের সভ্যতায় একদল অখ্যাত লোক থাকে, তাদেরই সংখ্যা বেশি, তারাই বাহন; তাদের মানুষ হবার সময় নেই, দেশের সম্পদের উচ্ছিষ্টে তারা পালিত। সব চেয়ে কম খেয়ে, কম পরে, কম শিখে, বাকি সকলের পরিচর্যা করে; সকলের চেয়ে বেশি তাদের পরিশ্রম, সকলের চেয়ে বেশি তাদের অসম্মান। কথায় কথায় তারা রোগে মরে, উপোসে মরে, উপরওয়ালাদের লাথি ঝাঁটা খেয়ে মরে— জীবনযাত্রার জন্য যত-কিছু সুযোগ সুবিধে সব-কিছুর থেকেই তারা বঞ্চিত। তারা সভ্যতার পিলসুজ, মাথায় প্রদীপ নিয়ে খাড়া দাঁড়িয়ে থাকে— উপরের সবাই আলো পায়, তাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে।

মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি', 'শহরতলী', শরৎচন্দ্রের 'মহেশ', সমরেশ বসুর 'আদাব', সুবোধ ঘোষের 'ফসিল', তারাশঙ্করের 'তারিণী মাঝি', সুভাষ মুখোপাধ্যায়ের 'পদাতিক, সুকান্ত ভট্টাচার্যের 'রাণার', বিজন ভট্টাচার্যের 'দেবীগর্জন' আদি রচনায় এই শ্রমজীবী মানুষদের কথা উঠে এসেছে নানাভাবে। ত্রিপুরার মরমী কথাসাহিত্যিক জয়া গোয়ালা। সেখানকার চা- বাগানিয়াদের জীবনকাহিনি তাঁর রচনার প্রধান উপজীব্য। এক অপরিসীম মমতায় তিনি তুলে ধরেছেন শ্রমজীবী বঞ্চিত মানুষের জীবন যন্ত্রণার প্রতিচ্ছবি তাঁর সৃষ্ট সাহিত্য সমূহে।

জয়া গোয়ালার প্রথম গল্প 'পলাশপুরের মেয়ে' প্রকাশিত হয় ১৯৮৪ সালে 'উত্তরবার্তা' পত্রিকায়। ১৯৯৮ সালে প্রকাশিত হয় প্রথম গল্প সংকলন 'সনিয়া। প্রকাশক 'ত্রিপুরা দর্পণ'।সংকলনটিতে ছিল মোট নয়টি গল্প— 'স্বাধীনতার সোয়াদ', 'সনিয়া', 'বীজধান', 'গর্ভধারিণী', 'কাঁচি', 'অনাবাদী', 'জাতকুটুম', 'আনন্দা' ও 'বোনাস'। ২০০১ সালে আগরতলা বইমেলায় 'সৈকত' প্রকাশনী থেকে 'ছড়া জলের ছবি' নামক দ্বিতীয় গল্প সংকলনটি প্রকাশিত হয়েছিল 'কর্ম্মফল', 'ঐশব্দটা', 'দাবাগ্নি', 'থাবা' ও 'প্লটের খোঁজে' শীর্ষক পাঁচটি গল্প নিয়ে। ২০০১ সালের ডিসেম্বর মাসে 'রাজ্য উপকরণ কেন্দ্র' (স্টেট রিসোর্স সেন্টার) থেকে তাঁর 'শনিচরী', 'পাওয়া', 'তামাশা' 'গপ্পো বুড়ো' ও 'লতুন বই' নামক পাঁচটি গল্প নিয়ে প্রকাশিত হয় 'গল্পগুচ্ছ' নামক গল্প সংকলন। তাঁর অগ্রন্থিত গল্পের সংখ্যা প্রায় ৫৪টি। যার মধ্যে কিছু গল্প বিভিন্ন সময় বিভিন্ন পত্র-পত্রিকায় স্বতন্ত্রভাবে প্রকাশিত হয়েছিল।

জয়ার রচিত এই গল্পগুলির বিষয় বৈচিত্র আমাদের স্বীকার করতেই হয়। এর মধ্যে কয়েকটি গল্পে যেমন রয়েছে শিশু ও কিশোর জীবনের কথা। তেমনি কয়েকটিতে রয়েছে নারী মনস্তত্ত্বের বিশ্লেষণ। সমাজের উচ্চবিত্ত ও নিম্নবিত্ত দুটি শ্রেণির মানুষই যেমন স্থান করে নিয়েছে তাঁর গল্পগুলির মধ্যে। তেমনি রয়েছে বিভিন্ন পেশার মানুষের কথাও। অত্যন্ত নিরাসক্ত দৃষ্টি ও গভীর জীবনবোধ নিয়ে তিনি একের পর এক গল্প লিখে গেছেন তাঁর বাস্তবে দেখা চরিত্র ও ঘটনাগুলির অভিজ্ঞতায়। তাঁর সম্পর্কে তাঁর এক বন্ধু সমীর ধর যথার্থই বলেছেন, "আসলে জয়া গোয়ালা তো সত্যিকার অর্থে কোনও 'গপ্পো লেখেননি, লিখেছেন শ্রমজীবীদের জীবনকাব্য।"[৩]

২. গবেষণার উদ্দেশ্য:

জয়া গোয়ালার গল্পে প্রতিফলিত শ্রমজীবী মানুষের জীবন নিয়ে এই গবেষণা পত্রটির রচনার উদ্দেশ্য হল ত্রিপুরার শ্রমিক শ্রেণির, বিশেষত চা-শ্রমিকদের জীবনযাত্রার মান, তাদের আর্থিক ও সামাজিক অবস্থা ইত্যাদির বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করা। জয়া যেহেতু তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতার ভিত্তিতে এবং নিজের চোখে দেখা মানুষগুলোর জীবনাবলম্বনে তাঁর অধিকাংশ গল্পগুলি রচনা করেছিলেন, তাই এখানে বর্ণিত তথ্য সমূহ অনেক বেশি সত্য ও যথার্থ। তাই ত্রিপুরার শ্রমজীবী মানুষদের নিয়ে সামাজিক দলিল রচনার ক্ষেত্রে, তাদের অধিকার প্রতিষ্ঠা বা আশা- আকাঙ্ক্ষা সম্পর্কে অবহিত হওয়ার ক্ষেত্রে এই গবেষণা নিবন্ধটি বিশেষ সহায়ক হবে বলেই আশা করা যায়।

৩. গবেষণা পদ্ধতি:

এই গবেষণা অভিসন্দর্ভটি প্রস্তুত করার জন্য মূলত সাহিত্য পর্যালোচনা এবং বিশ্লেষণাত্মক পদ্ধতির ব্যবহার করা হয়েছে। পরিশেষে বিবরণধর্মী পদ্ধতিতে গবেষণাকর্মটির দ্বারা প্রাপ্ত ফলাফল তুলে ধরা হয়েছে গবেষণা নিবন্ধটিতে।

৪. আলোচনা:

"জয়ার লেখা সাহিত্যমহলে আদৃত হওয়ার পেছনে যাদের সাহায্য সহযোগিতা তারা হল মানুষ, বিভিন্ন পেষার মানুষ। তার লেখায় শ্রেণিদ্বন্দ্ব প্রবল থাকার মূল কারণ ছোটবেলা থেকেই দেখেছে মালিকের অত্যাচার ও শোষণ—যার থেক বাদ যায়নি তার পরিবার পরিজনেরাও। যার ফলে তার লেখায় ফুটে উঠেছে শ্রেণিদ্বন্দ্বের কথা শ্রমজীবী মানুষের জীবনযন্ত্রণার কথা।"[২]

জয়া গোয়ালার সম্পর্কে তাঁর স্বামী টনিলাল পাঁড়ের এই উক্তি অত্যন্ত যথার্থ। ত্রিপুরার চা- বাগান পরিব্যপ্ত গ্রামাঞ্চল থেকে উঠে আসা এক সাহিত্যিক জয়া। তাঁর ঠাকুরদার মাতৃভূমি ছিল মধ্যপ্রদেশের রেওয়াতে। অর্থনৈতিক বাধ্যবাধকতায় সেখানথেকে চলে এসে তিনি আখউড়া রেল স্টেশনে রেলওয়ে কর্মী হিসেবে কাজ আরম্ভ করেছিলেন। তাঁর মৃত্যুর পর তাঁর ছেলে মঙ্গল গোয়ালা কাজের সন্ধানে চলে আসেন মনতলা চা-বাগানে। শ্রমিক সর্দার ছিলেন তিনি। এই মনতলা বাগানেই জয়া গোয়ালার জন্ম। চা-শ্রমিক পরিবারের মেয়ে হিসেবে দারিদ্রের রূঢ় চেহারা দেখতে দেখতেই তিনি বড় হয়েছেন। জীবনই তাঁর শিক্ষক। নিজ জীবনাভিজ্ঞতাতেই তিনি জেনেছেন শ্রমজীবী মানুষদের জীবনযুদ্ধের কাহিনি। লেখিকার নিজের ভাষায়, "আমি ভালোবাসি মাটি। বারিপতনে মাটির সোঁদা সোঁদা গন্ধ। আর ভালবাসি মাটির মানুষদের। ধূপের মতো, ফুলের মতো যারা শুধু দিয়ে যায়, পায় না কিছুই, সেই বঞ্চিত লাঞ্ছিত কান্না-স্বেদ-রক্তঝরানো গণদেবতাদের কথাই আমার গল্পের উপজীব্য বিষয়। জানি না তা সমাজের কতটুকু কাজে আসবে কিংবা আদৌ আসবে কি না। তবু সামাজিক মানুষ হিসেবে সমাজের নীচুতলার রোদে পোড়া, ঘামে ভেজা মানুষদের আনন্দ বেদনা হাসিকান্না জীবনযন্ত্রণার বাস্তব রূপরেখা ফুটিয়ে তুলতে চেষ্টা করেছি কোরা কাগজের মিহিন বুকে।"[৩]

Scanned with OKEN Scanner

এভাবেই জয়া গোয়ালার রচনার উপাদান উঠে এসেছে জীবনের পরিচিত
থেকে, যার মধ্যে একটা বিরাট অংশ জুড়ে রয়েছে চা-বাগানের জনজাতীয় মানুষদের
যেখানে তাদের সামাজিক অবস্থান, পারিবারিক জীবন, অর্থনৈতিক অবস্থা, তাদের
সংস্কৃতি আদি অত্যন্ত নিখুঁতভাবে অঙ্কন করেছেন জয়া। তবে এই গবেষণামূলক
শুধুমাত্র জয়া গোয়ালার রচিত ছোটগল্পে চিত্রিত শ্রমজীবী মানুষদের সম্পর্কেই আলোক
করা হয়েছে, যা সমাজের এক গভীর বাস্তবকে উন্মোচিত করে। জয়া গোয়ালার রচনায়
শ্রমজীবী মানুষদের চিত্রায়ণ আসলে তাঁর সমাজ-সচেতনতারই পরিচায়ক। বাইরের
ঝলসানো আলোর অন্তরালে সমাজের অন্ত্যস্থলের যে গভীর আন্ধকার, দগদগে ঘা
রক্তক্ষরণ, তকে অত্যন্ত সমবেদনার সঙ্গে তুলে ধরেছেন জয়া তাঁর ছোটগল্পগুলির
শ্রমিক চরিত্রগুলির মধ্যে দিয়ে। এই প্রসঙ্গে মূলত তাঁর 'নতুন রং', 'সনিয়া', 'গর্ভধারিণী'
'কাঁচি', 'বোনাস', 'পরদেশী' আদি গল্পগুলির কথা উল্লেখ করতে হয়। এই গল্পগুলি
চরিত্রেরা প্রায় সকলেই নিম্ন শ্রেণির প্রতিনিধিত্ব করছে। জয়া গোয়ালা এই মানুষগুলি
জীবনযুদ্ধকে দেখাতে গিয়ে তাদের জীবকা নির্বাহের দিকটিকে তুলে ধরেছেন অত্যন্ত
বিশ্বস্ততার সঙ্গে। জয়ার গল্পের পাত্র-পাত্রীদের পেশাগত বৈচিত্রতা নিঃসন্দেহে পাঠকের দৃষ্টি
আকর্ষণ করে। এই গল্পগুলিতে প্রতিফলিত শ্রমজীবী মানুষদের জীবনকাহিনি সম্পর্কে এবার
একটু বিশদভাবে আলোচনা করা যেতে পারে।

জয়া গোয়ালার রচিত শ্রমজীবী মানুষদের জীবন কেন্দ্রিক গল্পগুলির আলোচনা প্রসঙ্গে প্রথমেই উল্লেখ করতে হয় এর বিচিত্র পটভূমি সম্পর্কে। জয়ার রচিত অধিকাংশ উপন্যাসের মতোই তাঁর বেশ কিছু ছোটগল্পেরও পটভূমি ত্রিপুরার চা-বাগান। যেমন– 'বোনাস', 'শনিচরী', 'পার্বতীয়া', 'দাবাগ্নি', 'পাওয়া' আদি গল্পগুলি। 'সনিয়া' গল্পটিতে রয়েছে ইটভাটার কাহিনি। পুলিশ ব্যারাকের হোমগার্ড নারায়ণ শীলকে নিয়ে রচিত হয়েছে 'কাঁচি' গল্পটি। 'পরদেশী' গল্পে রয়েছে সিনেমা হলের পার্শ্ববর্তী এক এলাকায় ইট পাথার ভাঙার কারখানার এক শ্রমিকের কথা। 'কর্ম্মফল' গল্পের পটভূমি শহরতলীর এক বস্তি। আবার 'মজুরী' গল্পে রয়েছে ক্ষেত মজুরদের প্রসঙ্গ।

জয়া গোয়ার ছোটগল্পে শ্রমজীবী মানুষদের জীবন সংগ্রামের চিত্রটি ফুটে উঠছে অত্যন্ত বিস্তৃত ভাবে। প্রতি পদক্ষেপেই তাদের সম্মুখীন হতে হয় এই জীবন সংগ্রামের। এই সংগ্রাম জীবিকার জন্য। সংগ্রাম নিজ অস্তিত্বকে বাঁচিয়ে রাখার জন্য। সংগ্রাম অর্থনৈতিক ও সামাজিক সংকটের সঙ্গে। শ্রমজীবীর এই জীবন সংগ্রামের বর্ণনাই রয়েছে 'নতুন রং' গল্পটিতে।

'নতুন রং' গল্পের নায়ক চিন্তাহরণ। রং মিস্ত্রির যোগালি সে। আখ্যা শহরের কত শত ঘর, দালানবাড়ি তার হাতের রঙে সেজে উঠছে। লোকে বলে তার হাতের রং পাকা। আবার কেউ বলে হাতে তার যাদু আছে। কিন্তু তার হাতের সেই যাদু তার নিজের ঘরটিকে কিছুতেই মায়াবি রঙে রাঙিয়ে তুলাত পারে না। এই না-পারার ব্যর্থতা হরপল্ তাকে চিন্তায়-চিন্তায় পাগল করে তোলে। মেয়ে তার বাবুদের বাড়ি ঠিকে ঝিয়ের কাজ করে বাইকে করে ফিরে রাতদুপুরে। বই খাতার যোগান ধরতে না-পারায় ছেলেও এলিভেনে উঠে পড়া বাদ দিয়েছে। এক মাফিয়া দাদার সাকরেদি করে দু-পয়সা উপার্জন করে। মেয়ে ও ছেলের

উপার্জনের এই পথ চিন্তাহরণকে ভাবায়। কিন্তু তাদেরকে এনিয়ে কিছু বলার উপায়ও তার নেই। মুখের উপর স্ত্রী শুনিয়ে দেয়,

> "রং মাইখ্যা সং সাজো গিয়া, সংসার করাত আইসো কেরে? মাগ পুলারে ভাত-কাপড় দেওনের ক্ষমতা নাই! মুখে মুখে পুদ্দারি। লজ্জাও নাই।"[৪]

কিন্তু চিন্তাহরণ স্ত্রীর কথায় রাগতে গিয়েও রাগতে পারে না। মনে হয়, তার বিরুদ্ধে আনা অভিযোগ ত সত্যিই। কী-ই বা খাওয়াতে পরাতে পারছে সে স্ত্রী-পুত্র-কন্যাকে রং মিস্ত্রির কাজ করে। তাই যখন সে শুনে বাবুদের ঘরে বাসন মাজা, ঘর মোছা, ধোয়াপাখলা করতে গিয়ে তার মেয়েটার কী এক ব্যারাম ধরেছে, যার ফলে কলতলায় গিয়ে গা ধুতেও তার শরম, তখন আর চিন্তাহরণ কোনো প্রশ্ন করতে পারে না। লোকের বাড়ি বাড়ি রঙের প্রলেপে লাগাতে গিয়ে তার নিজের ঘরটা যে বেরঙা হয়ে যাচ্ছে তার জন্য সে কিছুই করতে পারে না। আর সেটা চিন্তা করতে করতেই সিঁড়ির থেকে পড়ে তার মৃত্যু ঘটে।

পুরুলিয়া থেকে আগত মরশুমি শ্রমিক সনিয়া মুণ্ডার গল্প 'সনিয়া'। বছর চারেক আগে এগারো বছরের মেয়ে চাঁদনিকে নিয়ে ত্রিপুরায় এসেছিল সে। দাদন নিয়ে ইটভাটায় কারিগর হিসেবে যোগদান করতে না করতেই একদিন ম্যানেজার বাবু ডেকে নির্দেশ দিল তার জন্য মেয়ে সাপ্লাইর ব্যবস্থা করে দিতে। তা নাকরলে নাকি তার মজুরি কাটা যাবে। একদিকে মজুরি কাটার ভয় আর অন্যদিকে ডাবল মাইনের লোভে অনিচ্ছা সত্ত্বেও শেষপর্যন্ত সনিয়া কাজটিতে রাজি হয়ে যায়। ফলে অচিরেই:

> "এক পরিশ্রমী কারিগর হয়ে গেল মেয়ে পটানো দালাল।"[৫]

তার হাত দিয়ে কুলি লাইনের একের পর এক মেয়ে ম্যানেজারের কামনা-বাসনার শিকার হয়ে ধর্ষিত হতে থাকে। অনেকেই এর জন্য সনিয়াকে অভিশাপ দিয়ে বলে—দেখবি হামার মত তর বেটিরও দশা এমনই হবেক। সনিয়ার মনে তখন একটু অপরাধ বোধ জাগলেও, ডবল মাইনের সুখস্বপ্নে পরমুহূর্তেই সে সব ভুলে যায়। সকলের এই অভিশাপ যে একদিন সত্য হয়ে তার বুকেই ঘা বসাবে তা সে কল্পনাও করতে পারেনা।

তাই একদিন যখন সে ম্যানেজার বাবুর ইচ্ছানুযায়ী তার জন্য নতুন 'মালের' যোগান না ধরে দেববর্মা পাড়ায় লাঙ্গি খেতে চলে গিয়েছিল, তখন কামুক ম্যানেজার বাবু আর অন্য কোনো মেয়ে ভোগের সুবিধা না-পেয় ধর্ষণ করে সনিয়ারই মেয়ে চাঁদনীকে। আর সনিয়া মেয়ের এই পরিণতি সহ্য করতে না পেরে উম্মাদ হয়ে যায়।

বহু কষ্টে ও বহু স্বপ্নে হারান চাষীর সংরক্ষিত বীজধান কীভাবে ছেলের অসুস্থতার সময় বুকে পাথর চাপা দিয়ে বেঁচে দিতে হয়— তারই বর্ণনা রয়েছে 'বীজধান' গল্পটিতে।

নতুন ও পুরাতনের দ্বন্দ্ব নিয়ে লেখা জয়া গোয়ালার অন্যতম একটি ছোটগল্প 'কাঁচি'। এই গল্পটির সম্পর্কে তাঁর স্বামী টনিলাল পাঁড়ে তাঁর 'কাছ থেকে দেখা জীবনের ছবি এঁকেছেন জয়া" শীর্ষক স্মৃতিকথায় লিখেছেন: কাঁচি গল্পের ক্ষৌরকার নারায়ণ অর্থাৎ নারকা

Scanned with OKEN Scanner

আমাদের পুলিশ লাইনের ক্ষৌরকর্মী। নারকাকে নিয়ে লেখা গল্পটি শুনে ক্ষৌরকর্মী নারায়ণ জয়াকে বলেছিল— "বৌদি তুমি ক্যামনে আমার মনের কথা তুইল্যা ধইরলা"?[৬]

এখানেই তো একজন গল্পকারের সার্থকতা। এই 'কাঁচি' গল্পটিতে দেখা যায় আধুনিক সভ্যতার ক্রমবিকাশের ফলে পুরাতন ব্যবস্থার বিলুপ্তির সম্ভাবনা। মাঝবয়সী নারু ও নারায়ণ শীলের বাপ-ঠাকুরদার আমল থেকে চলে আসা জাত ব্যবসা ক্ষৌরকর্ম। কিন্তু আজ তার এই ব্যবসা বন্ধ হওয়ার পথে। ব্রাশ, কাঁচি, ডেটল, কাপড়, ফিটকিরি, রেজার, ক্রিম, বরোলিন সাবান আদিতে ভর্তি বাক্স হাতে এ বাড়ি থেকে ও বাড়িতে নারু ছুটে ছুটে গেলেও সে বুঝতে পারে—তার কাজ আর নবপ্রজন্মের মন জয় করতে পারছে না। যুগের হাওয়া নারুদের আসন টলাচ্ছে এখন। সেলুন-বিউটি পার্লার এসে এখন সেকেলে নাপিতদের ছুটি করিয়ে দিচ্ছে। কত যন্ত্রপাতি, কত সুগন্ধী। ফলে স্বাভাবিক ভাবেই মানুষের মন ঢলছে সেদিকে। কিন্তু এই নতুন ও পুরাতনের সংঘাতের মধ্যে পড়ে নারুদের মতো অচল হয়ে পড়া মানুষদের পেট চলবে কী করে, তা নিয়ে আর কেউ ভাবে না। আধুনিক সভ্যতার অগ্রগতির ফলে এক শ্রেণির শ্রমিকের জীবনে দেখা দেওয়া এই অস্তিত্বের সংকটই 'কাঁচি' গল্পের বিষয়বস্তু।

আধুনিক যন্ত্রসভ্যতার অগ্রগতি ও বিশ্বায়নের ফলে অতীতের জীবন ধারায় কীভাবে বহু পরিবর্তন ঘটে যাচ্ছে, কীভাবে মানুষের মধ্যে বেকারত্ব বৃদ্ধি পাচ্ছে তারই শৈল্পিক বিশ্লেষণ জয়া গোয়ালার "থাবা" নামক গল্পটি। এখানে একই সঙ্গে গল্পকার দুটি জীবিকার মানুষের অস্তিত্বের সংকটের কথা তুলে ধরেছেন। একদিকে বিদেশ থেকে অতি অল্প দামে উন্নত মানের চা-পাতা আমদানি হওয়ার ফলে মানুষ আর এখানকার স্থানীয় চা আধিক দামে কিনতে চাইছে না। ফলস্বরূপ একে একে চা-চাবাগানগুলি বন্ধ হতে শুরু করায় চা-বাগানের বহু শ্রমিক তাদের জীবিকা হারাতে বসেছে। অপরদিকে আধুনিক যন্ত্রসভ্যতার ক্রমোন্নতির ফলে এখনকার মানুষরা ধীরে ধীরে ভুলে গেছে চিঠি লেখার অভ্যাস। ফলে বন্ধ হাত চলেছে ডাকঘরগুলি। তাই অস্তিত্বের সংকট নেমে এসেছে শিবচরণ এর মতো ডাকঘরের কর্মচারিদের জীবনে। এই বয়সে চাকরি গেলে তারা বাঁচবে কীকরে! পরিবার পরিজনদেরকেই বা কী-করে প্রতিপালন করবে। তাই নিজ অস্তিত্বকে টিকিয়ে রাখার জন্য শিবচরণ (হাস্যকর ভাবে) সকলকে অনুরোধ করে চলে চিঠি লেখার অভ্যাস করতে। সেই সঙ্গে সে চিঠির বোঝা কাঁধে নিয়ে মাথার ঘাম পায়ে ফেলে ছুঁটে চলে এক কুকুরের সঙ্গে পাল্লা দিয়ে, "হালার য্যান মেইল গাড়ি! আমারেও হইতে হইব। সময় খুব তাড়াতাড়ি চলতাছে! চিঠিগুলি জলদি-জলদি পৌঁছান দরকার, এই হ্যাট, মেইল গাড়ি আইছে, হ্যাট...।"[৭]

লোকে বলে ভেসে যাওয়ার আগে মানুষ কুটোটিও আঁকড়ে ধরে। সেই খড়কুটো আঁকড়ে ধরে বেঁচে থকার প্রবল চেষ্টাই দেখা যায় যুগসন্ধি কালের 'রাণার' শিবচরণের চরিত্রটির মধ্যে।

'শহরতলির ঘণীভূত অন্ধকারের' কথা জয়া তুলে ধরেছেন তাঁর 'কম্মফল' গল্পটিতে। খেটে খাওয়া মানুষদের সেই পাড়াটির বর্ণনা দিয়েছেন গল্পকার এইভাবে, "বকুলীর পাড়াতে ভোর হয় বড্ড তাড়াতাড়ি। একদম ঘিঞ্জি ওদের পাড়াটা— একটার গা

লাগিয়ে আরেকটা ঘর। একটার চালের জল পড়ে অন্য একটার চালে। শহরটার গা ঘেঁষে থাকলেও এটা শহর নয়, গ্রাম নয়, পাড়া নয়। আর পাড়া হলেও যেন সে-রকম পাড়া নয়, যেমন অন্য পাড়াগুলি থকে। অন্য পাড়ার বাসিন্দারা নাক সিঁটকে তাকায় ওদের দিকে— ওদের পাড়ার দিকে। তাতে অবশ্য ওদের কিছু আসে যায় এমনটি নয়। ওদের রাগ হয়না, ব্যাথাও হয়না, কোনো রকম অনুভূতিই জাগে না। মনের ঐ আবেগগুলি সঞ্চারিত হবে, ধীরেসুস্থে ওরা উথলে উঠবে— অত সময় কোথা ওদের!"[৮]

দুই সন্তানের জননী বকুলী আবার তৃতীয়বার মা হতে চলেছে। মোরগ ডাকা ভোরে উঠে গৃহস্থলির কাজ চটপট সেড়ে সে যায় বুড়ো হাবড়া কেরাণী বাবুর বাড়ি ঝি-র কাজ করতে। বুড়োর নজর খারাপ হলেও টাকাটা ভালই দেয়। তাই সেই নজরকে উপেক্ষার চেষ্টা করে বকুলী। স্বামী তার রিক্সা চালায়। কিন্তু তবুও সংসারের অভাব-অনটন দূর হয় না। তাই বকুলী সেখান থেকে আবার ছুটে যায় রাজমিস্ত্রির যোগালীয় কাজ করতে। সিমেন্ট বালির মিশ্রণের গুঁড়া বানাতে বানাতে তার হাত-পায়ের অবস্থা প্রায় কুষ্ঠরোগীর মতোই। গলাপচা।

রাতের অন্ধকারে স্বামী-স্ত্রীতে মিলে তাদের এই দুরাবস্থার কারণ নির্ণয়ের চেষ্টা করে তারা। বকুলীর স্বামী রাখহরি বলে, এ সবই আসলে তাদের কম্মফল, "আমার রিকশার মালিক বেডাও কয় শাস্তরে লেখা আছে গরীবরা দুনিয়াত্ আইছে দুখ পাওনের লাইগ্যা। ইডা কপালের লেখা। ঠাউরই লেইখ্যা দিছে ষষ্ঠীর দিনে।"[৯]

কিন্তু তার এই যুক্তি কিছুতেই মেনে নিতে পারে না বকুলী, "বকুলীর মুখাবয়বে ক্রোধাগ্নি জ্বলে ওঠে— ঠাউরবেডা একটা আস্তা শয়তান এনা! আমরারে নরম পাইয়া খালি যন্ত্রণা দিতাছে। বেডারে পাইলে জিগাইতাম, তুই কি ধনী হগ্গলের ঘুষ খাইসস্ নি, গোলাইম্মার পুত!"

'গর্ভধারিণী' ও 'অনাবাদী' গল্প দুটিতেও রয়েছে শ্রমজীবী নারীর কথা। 'গর্ভধারিণী" গল্পের নায়িকা সাবিত্রী। মামার বাড়িতে বিনি পয়সায় ঝিগিরী করা সাবিত্রী চোখে অনেক স্বপ্ন নিয়ে স্বামীর ঘর করতে আসে। কিন্তু ঠেলাচালক তার স্বামী বিবাহের কিছুদিন পরই নানা রোগগ্রস্থ হয়ে বিছানা নেয়। গর্ভবতী সাবিত্রী তখন বৃদ্ধা শাশুড়ী, রুগ্ন স্বামী এবং অনাগত শিশুটির কথা ভেবে পাড়ার কয়েকটি ছেলের সহযোগীতায় চোরাই মাল পাচারের কাজে লেগে যায়। সে কাজ করতে গিয়ে তার গর্ভের সন্তানটিও নষ্ট হয় একদিন। কিন্তু তখনও সে সংসারের ভার বহনের জন্য গর্ভধারিণীর সাজে সজ্জিত হয়ে মাল পাচার করে চলে। আর এই ছলনার মধ্যেই যেন সে ভুলে থাকতে চেষ্টা করে তার গর্ভপাতের যন্ত্রণাকে। কিন্তু অবশেষে যখন একদিন সে ধরা পড়ে যায়, তার মাতৃত্বের নকল ভ্রূণ চলে যায় বি.এস. এফ এর জিম্মায়, সেদিন সাবিত্রীর মনে হয়, "যে ছলনা ওর সংসারটাকে জিইয়ে রেখেছে, ওকেও জিইয়ে রেখেছে, এতদিনকার শূন্যতা-গর্ভের রিক্ততা, নিঃস্বতার নির্মম উপলব্ধি থেকে দূরে সরিয়ে কল্পনার সুখ স্বপ্নে মশগুল করে রেখেছে ওকে, সে সুখটুকু থেকেও আজ বঞ্চিত হতে হল তাকে।"[১০]

'অনাবাদী' গল্পের লক্ষ্মী তার স্বামী ও জায়ের অবৈধ সম্পর্কের বিষয়ে জানাত পেরে তার প্রতিবাদে স্বামীর ঘর থেকে বেরিয়ে এসে মায়ের ভিটেতে আশ্রয় নেয়। তবে মায়ের

Scanned with OKEN Scanner

কাছে আশ্রয় নিলেও, নিজের ভরণ-পোষণের খরচ সংগ্রহ করে সে নিজের মেহনতে
"দিনরাত্রি দেহক্ষয়, শক্তিক্ষয়ের মধ্য দিয়ে কালের চাকা ঘুরতে থাকে। হাতুড়ি দিয়ে
ভাঙা, চষা ক্ষেতে রোয়া লাগানো, পাকা ধানের শীষ কাটা, কড়াই-কড়াই 'গুড়া' বওয়া
মজবুত যুবতী হাত শিথিল হতে থাকে। ... হাতুড়ী ধরা হাত মুড়ি ভাজায় নামে এক
সংঘর্ষ। মহাজনের ধান বাকিতে আনতে হয়। ঝড়-বাদলে মুড়ি ভাল না হলে বিকোয়
ধান দিতে চায়না 'মাজন'। ... যৌবনের মেহনতি লক্ষ্মী শেষ বয়াস মাথা কুটে।"[১১]

কিন্তু তার পরও সে পরাজয় স্বীকার করে না। নিজেকেই নিজে প্রেরণা দেয় ন
করে শক্তি সঞ্চয় করে মুড়ি বিক্রি করতে যাবার জন্য।

'জাত কুটুম', গল্পে রয়েছে হোটেলের কিশোর শ্রমিকদের কথা। 'আনন্দা' গল্প
আনন্দ এক গণিকা। 'বোনাস' ও 'শনিচরী'তে বর্ণিত হয়েছে পাতিওয়ালীর জীবনকথা।
ভাবে জয়া গোয়ালা তাঁর ছোটগল্পগুলির মধ্যে শ্রমজীবী মানুষদের জীবন, তাদের সাংসারি
ও সামাজিক অবস্থান, তাদের আর্থিক সংগ্রাম আদিকে অত্যন্ত নিখুঁত ভাবে পাঠকের সাম
তুলে ধরেছেন।

৫. উপসংহার:

জয়া গোয়ালা তাঁর ছোটগল্পগুলির মাধ্যমে শ্রমজীবী মানুষদের যে প্রতিচ্ছবি তুলে ধরেছে
সেখানে তাদের কষ্ট, অভাব-অভিযোগ, তাদের সংগ্রাম আদি বিশেষ ভাবে অঙ্কিত হয়েছে
তবে কেবল এই দুঃখ কষ্টের বর্ণনা দিয়েই জয়া তাঁর গল্প রচনা সমাপ্ত করেননি। তাঁর
কয়েকটি গল্পেই তিনি শুনিয়েছিন আশার বাণী। যেমন 'মজুরী' গল্পটি। দৈন্য, দারিদ্র
বিষাদময়তার মরণকামড়ে প্রতিনিয়ত জর্জরিত কৃষিক্ষেত্রের শ্রমিকেরা তাদের প্রতি দয়াশীল
শ্রমিকবন্ধু মাস্টার বাবুর বুদ্ধিতে একদিন ঐক্যবদ্ধ আন্দোলন শুরু করে তাদের কাজে
মজুরি বৃদ্ধি করে দেওয়ার দাবিতে। এই আন্দোলনের জন্য মজুরনীরা ঝুমুর গায় :

পাঁচটা আঙ্গুল এক কর ভাই
হবেক একটা মুঠা
এই মুঠার জোর বেজান রে ভাই
আর সব ঝুঠা।[১২]

চাষীদের এই সম্মিলিত আন্দোলনের ফলে কীভাবে অবশেষে তাদের মজুরী বৃদ্ধি করতে
রাজী হয়েছে মালিকপক্ষ তারই সুন্দর বর্ণনা তুলে ধরেছেন জয়া 'মজুরী' গল্পটিতে।

'শনিচরী' গল্পে শনিচরী পাতিওয়ালী তার লেখাপড়া জানা দিদির কাছ থেকে তাদের
পাওনা- গণ্ডার যথার্থ হিসেব সম্পর্কে ওয়াকিবহল হয়ে ওঠে। শুধু তাই নয় তার থেকে
শনিচরী উপলব্ধি করে লেখাপড়া শিখার গুরুত্ব এবং ঠিক করে এবার থেকে সে-ও লেখাপড়া
করবে বাকি সকলের সঙ্গে মিলে।[১৩] আর 'পাওয়া' গল্পে মালতী নামে এক স্বামী-সন্তানহারা
পাতিওয়ালী কীভাবে লেখাপড়া শিখে, পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হয়ে, সমস্ত চা-
শ্রমিকদের পাশে দাঁড়িয়েছিল এবং অঞ্চলের সকলের ভালবাসার একজন হয়ে উঠছিল,
তারই গল্প শুনিয়েছেন জয়া।[১৪]

এইরূপে জয়া গোয়ালার রচিত শ্রমজীবী কেন্দ্রিক ছোটগল্পগুলি বিশ্লেষণ করলে দেখা যায় যে বিভিন্ন পেশার শ্রমিকদের দুঃখ-বেদনা-শোষণ-সংগ্রামের ছবি এঁকেই ক্ষান্ত হননি জয়া। তারই পাশাপাশি তাদের আশা-স্বপ্ন ও সেই স্বপ্ন পূরণের কথাও অতি যত্ন সহকারে অঙ্কন করেছেন তাঁর গল্পগুলির মধ্যে দিয়ে। আসলে মানুষ যত দুঃখ-কষ্টের মধ্যেই থাকুক না কেন সে যদি চায় তবে সেখান থেকে উত্তরণের পথও যে সে তৈরি করে নিতে পারে এই চরম সত্যটি গল্পকার উপলব্ধি করেছিলেন নিজ জীবনাভিজ্ঞতাতেই। তাই তাঁর গল্প কেবল শ্রমজীবী মানুষদের জীবন সম্পর্কে তথ্য প্রদানের মধ্যেই সমাপ্ত হয়ে যায় না। তাদের মুক্তির এক পথও নির্দেশ করে। এখানেই জয়া গোয়ালার শ্রেষ্ঠত্ব। উপযুক্ত সুযোগ-সুবিধে ও পথ নির্দেশ পেলে এই শ্রমজীবী মানুষগুলিও যে তাদের দুঃখ দুর্দশার, অপমান ও লাঞ্ছনার জীবন থেকে বেরিয়ে এসে এক সুন্দর ও সম্মানের জীবন লাভ করতে পারবে, তাদের সন্তান ও দেশকে দিতে পারবে এক নতুন ভবিষ্যত তারই বার্তা এই গবেষণা নিবন্ধটির সারমর্ম।

তথ্যসূত্র:

১। ধর, সমীর; 'জয়া-জয় করতে থাকবেন'; উত্তরবার্তা, জয়া গোয়ালা স্মরণ সংখ্যা, ২০২১, পৃষ্ঠা- ৭
২। পাঁড়ে, টনিলাল; 'প্রথম গল্প পলাশপুরের মেয়ে, শেষ গল্প ভালো আছি'; উত্তরবার্তা, পূর্বোক্ত; পৃষ্ঠা-১০
৩। গোয়ালা, জয়া; 'কয়েকটি কথা', সনিয়া: গল্প সংকলন; উল্লিখিত- তপোধীর ভট্টাচার্য, ভূমিকা- 'জয়া গোয়ালার কথাকৃতি: বিলম্বিত পুনঃপাঠ, জয়া গোয়ালা রচনা সমগ্র; ২০১৯; মুখাবয়ব প্রকাশন, আগরতলা; পৃষ্ঠা- ১২
৪। গোয়ালা, জয়া; রচনা সমগ্র; ২০১৯; মুখাবয়ব প্রকাশন, আগরতলা, পৃষ্ঠা- ৬৯৭
৫। পূর্বোক্ত, পৃষ্ঠা- -৭৩৯
৬। পাঁড়ে, টনিলাল; 'কাছ থেকে দেখা জীবনের ছবি এঁকেছেন জয়া'; উল্লিখিত—অমিত ঘোষ, 'জয়া গোয়ালার সাহিত্য: একটি সংক্ষিপ্ত আলোচনা'; ত্রিপুরার জন্য অহর্নিশ (স্মরণপত্র), পৃষ্ঠা- ৫১
৭। গোয়ালা, জয়া; রচনা সমগ্র; পূর্বোক্ত, পৃষ্ঠা- ৮৯৩
৮। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৮২২
৯। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৮২৪
১০। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৭৫৫
১১। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৭৭১
১২। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৯২৮
১৩। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৮০৩
১৪। পূর্বোক্ত, পৃষ্ঠা- ৮০৭

Scanned with OKEN Scanner